


# স্পেশাল এডুকেশন সার্ভিসের ফ্যামিলিগাইড

## স্কুল-বয়সী ছেলেমেয়ের জন্য







NYC Department of Education



# উপরিচিত্র

## এটা কীসের গাইড?

**স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য এই স্পেশাল এডুকেশন সার্ভিসের পারিবারিক গাইড** তৈরি করা হয়েছে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) কীভাবে 5 থেকে 21 বছর বয়সী কোন শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজনীয়তা আছে কি নেই তা নিশ্চিত করে এবং DOE কীভাবে স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদান করে, সে ব্যাপারে আপনাদেরকে তথ্য প্রদানের জন্য। আপনি যদি 3 থেকে 5 বছর বয়সী প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস সম্পর্কে জানতে আগ্রহী হন, তাহলে **প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের পারিবারিক নির্দেশিকা দেখুন।**।

আপনার সন্তান DOE স্কুল, চার্টার স্কুল, প্রাইভেট বা প্যারোকিয়াল স্কুল, কিংবা কোন অনুমোদিত হোম স্কুলিং প্রোগ্রাম - যেখানেই থাকুক, এই গাইড স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সম্পর্কে তথ্য প্রদান করে।

## স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) কী?

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের ব্যক্তিক চাহিদা পূরণের জন্য স্পেশাল এডুকেশন বিভিন্ন সার্ভিস, প্রোগ্রাম ও বিশেষভাবে প্রস্তুতকৃত শিক্ষানির্দেশনা অন্তর্ভুক্ত করে। যেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে, তাদের ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (ব্যক্তিক শিক্ষা কর্মসূচি, IEP) থাকে। IEP তৈরি করে একটি টিম, যার মধ্যে আপনি, অর্থাৎ পিতামাতা অন্তর্ভুক্ত। এতে আপনার সন্তানের আগ্রহ, সামর্থ্য, চাহিদা এবং লক্ষ্য সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত থাকবে। এটি একটি নকশা যাতে অন্তর্ভুক্ত থাকবে স্পেশাল এডুকেশন শিক্ষানির্দেশনা, সহায়তা, এবং পরিষেবাসমূহের কথা, যা আপনার সন্তানকে বেড়ে উঠায় ও স্কুলে সফল হওয়াতে প্রয়োজন। IEP একটি আইনগত নথি যাতে বর্ণিত থাকে DOE কীভাবে আপনার সন্তানকে একটি **ফ্রি. অ্যাপ্রোপ্রিয়েট এডুকেশন (ফ্রি যথোপযুক্ত সরকারি শিক্ষা, FAPE)** প্রদান করবে এমন একটি **লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ, LRE)-এ** যা আপনার সন্তানের চাহিদা পূরণের জন্য উপযুক্ত। LRE বলতে বুঝায় আপনার সন্তান স্কুলে ও ক্লাসরুমে দিনের যত বেশি সময় সম্ভব প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে থাকবে।

আপনি যদি সন্তানকে আপনার নিজের খরচে কোন প্রাইভেট বা ধর্মীয় স্কুলে ভর্তি করে থাকেন, তাহলে আপনার সন্তানকে **পিতামাতার দ্বারা ভর্তি** বলে গণ্য করা হবে। পিতামাতার দ্বারা ভর্তি যে শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিস প্রয়োজন, সে সার্ভিসের জন্য শুধু **ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন সার্ভিসেস প্ল্যান, IESP))** লাভ করবে।

## আমি কীভাবে এই গাইড ব্যবহার করবো?

এই গাইড স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সম্পর্কে বিশদ তথ্য প্রদান করে। এটা আপনাকে জানাবে:

- আপনি যদি মনে করেন আপনার সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে, তাহলে আপনাকে যা যা করতে হবে **সেকশন 1**;
- প্রারম্ভিক মূল্যায়নের জন্য আপনি কীভাবে রেফারাল চাইবেন **সেকশন 2**;
- কীভাবে মূল্যায়ন ও IEP তৈরির প্রক্রিয়াতে অংশগ্রহণ করবেন **সেকশন 2** এবং **3**;
- আপনার সন্তান যেসব সার্ভিসের যোগ্য, DOE কীভাবে সেগুলো আয়োজন করবে **সেকশন 4**;
- আপনার সন্তান কোন্ স্পেশাল এডুকেশন সাপোর্ট ও সার্ভিস পেতে পারে **সেকশন 4**;
- আপনি যদি আপনার সন্তানের জন্য সুপারিশকৃত প্রোগ্রাম এবং/অথবা সার্ভিসগুলোর সাথে একমত না হন, তাহলে আপনি কী করতে পারেন **সেকশন 5**;
- হাই স্কুল থেকে গ্রাজুয়েট হতে হলে আপনার সন্তানকে কি করতে হবে **সেকশন 6**;
- আপনি কীভাবে আপনার সন্তানকে কলেজ, টেকনিকেল স্কুল, কর্মজগত এবং/অথবা স্বাধীন জীবনযাপন শুরুর পরিকল্পনা করায় সহায়তা করতে পারেন **সেকশন 7**; এবং
- আপনাকে ও আপনার সন্তানকে সহায়তা প্রদানের জন্য যেসব তথ্য-উপকরণ রয়েছে **সেকশন 8**।

# বিষয়সূচি

## এক নজরে


পৃষ্ঠা iv	এক নজরে


সেকশন 1

## আমার সন্তানের কি স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে?


পৃষ্ঠা 2	হস্তক্ষেপের ফলাফল
পৃষ্ঠা 2	এরপর কী হবে? আপনার সন্তানের কি বাড়তি সহায়তার প্রয়োজন আছে?


সেকশন 2

## স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার শুরু


পৃষ্ঠা 3	প্রাথমিক সুপারিশ প্রক্রিয়া
পৃষ্ঠা 4	সম্মতি ও গোপনীয়তার অধিকার
পৃষ্ঠা 5	প্রাথমিক মূল্যায়ন
পৃষ্ঠা 5	দ্বিভাষীক মূল্যায়ন
পৃষ্ঠা 6	স্বাধীন মূল্যায়ন
পৃষ্ঠা 6	মূল্যায়নের সময়রেখা


সেকশন 3

## IEP মিটিং


পৃষ্ঠা 7	মূল্যায়নের পরে
পৃষ্ঠা 7	IEP মিটিংয়ের শ্রেণিবিভাগ
পৃষ্ঠা 9	যোগ্যতা
পৃষ্ঠা 9	প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ
পৃষ্ঠা 12	IEP মিটিংয়ের জন্য প্রস্তুতি
পৃষ্ঠা 13	IEP টিম সদস্য


সেকশন 4

## ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)


পৃষ্ঠা 17	পিতামাতার অর্থে ভর্তি শিক্ষার্থীদের রূপরেখা
পৃষ্ঠা 17	IEP উপরিচিত্র
পৃষ্ঠা 20	স্পেশাল এডুকেশন কর্মসূচি ও পরিসেবাসমূহ
পৃষ্ঠা 23	রিলেটেড সার্ভিসেস
পৃষ্ঠা 25	রিলেটেড সার্ভিসের সুপারিশ
পৃষ্ঠা 27	1–32 ডিস্ট্রিক্টসমূহের স্কুলগুলোতে স্পেশালাইজড প্রগ্রাম
পৃষ্ঠা 32	বিশেষ ব্যবস্থা ও পরিবর্তন

সেকশন 5
## IEP তৈরির পর: পরিষেবার ব্যবস্থা করা
পৃষ্ঠা 35 পরিসেবার ব্যবস্থা করা
পৃষ্ঠা 36 পরিবহনের ব্যবস্থা করা
পৃষ্ঠা 36 স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য পিতামাতার সম্মতি
পৃষ্ঠা 37 মেডিকেড বিলের জন্য সম্মতি
পৃষ্ঠা 37 ভর্তির সময়রেখা

সেকশন 6
## IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন
পৃষ্ঠা 39 হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়া
পৃষ্ঠা 39 ডিপ্লোমা বাছাই
পৃষ্ঠা 40 কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল
পৃষ্ঠা 41 ডিপ্লোমার শর্ত

সেকশন 7
## হাই স্কুল পরবর্তী জীবন—কলেজ, পেশা এবং মাধ্যমিক পরবর্তী পরিকল্পনা
পৃষ্ঠা 43 স্থানান্তরকালীন পরিকল্পনা
পৃষ্ঠা 44 স্থানান্তরকালীন পরিষেবার শর্তাবলি পর্যালোচনা
পৃষ্ঠা 44 স্থানান্তর ও বৃত্তিমূলক মূল্যায়ন
পৃষ্ঠা 46 স্থানান্তর ও IEP
পৃষ্ঠা 48 স্থানান্তরকালীন পরিকল্পনার ভূমিকা

সেকশন 8
## সহায়তাপ্রাপ্তি
পৃষ্ঠা 50 পিতামাতাদের অধিকার
পৃষ্ঠা 51 সমস্যা নিরসন
পৃষ্ঠা 55 গুরুত্বপূর্ণ যোগাযোগ ও তথ্য-উপকরণ

সেকশন 9
## বাড়তি গুরুত্বপূর্ণ তথ্য
পৃষ্ঠা 59 পরিভাষা তালিকা

# এক নজরে

আপনার সন্তানকে আপনি সবচেয়ে ভালো জানেন। আপনার সন্তানের জন্য সম্ভাব্য সেরা শিক্ষার ব্যবস্থা করায় আপনার ধারণা, মতামত এবং পরামর্শ সবচেয়ে গুরুত্বপূর্ণ। প্রতিবন্ধিতাযুক্ত সকল ছেলেমেয়ের সে সুযোগ লাভের, যাকে বলা হয় **বিনামূল্যে যথোপযুক্ত সরকারি শিক্ষা (ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (অবৈতনিক যথোপযুক্ত সরকারি শিক্ষা, FAPE) অধিকার রয়েছে**। আপনার সন্তানকে সফল হতে সহায়তা করার জন্য সবচেয়ে উপযুক্ত একটি প্রোগ্রাম তৈরির জন্য আপনার সন্তানের স্কুল স্টাফের সাথে কাজে আপনাকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এই গাইড তৈরি করা হয়েছে।



## সেকশ্ন 1 আমার সন্তানের কি স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে?


### সূচনা থেকে প্রশ্ন জিজ্ঞেস শুরু করুন | পৃষ্ঠা দেখুন 1

আপনি যদি বিশ্বাস করেন আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিসেবা প্রয়োজন, সঠিক প্রশ্নটি করা আপনার জন্য সহায়ক। এখানে কিছু প্রশ্ন দেওয়া হলো যা আপনি জিজ্ঞাসা করতে চাইতে পারেন:

- ক্লাসরুমে আমাদের সন্তান কী করতে সক্ষম ও কোন্‌টি তার কাছে দুরূহ?
- আমার সন্তানের যখন সহায়তার প্রয়োজন হয়, আপনি কীভাবে তাকে সহায়তা দেন?
- আপনার কাছে কী আমার সন্তানের কাজের কিছু নমুনা আছে যা আমরা একসাথে দেখতে পারি?
- আমার সন্তান কী তার বয়সের জন্য প্রত্যাশিত মাত্রায় শিখছে ও বেড়ে উঠছে?
- আমার সন্তান কীভাবে অন্য শিক্ষার্থীদের সাথে ক্লাসরুমে মেলামেশা করে?
- কম্যুনিটিতে এমন কোন প্রোগ্রাম আছে কি, যা আমার সন্তানকে সহায়তা দিতে পারে?
- এমন কোন শিক্ষামূলক কর্মকাণ্ড আছে কি, যা আমি বাড়িতে বা আশেপাশের এলাকায় করতে পারে?
- যখন আমরা একসাথে পাঠ করি, তখন আমার সন্তানকে জিজ্ঞাসা করতে পারি, এমন কী প্রশ্ন আছে?
- আমার সন্তানকে যখন হোমওয়ার্কে সমস্যায় পড়ে, তখন আমি কীভাবে সহায়তা করতে পারি?

## সেকশন 2 স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার শুরু

### স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার ধাপসমূহ*




### ধাপ 1: প্রাথমিক সুপারিশ বা রিকোয়েস্ট ফর রেফারেল | পৃষ্ঠা দেখুন 3

আপনার সন্তানের কোন প্রতিবন্ধিত্ব আছে কি না এবং তার বিশেষ শিক্ষা পরিসেবা প্রয়োজন কিনা, এটি নির্ধারণ করা। আপনার সন্তানের স্কুল কর্মকর্তাগণ প্রক্রিয়া শুরু করতে পারেন একটি **প্রাথমিক সুপারিশ** দ্বারা, অথবা অন্য কোন ব্যক্তির **সুপারিশের অনুরোধ (রিকোয়েস্ট ফর রেফারেল)** দ্বারা।

প্রাথমিক সুপারিশ করা হয়ে যাওয়ার পর আপনাকে একটি সোশ্যাল হিস্ট্রি (সামাজিক বৃত্তান্ত) মিটিং-এ আমন্ত্রণ জানান হবে। স্কুলের একজন সোশ্যাল ওয়ার্কার স্পেশাল এডুকেশন প্রক্রিয়াটি ব্যাখ্যা করবেন এবং আপনার সন্তানকে মূল্যায়নের জন্য আপনার লিখিত অনুমতির অনুরোধ জানাবেন।

### ধাপ 2: মূল্যায়ন | পৃষ্ঠা দেখুন 4

আপনি সম্মতি দেওয়ার পর আপনার সন্তানের বেড়ে ওঠার ইতিহাস ও আচরণ, সে কী জানে ও কীভাবে সে শেখে, এবং তার দক্ষতা, সক্ষমতা, ও দুর্বল ক্ষেত্রগুলো চিহ্নিত করার জন্য তাকে মূল্যায়ন করা হবে। প্রতিবন্ধিত্বের সন্দেহ করা হচ্ছে, তেমন বিষয়গুলোর সাথে সংশ্লিষ্ট সবগুলো ক্ষেত্রে DOE মূল্যায়ন পরিচালনা করবে।

আপনার সন্তানের বাড়ির ভাষা যদি ইংরেজি না হয় তাহলে মূল্যায়ন দ্বিভাষিক হতে পারে।

### ধাপ 3: IEP মিটিং | পৃষ্ঠা দেখুন 7

মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর আপনি মূল্যায়ন নিয়ে আলোচনা এবং আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য যোগ্য কি না সেটা নির্ধারণের জন্য IEP মিটিং-এ অংশগ্রহণ করবেন। আপনার সন্তান যদি যোগ্য হয়, তাহলে IEP টিম—যেটির আপনি একজন গুরুত্বপূর্ণ সদস্য, —একটি **ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (ব্যক্তিক শিক্ষা কর্মসূচি, IEP)** তৈরি করবে। আপনার সন্তান যদি একটি প্রাইভেট বা ধর্মীয় স্কুলে পড়ে এবং সে স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য হয়, তাহলে টিম একটি **ইনডিভিজুয়ালাইজড এডুকেশন্যাল সার্ভিসেস প্ল্যান (ব্যক্তিক শিক্ষাগত পরিষেবা পরিকল্পনা, IESP)** তৈরি করবে। IESP সম্পর্কে আরো তথ্য জানতে পৃষ্ঠা 17 দেখুন।

* এই প্রক্রিয়ার যে কোন অবস্থায় নির্ণীত হতে পারে যে আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য নয় বা তার প্রয়োজন নেই। (আরও তথ্যের জন্য 9 নং পৃষ্ঠায় যোগ্যতা দেখুন।)

**IEP মিটিং-এ আপনার ভূমিকা | পৃষ্ঠায় দেখুন 12**

আপনি এ মিটিং-এ শিক্ষক ও অন্যান্য পেশাদারদের সাথে অংশগ্রহণ করবেন যারা আপনার সন্তানকে জানেন, মূল্যায়নে অংশগ্রহণ করেছেন, এবং/অথবা আপনার সন্তানকে যারা পরিষেবা দেবেন। **পৃষ্ঠা দেখুন 13 IEP টিম সদস্যদের সম্পর্কে আরও তথ্যের জন্য**।

আইনগতভাবে আপনি IEP টিমের একজন আবশ্যিক সদস্য এবং আপনার মতামত গুরুত্বপূর্ণ। IEP মিটিং-এ আপনাকে:

- কীভাবে আপনার সন্তান শিখে এবং তার আগ্রহ কীসে, সে ব্যাপারে মতামত প্রদান করতে হবে;
- শুধু পিতামাতার দ্বারাই জানা সম্ভব, আপনার সন্তান সম্পর্কে এমন তথ্য জানাতে হবে;
- স্কুলে কাজ করার জন্য আপনার সন্তানের প্রয়োজন সম্পর্কে অন্যান্য টিম সদস্যগণ কী ভাবেন এবং কী সুপারিশ করেন, সেটা শুনতে হবে;
- আপনার সন্তান স্কুলে যা শিখছে, সেগুলো বাড়িতে ব্যবহার করছে কি না, সে ব্যাপারে রিপোর্ট দিতে হবে; এবং
- সকল টিম সদস্যদের সম্পর্কে প্রশ্ন করতে হবে।

**ধাপ 4: স্পেশাল এডুকেশন সার্ভিসের ব্যবস্থা করা** | পৃষ্ঠা দেখুন 35

প্রাথমিক IEP তৈরির পর DOE স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদানের জন্য আপনার লিখিত সম্মতি দিতে বলবে। আপনার কাছ থেকে সম্মতি পাওয়ার পর DOE আপনার সন্তানের IEP-তে তালিকাভুক্ত প্রোগ্রাম ও পরিষেবার আয়োজন করবে।

**ধাপ 5: বা্ষিক মূল্যায়ন/পুনর্মূল্যায়ন** | পৃষ্ঠা দেখুন 7

আপনার সন্তানের অগ্রগতি পর্যালোচনার জন্য আপনার সন্তানের IEP টিম বছরে অন্তত একবার মিলিত হবে। এটাকে বলা হয় **বার্ষিক পর্যালোচনা**। তিন বছর অন্তর অন্তর একবার করে **পুনর্মূল্যায়ন** করতে হয়, যদি না আপনি ও DOE তার কোন প্রয়োজন নেই বলে লিখিতভাবে একমত হন। একটি হলো **বাধ্যতামূলক ত্রি-বার্ষিক পুনর্মূল্যায়ন**। এছাড়াও আপনি বা স্কুলের স্টাফ পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারবেন, কিন্তু সেটা বছরে একবারের বেশি হতে পারবে না, যদি না অন্যথায় আপনি এবং DOE লিখিতভাবে একমত হন।

## সেকশন **3** ইন্ডিভিজুয়েলাইজড্ প্রোগ্রাম (IEP)

### যোগ্যতা নির্ধারণ | পৃষ্ঠা দেখুন 9

আপনার সন্তান নিচে বর্ণিত **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** অনুযায়ী এক বা একাধিক মানদণ্ডের ভিত্তিতে স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্য কি না, IEP টিম তা নির্ধারণ করবে:

- অটিজম
- শিখন প্রতিবন্ধিত্ব
- অন্যান্য স্বাস্থ্যগত বৈকল্য
- বধিরতা
- বুদ্ধি প্রতিবন্ধিত্ব
- বাক অথবা ভাষাগত প্রতিবন্ধিত্ব
- বধিরতা-অন্ধত্ব
- বহু-প্রতিবন্ধিত্ব
- মস্তিষ্কে আঘাতজনিত জখম
- আবেগজনিত সমস্যা
- অস্থিজনিত প্রতিবন্ধিত্ব
- দৃষ্টি প্রতিবন্ধিত্ব
- শ্রুতি বৈকল্য

### IEP কী? | পৃষ্ঠা দেখুন 17

আপনার সন্তানের অনন্য চাহিদা পূরণ করার জন্য IEP হলো স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদান পরিকল্পনার লিখিত বর্ণনা। এতে আপনার সন্তানের সুনির্দিষ্ট তথ্য এবং এসব চাহিদা পূরণের জন্য তৈরি শিক্ষাগত কর্মসূচি অন্তর্ভুক্ত থাকে, যার মধ্যে আছে:

- স্কুলে ও বার্ষিক লক্ষ্য অর্জনের পথে আপনার সন্তানের বর্তমান সাফল্য;
- রিলেটেড সার্ভিসসহ স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিস;
- স্টেট ও ডিস্ট্রিক্ট ভিত্তক পরীক্ষা, পরীক্ষায় বিশেষ ব্যবস্থা ও ডিপ্লোমার লক্ষ্য;
- কতো তারিখ থেকে, কখন, কতো ঘন ঘন, কোথায় এবং কতো কাল ধরে পরিষেবা প্রদান করা শুরু হবে;

- আপনার সন্তানের অগ্রগতি পরিমাপের উপায়;
- হাই স্কুল পরবর্তী জীবনের লক্ষ্য ও এই স্থানান্তরের সহায়ক কর্মকাণ্ড।

## সেকশন 4 স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সাভিস

### কী প্রত্যাশিত: স্কুল-বয়সীদের স্পেশাল এডুকেশন সার্ভিস | পৃষ্ঠা দেখুন 20

IEP টিম, যে টিমের আপনি একজন গুরুত্বপূর্ণ সদস্য, বিবেচনা করবে কীভাবে আপনার সন্তানকে সাহায্য করা যাবে যাতে সে যতটুকু পর্যন্ত সম্ভব, এমনসব ছেলেমেয়েদের সাথে পড়ালেখা করতে পারবে যারা প্রতিবন্ধিতাযুক্ত নয়। এটাকে বলে আপনার সন্তানের **ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট, LRE)**। আপনার সন্তানকে তার ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে সহায়তা প্রদানের জন্য যেসব প্রোগ্রাম ও সার্ভিসলাভের সুযোগ আছে, এই সেকশন তার রূপরেখা প্রদান করে। IEP টিম আপনার সন্তানের জন্য বিবেচনা করতে পারে, এখানে সে ধরনের কিছু সুপারিশকৃত সার্ভিসের তালিকা দেওয়া হলো:

- সাধারণ শিক্ষা (জেনারেল এডুকেশন)
- রিলেটেড সার্ভিস সহ সাধারণ শিক্ষা
- বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবাসহ সাধারণ শিক্ষা
- সমন্বিত সহ-শিক্ষকতা পরিষেবা (কো-টিচিং সার্ভিসেস, SETSS) (পূর্ণকালীন অথবা খন্ডকালীন)
- বিশেষ ক্লাস পরিষেবা (স্পেশাল ক্লাস সার্ভিস) (পূর্ণকালীন অথবা খন্ডকালীন)
- ডিস্ট্রিক্ট 75 স্কুল স্পেশালাইজড প্রোগ্রাম
- দিবা অথবা আবাসিক সংস্থান
- বাড়িতে এবং হাসপাতালে শিক্ষানির্দেশনা

## সেকশন 5 IEP তৈরি করার পর: পরিষেবার ব্যবস্থা করা

### পরিষেবার ব্যবস্থা করা | পৃষ্ঠা দেখুন 35

IEP মিটিং সমাপ্ত হওয়ার পর IEP টিম আপনাদেরকে প্রিন্ট করা খসড়া IEP থেকে সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সাভিস-এর একটি কপি দেবে। সভার দুই সপ্তাহের মধ্যে চূড়ান্ত সংস্করণ IEP-এর একটি কপি পাবেন। যখন DOE পরিষেবার ব্যবস্থা করে, তখন আপনার সন্তানকে তার বর্তমান স্কুলে রাখার জন্য সর্বতো চেষ্টা করবে।

### সম্মতি প্রদান | পৃষ্ঠা দেখুন 36

যদি আপনার সন্তান কখনও স্পেশাল এডুকেশন সার্ভিস না নিয়ে থাকে, তাহলে আমরা সার্ভিস শুরুর জন্য আপনার লিখিত অনুমতি চাইবো। পূর্ব লিখিত নোটিস (Prior Written Notice)-এর নিচে আপনাদেরকে বলা হবে স্পেশাল এডুকেশন সার্ভিসের সম্মতি প্রদান করতে এবং তালিকাভুক্ত ঠিকানায় তা জমা দিতে। আপনি যদি সম্মতি না দেন, তাহলে আপনার সন্তান সুপারিশকৃত সার্ভিস ছাড়াই সাধারণ শিক্ষায় থেকে যাবে।
আপনি সকল বাধ্যতামূলক IEP-তে বাধ্যতামূলক আপনার সম্মতি প্রত্যাহার করতে পারবেন **লিখিত দিয়ে**, যে কোন সময়, কিন্তু আপনি আংশিক স্পেশাল এডুকেশন সার্ভিস ও রিলেটেড সার্ভিস প্রত্যাহার করতে পারবেন না।

### ভর্তির সময়রেখা | পৃষ্ঠা দেখুন 37

এটা যদি আপনার সন্তানের প্রথম মূল্যায়ন হয়, তাহলে আপনি আপনার সন্তানের মূল্যায়নের জন্য সম্মতি প্রদানের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে আপনার সন্তানকে ভর্তি করা হবে। আপনার সন্তান যদি ইতোমধ্যে স্পেশাল এডুকেশন সার্ভিস পেয়ে থাকে, তাহলে আপনার সন্তানের পুনর্মূল্যায়নের অনুরোধ জানানর তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে আপনার সন্তানকে ভর্তি করা হবে।

## section 6 IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন

### হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশন | পৃষ্ঠা দেখুন 39

একটি তরুণ-তরুণীর জীবনের অগ্রগতির ক্ষেত্রে হাই স্কুল গ্র্যাজুয়েশন একটি গুরুত্বপূর্ণ ধাপ অতিক্রমের স্মারক। হাই স্কুল গ্র্যাজুয়েশনের প্রস্তুতিতে শিক্ষার্থী ও পিতামাতাদের শর্তসমূহ জানা এবং তাদের লক্ষ্যসমূহ অর্জনে সহায়তা প্রদানের

জন্য প্রয়োজনীয় পদক্ষেপসমূহ গ্রহণ করা প্রয়োজন। নিউ ইয়র্ক স্টেট শিক্ষার্থীদের নিম্নলিখিত বিষয়গুলো থেকে বেছে নেওয়ার সুযোগ দেয়:

- অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমা
- রিজেন্টস ডিপ্লোমা
- লোকাল ডিপ্লোমা
- নন-ডিপ্লোমা কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল

এই সেকশনে ডিপ্লোমার শর্ত সম্পর্কে একটি সংক্ষিপ্ত বর্ণনা রয়েছে। গ্র্যাজুয়েশনের বাধ্যবাধকতা সম্পর্কে সবচেয়ে হালনাগাদ তথ্য পেতে, এবং আপনার সন্তানের মিডল্ ও হাই স্কুলের পথপরিক্রমা সম্পর্কে পরিকল্পনার জন্য অন্যান্য মূল্যবান তথ্য-উপাত্ত পেতে হলে নিম্নলিখিত ওয়েবপেজ দেখুন: **https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirements**

## সেকশন 7 হাই স্কুল পরবর্তী জীবন

### স্থানান্তর পরিকল্পনা | পৃষ্ঠা দেখুন 43

স্থানান্তর পরিকল্পনা একটি প্রক্রিয়া যা IEP-যুক্ত শিক্ষার্থীদের হাই স্কুল পরবর্তী জীবনের প্রস্তুতি নিশ্চিতকরণে ব্যবহার করা হয়। পিতামাতা হিসেবে স্থানান্তর পরিকল্পনায় আপনার অংশগ্রহণ আপনার সন্তানের সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ। আপনার সন্তানের লক্ষ্য, আগ্রহ এবং সামর্থ্যের প্রতিফলনকারী একটি স্থানান্তর পরিকল্পনা তৈরির জন্য আপনার সন্তানের স্কুলের স্টাফদের সাথে আপনি কাজ করবেন।

### স্থানান্তরকালীন পরিষেবার শর্তাবলির উপরিচিত্র | পৃষ্ঠা দেখুন 44

স্থানান্তরকালীন পরিষেবা হলো একটি সমন্বিত কর্মকাণ্ডগুচ্ছ যা আপনার সন্তানকে  আপনার সন্তান যখন 14 বছর বয়সী হবে, তখন থেকে শুরু করে, স্কুল থেকে হাই স্কুল পরবর্তী জীবনে স্থানান্তরে সহায়তা করবে। এসব কর্মকাণ্ড আপনার সন্তানের জন্য অবশ্যই আলাদা হতে হবে এবং তার সামর্থ্য, অগ্রাধিকার ও আগ্রহকে বিবেচনায় রেখে করতে হবে।

স্থানান্তর পরিকল্পনা ও পরিষেবা একটি প্রক্রিয়া যা আপনার সন্তানের পুরো স্কুলের অভিজ্ঞতা জুড়ে চলে এবং সমাপ্ত হয় 'স্টুডেন্ট এক্সিট সামারি' (শিক্ষাসমাপনী সারসংক্ষেপ)-এর মাধ্যমে। স্টুডেন্ট এক্সিট সামারি আপনার সন্তানের সামর্থ্য, সক্ষমতা, চাহিদা ও সীমাবদ্ধতা সম্পর্কে অর্থবহ ধারণা প্রদান করে এবং তা যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থা ও মাধ্যমিক-পরবর্তী শিক্ষা, কর্মক্ষেত্র ও কম্যুনিটিতে আপনার সন্তানের যোগ্যতা প্রতিষ্ঠায় সহায়তা করবে।

## সেকশন 8 সহায়তা প্রাপ্তি

### পিতামাতার অধিকার | পৃষ্ঠা দেখুন 50

আপনার সন্তানের অধিকার আছে ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (অবৈতনিক যথোপযুক্ত সরকারি শিক্ষা, FAPE) পাওয়ার, এবং পিতামাতা হিসেবে আপনার অধিকার আছে এতে সংশ্লিষ্ট থাকার এবং প্রক্রিয়াটি সম্পূর্ণ জানার। আপনার সন্তানের লেখাপড়া সম্পর্কে স্কুলের নেওয়া সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার অধিকার আপনার আছে এবং ব্যবধান ঘুচানোর জন্য মধ্যস্থতা বা পক্ষপাতহীন শুনানির অনুরোধ জানাবার, এবং নিরপেক্ষ শুনানির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার অধিকার আপনার আছে।

### উদ্বেগ নিরসন | পৃষ্ঠা দেখুন 51

আপনার সন্তানের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিস সম্পর্কে আপনার সহায়তা প্রয়োজন হলে বা প্রশ্ন থাকলে সমাধানের জন্য বিভিন্ন ধাপ রয়েছে যা আপনি গ্রহণ করতে পারেন। আরও তথ্যের জন্য পৃষ্ঠা 51 দেখুন।

সেকশন 1

# আমার সন্তানের কি স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে?

আপনার সন্তানকে আপনি সবচেয়ে ভালো জানেন। এই কারণে আপানার সন্তানের শিক্ষার পথপরিক্রমা স্থির করায় আপনার মতামত খুবই গুরুত্বপূর্ণ। সাফল্যের জন্য আপনার সন্তান যাতে প্রয়োজনীয় সার্ভিস ও সহায়তা লাভ করে, সেটা নিশ্চিত করার জন্য আপনার সন্তানের স্কুলের স্টাফগণ আপনার সাথে কাজ করার জন্য প্রস্তুত।

ছেলেমেয়েরা ভিন্ন ভিন্ন গতিতে এবং ভিন্ন ভিন্ন পন্থায় শেখে। কিছু ছেলেমেয়ের শারীরিক এবং/অথবা বুদ্ধি প্রতিবন্ধিত্ব আছে। কেউ কেউ শুধু একটি ক্ষেত্রে সমস্যাগ্রস্থ, যেখানে অন্যদের রয়েছে বহুবিধ প্রতিবন্ধিত্ব। প্রতিবন্ধিতাযুক্ত সকলে ছেলেমেয়ের অধিকার আছে বিনামূল্যে ও উপযুক্ত সরকারি শিক্ষা **(FAPE)** লাভ করার এবং যতটুকু পরিমাণ সম্ভব, তাদের প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের পাশাপাশি লেখাপড়া করার সুযোগ লাভের।

আপনার সন্তানের যদি কোন প্রতিবন্ধিতা থাকে, তাহলে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) আপনার কোন অর্থব্যয় ছাড়াই বিশেষভাবে তৈরি স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদান করবে যাতে তার ব্যক্তিগত চাহিদা পূরণ হয়।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়জন আছে, তাহলে আপনার সন্তানের শিক্ষকের (শিক্ষকদের) সাথে কথা বলা জরুরি। আপনার সন্তান স্কুলে কেমন করছে, সে ব্যাপারে তারা আপনাকে তথ্য দিতে পারেন এবং আপনার সন্তান বাড়িতে কেমন করছে, সে তথ্য আপনি জানাতে পারেন। আপনার সন্তানের বর্তমান ক্লাসে কোন সহায়তা দেওয়া হবে, সেটা নির্ধারণে সহায়তা প্রদানের জন্য সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন। বিশেষ শিক্ষা পরিসেবা অন্তর্ভুক্ত না করে আপনার সন্তানের সাধারণ শিক্ষার কর্মসূচিকে অভিযোজিত করা যায়।

## শুরু থেকে প্রশ্ন করুন!

**আপনি যেসব প্রশ্ন করতে পারেন:**

- ক্লাসরুমে আমাদের সন্তান কী করতে সক্ষম ও কোন্‌টি তার কাছে দুরূহ?
- আমার সন্তানের যখন সহায়তার প্রয়োজন হয়, আপনি কীভাবে তাকে সহায়তা দেন?
- আপনার কাছে কী আমার সন্তানের কাজের কিছু নমুনা আছে যা আমরা একসাথে দেখতে পারি?
- আমার সন্তান কী তার বয়সের জন্য প্রত্যাশিত মাত্রায় শিখছে ও বেড়ে উঠছে?
- আমার সন্তান কীভাবে অন্য শিক্ষার্থীদের সাথে ক্লাসরুমে মেলামেশা করে?
- কম্যুনিটিতে এমন কোন প্রোগ্রাম আছে কি, যা আমার সন্তানকে সহায়তা দিতে পারে?
- এমন কোন শিক্ষামূলক কর্মকাণ্ড আছে কি, যা আমি বাড়িতে বা আশেপাশের এলাকায় করতে পারে?
- যখন আমরা একসাথে পাঠ করি, তখন আমার সন্তানকে জিজ্ঞাসা করতে পারি, এমন কী প্রশ্ন আছে?
- আমার সন্তানকে যখন হোমওয়ার্কে সমস্যায় পড়ে, তখন আমি কীভাবে সহায়তা করতে পারি?

**প্রকাশের জন্য তথ্য:**

- কী করলে আপনার সন্তান সবচেয়ে ভালো করে?
- আপনার সন্তানের বিশেষ পারদর্শিতা, সমস্যা, ও আগ্রহ কিসে?
- স্কুলের বাইরে আপনার সন্তান কী করতে পছন্দ করে?
- ইতিবাচক আচরণ ও শিক্ষণে উৎসাহিত করতে বাড়িতে আপনি কী করেন?
- কোন ক্ষেত্রগুলোতে আপনার সন্তানের বাড়তি সহায়তা প্রয়োজন হয়?

# বিশেষ শিক্ষা পরিসেবা অন্তর্ভুক্ত না করে আপনার সন্তানের সাধারণ শিক্ষার কর্মসূচিকে অভিযোজিত করা যায়।

## হস্তক্ষেপের ফলাফল

আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞেস করুন আপনার সন্তানের বর্তমান ক্লাসে বা স্কুলে সহায়তা লাভ সম্ভব কিনা। আপনার সন্তানের জন্য হয়ত এসব সহায়তারই প্রয়োজন। বিশেষ শিক্ষা পরিসেবা অন্তর্ভুক্ত না করে আপনার সন্তানের সাধারণ শিক্ষার কর্মসূচিকে অভিযোজিত করা যায়।

**রেসপন্স টু ইন্টার্ভেনশন (হস্তক্ষেপের ফলাফল, RtI)** হলো একটি প্রক্রিয়া যা স্কুলগুলো আলাদাভাবে শিক্ষার্থীদের সাথে শিক্ষণ অনুশীলন এবং তাদের জন্য সবচেয়ে কার্যকর সহায়তার স্তর মানানসইকরণে ব্যবহার করে। আপনি যেখানে যে কোন সময় স্পেশাল এডুকেশন মূল্যায়নের জন্য সুপারিশ করতে পারেন, পাবলিক স্কুলগুলো রেফারেলের আগে RtI প্রয়োগ করবে।

### কীভাবে এটি কাজ করে:

RtI একটি তিন স্তরের মডেল। প্রতিটি ধাপে প্রয়োজনীয়তা আছে, এমন শিক্ষার্থীদের অধিক সহায়তা প্রদান করে।

- **ধাপ 1:** সকল শিক্ষার্থীর জন্য। এটি একটি উচ্চ-মান সম্পন্ন, পৃথকীকৃত শিক্ষানির্দেশনা যা একটি সাধারণ শিক্ষার ক্লাসরুমে প্রদান করা হয়।
- **ধাপ 2:** কিছু শিক্ষার্থীদের জন্য। এতে অন্তর্ভুক্ত থাকতে পারে ক্ষুদ্র দলগত শিক্ষানির্দেশনা এবং/অথবা বাড়তি শিক্ষানির্দেশনার সময়।
- **ধাপ 3:** স্বল্পতর সংখ্যক শিক্ষার্থীদের জন্য। আপনার সন্তানের প্রয়োজনকে উদ্দেশ্য করে এর অন্তর্ভুক্ত আছে অধিক নিবিড় শিক্ষানির্দেশনা ও উপকরণ বা প্রোগ্রাম।

### যে শিক্ষকগণ RtI ব্যবহার করেন, তারা যা করবেন:

- আপনার সন্তানের দক্ষতা এবং/অথবা আচরণ মূল্যায়ন করবেন।
- সাধারণ শিক্ষার ক্লাসে সকল শিক্ষার্থীকে দেওয়া শিক্ষানির্দেশনার চাইতে আপনার সন্তানের অধিক সহায়তা প্রয়োজন কি না, তা নির্ণয় করবেন।
- প্রয়োজনে হস্তক্ষেপ করবেন।
- আপনার সন্তানের অগ্রগতির প্রতি লক্ষ্য রাখবেন যাতে হস্তক্ষেপ কাজ করছে কি না, নিশ্চিত হতে পারেন, অন্যথায় প্রয়োজনমাফিক হস্তক্ষেপকে সংশোধন করবেন।

আপনাকে সংশ্লিষ্ট করা হবে যদি আপনার সন্তান ধাপ 2 বা ধাপ 3 সহায়তা বা হস্তক্ষেপ লাভ করে, এবং আপনার সন্তানের স্কুল অর্জিত অগ্রগতির প্রতি লক্ষ্য রাখা সম্পর্কিত তথ্য প্রদানের জন্য প্রস্তুত রাখবে। RtI সম্পর্কে আরও জানতে, আপনার স্কুলে বাড়তি তথ্যের জন্য যোগাযোগ করুন কিংবা NYSED—A Parent's Guide to Response to Intervention (হস্তক্ষেপের ফলাফল বিষয়ে একটি পিতামাতা নির্দেশিকা) দেখুন http://www.p12.nysed.gov/specialed/RTI/parent.htm ওয়েবপেজে। আপনি আচরণগত সহায়তা সম্পর্কে আরও জানতে পারেন https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/behavior-supports সাইটে।

## এরপর কী? আপনার সন্তানের কি বাড়তি সহায়তার প্রয়োজন আছে?

আপনি যদি আপনার সন্তানের শিক্ষকের (শিক্ষকদের) এবং অন্যান্য স্কুল স্টাফের সাথে কথা বলে থাকেন, তাহলে আপনি হয়তো অনুভব করতেও পারেন যে আপনার সন্তানের বাড়তি সহায়তার প্রয়োজন। আপনি যদি অব্যাহতভাবে সন্দেহ করেন যে আপনার সন্তানের কোন প্রতিবন্ধিত্ব থাকতে পারে, তাহলে আপনি বা DOE স্টাফ একটি স্পেশাল এডুকেশন সার্ভিস মূল্যায়নের জন্য সুপারিশ করতে পারেন। মূল্যায়ন হলো আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কি না, তা নির্ণয়ের জন্য একটি ধারাবাহিক মূল্যায়ন। আপনি যে কোন সময় স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য সুপারিশ করতে পারেন। একটি রেফারেল বা সুপারিশ কীভাবে করতে হয়, জানার জন্য সেকশন 2: 'স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার শুরু' দেখুন।

সেকশন

# 2 স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার শুরু

## প্রাথমিক সুপারিশ প্রক্রিয়া

আপনার সন্তানের প্রতিবন্ধিত্ব আছে কি না কিংবা তার স্পেশাল এডুকেশন সার্ভিস প্রয়োজন কি না, সেটা নির্ণয়ের প্রথম পদক্ষেপ হলো একটি প্রাথমিক মূল্যায়নের সুপারিশ, যা **প্রাথমিক সুপারিশ** হিসেবেও পরিচিত। প্রাথমিক সুপারিশ **অবশ্যই লিখিত হতে হবে।** আপনি, আপনার DOE স্কুলের প্রিন্সিপ্যাল, কিংবা কমিটিজ অন স্পেশাল এডুকেশন (CSE) চেয়ারপার্সন সুপারিশ করতে পারেন। আপনি যদি সুপারিশ করেন, তাহলে আপনাকে:

- আপনার সন্তানের বেড়ে ওঠা, শিক্ষা, এবং আচরণ সম্পর্কে আপনার উদ্বেগ ব্যাখ্যা করুন
- আপনি স্পেশাল এডুকেশন মূল্যায়নের অনুরোধ জানাচ্ছেন, সেটা বলুন



- আপনার সন্তান যদি কোন পরিষেবা গ্রহণ করে থাকে বা বর্তমানে গ্রহণ করে, তাহলে তার তালিকা দিন
- আপনার সন্তানের পূর্ণ, আইনি নাম ও জন্মতারিখ অন্তর্ভুক্ত করুন
- আপনার নাম, ঠিকানা ও ফোন নম্বর
- পরিবারের অগ্রবিবেচ্য ভাষা উল্লেখ করুন, (যদি তা হয় ইংরেজি ভিন্ন অন্য কোন ভাষা হয়)

### আপনি কোথায় রেফারেল পাঠান?

**পাবলিক স্কুলের শিক্ষার্থী**

প্রিন্সিপ্যাল বা স্কুলের অন্য স্টাফের কাছে লিখিত অনুরোধপত্র ডাকযোগে, ফ্যাক্সে, ইমেইলে কিংবা হাতে হাতে জমা দিন।

**প্রাইভেট, ধর্মীয় বা চার্টার স্কুলের শিক্ষার্থীরা কিংবা স্কুলে ভর্তি নেই এমন শিক্ষার্থীরা**

আপনার স্থানীয় CSE-এর কাছে অনুরোধপত্র ডাকযোগে, ফ্যাক্স-এ কিংবা হাতে হাতে জমা দিন। পড়ুন **গুরুত্বপূর্ণ যোগাযোগ ও তথ্য-উপাত্ত** সেকশন 8-এ: CSE-এর যোগাযোগের তথ্য পেতে সহায়তা লাভ।

### পিতামাতা/অভিভাবক ছাড়া অন্য কে প্রাথমিক সুপারিশ করতে পারবে?

আপনার সন্তান যে DOE স্কুলে পড়ে, সে স্কুলের প্রিন্সিপ্যাল প্রাথমিক সুপারিশ করতে পারেন। আপনার সন্তান যদি কোন স্কুলে ভর্তি না থাকে বা কোন চার্টার স্কুলে বা বেসরকারি/প্রাইভেট স্কুলে থাকে, তাহলে CSE চেয়ারপার্সন একটি রেফারেল করতে পারবেন। আপনার CPSE কীভাবে খুঁজে পাবেন, সেটা জানতে দেখুন **গুরুত্বপূর্ণ যোগাযোগ ও তথ্য-উপকরণ** অংশ।

### একজন শিক্ষক বা স্বাস্থ্যসেবা প্রদানকারী কি প্রাথমিক সুপারিশ জানাতে পারেন?

শিক্ষক এবং লাইসেন্সধারী চিকিৎসক **অনুরোধ** জানাতে পারবেন যেনো DOE একটি শিক্ষার্থীকে প্রাথমিক মূল্যায়নের সুপারিশ করে। অন্য যেসব ব্যক্তি প্রাথমিক সুপারিশের অনুরোধ জানাতে পারবেন, তাদের মধ্যে আছে:

- আপনার সন্তান যে স্কুলে যায় বা যাওয়ার জন্য যোগ্য, সেখানকার **একজন পেশাদার স্টাফ;**
- **একজন বিচারিক কর্মকর্তা;**
- ওয়েলফেয়ার, স্বাস্থ্য কিংবা ছেলেমেয়ের শিক্ষা বিষয়ক দায়িত্বে নিয়োজিত কোন সরকারি এজেন্সির **পেশাদার স্টাফ;**
- একজন শিক্ষার্থী, যার বয়স 18 বছর বা বেশি, কিংবা যে স্বনির্ভর নাবালক, সে **শিক্ষার্থী**।

যখন এ ধরনের কোন একজন ব্যক্তি সন্দেহ করেন যে একজন শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে, তাহলে তারা একটি প্রাথমিক সুপারিশের জন্য প্রিন্সিপ্যাল বা CSE চেয়ারপার্সনের কাছে অনুরোধ জানাতে পারেন।

অনুরোধ পাওয়ার 10 স্কুল দিবসের মধ্যে প্রিন্সিপ্যাল বা CSE চেয়ারপার্সন নিচের দুটির একটি করবেন:

- রেফারেল (সুপারিশ) প্রক্রিয়া শুরু করবেন (নিচে দেখুন); কিংবা
- আপনাকে রেফারেলের অনুরোধের কপি দেবেন, আপনাকে জানাবেন যে আপনি নিজেই আপনার সন্তানের জন্য সুপারিশ (রেফার) করতে পারবেন, এবং আপনার সন্তানের প্রয়োজন মেটানোর জন্য অপর যে সব কৌশল রয়েছে (যেমন RtI), সেগুলো সম্পর্কে কথা বলার জন্য আপনার সাথে সাক্ষাতের সুযোগ দেবেন। আপনি একটি **নোটিস অভ রিকোয়েস্ট ফর ইনিশিয়াল রেফারেল** পাবেন যাতে এ প্রক্রিয়ার বিস্তারিত বর্ণনা থাকবে।

### রেফারেল সম্পন্ন হওয়ার পর

আপনাকে একটি **নোটিস অভ রেফারেল লেটার, প্রসিডিউরাল সেফগার্ড নোটিস (পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তি)**-এর একটি কপি, এবং **নোটিস অভ সোশ্যাল হিস্ট্রি মিটিং, সামাজিক ইতিহাস বিষয়ক সভা)** পাঠানো হবে। এসব উপকরণ:

- Explain your rights (আপনার অধিকারের ব্যাখ্যা ব্যাখ্যা প্রদান করে);
- আপনার কোন প্রশ্ন থাকলে যে ব্যক্তির কাছে ফোন করতে হবে, তার ফোন নম্বর পাওয়া যাবে; এবং
- আপনাকে স্কুলের সোশ্যাল ওয়ার্কারের সাথে সাক্ষাত করতে বলবেন **সোশ্যাল হিস্ট্রি মিটিং**-এ মিলিত হওয়ার জন্য। মিটিং চলাকালে আপনার অগ্রবিবেচ্য ভাষায় বা যোগাযোগের মাধ্যমে আপনার সকল অধিকারের ব্যাখ্যা দেওয়া হবে। আপনার অনুরোধে সভায় একজন দোভাষীর ব্যবস্থা রাখা হবে।

## সম্মতি ও গোপনীয়তার অধিকার

আপনার **সোশ্যাল হিস্ট্রি (সামাজিক ইতিহাস) সভা** চলাকাল আপনাকে প্রাথমিক মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে ধারণা দেওয়া হবে এবং তারপর একটি **প্রারম্ভিক মূল্যায়নে সম্মতি** ফর্ম-এ সই দিতে বলা হবে। স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের জন্য বিবেচিত হতে হলে আপনার সন্তানের মূল্যায়নের জন্য আপনাকে অবশ্যই সই দিতে হবে। আপনি যদি প্রাথমিক মূল্যায়নের জন্য সম্মতি ফরম-এ সই **না** দেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে আপনার সন্তানকে মূল্যায়ন করা **হবে না।**

আপনাকে স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ও অন্যান্য রেকর্ড DOE-এর কাছে প্রকাশের অনুমতি দিতে বলা হবে। এটা IEP টিমকে বাইরের এজেন্সি বা ডাক্তারদের কাছ থেকে রিপোর্টসমূহ পাওয়ার অধিকার দেবে যা হতে পারে আপনার সন্তানের মূল্যায়নের জন্য গুরুত্বপূর্ণ। রিলিজ ফর্ম-এ আপনার সই দেওয়াতে বাধ্যবাধকতা নেই, তবুও আপনাকে দিতে উৎসাহিত করা হয়, কারণ রেকর্ডসমূহ IEP টিমকে আপনার সন্তানের চাহিদাসমূহ ভালোভাবে বুঝতে সহায়তা করবে। আপনি যদি এসব রেকর্ড প্রকাশের অধিকার দেন, তাহলে DOE সেগুলোর নিরাপত্তা ও গোপনীয়তা বজায় রাখবে।

IEP-সহ আপনার সন্তানের সকল স্পেশাল এডুকেশন রেকর্ড—গোপনীয় নথি। DOE-এর ইলেক্ট্রনিক ডেটা সিস্টেমে সেগুলো সুরক্ষিত রাখা হয়।

## প্রাথমিক মূল্যায়ন

আপনার লিখিত সম্মতি প্রদানের পর DOE-এর হাতে 60 ক্যালেন্ডার দিবস থাকবে আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়ন সম্পন্ন করার জন্য। যেসব ক্ষেত্রে প্রতিবন্ধিত্বের সন্দেহ হচ্ছে, তার সাথে সংশ্লিষ্ট সবগুলো ক্ষেত্রে DOE মূল্যায়ন পরিচালনা করবে। এসব মূল্যায়ন আপনার সন্তানের দক্ষতা, সক্ষমতা এবং দুর্বলতার ক্ষেত্র পরিমাপ করে। প্রাথমিক মূল্যায়নের মধ্যে থাকবে:

- আপনার সন্তানের অগ্রগতি ও পারিবারিক তথ্য জানার জন্য আপনার সাথে একটি **সোশ্যাল হিস্ট্রি ইন্টারভিউ**;
- আপনার সন্তান কী জানে ও কীভাবে শেখে, সেটা দেখার জন্য একটি **সাইকোএডুকেশন্যাল মূল্যায়ন**;
- আপনার সন্তানকে তার বর্তমান ক্লাসরুমে **পর্যবেক্ষণ**;
- বৃত্তিমূলক দক্ষতা এবং আগ্রহ নির্ণয়ের জন্য 12 বছর বা বেশি বয়সী শিক্ষার্থীর ক্ষেত্রে একটি **বৃত্তিমূলক মূল্যায়ন** যাতে অন্তর্ভুক্ত আছে স্কুলের রেকর্ড পর্যালোচনা, শিক্ষকের মূল্যায়ন, এবং পিতামাতা ও শিক্ষার্থীর সাক্ষাৎকার; এবং
- আপনার সন্তানের একটি সাম্প্রতিক **ডাক্তারি শারীরিক পরীক্ষা**। এটি পেতে আপনার সমস্যা হলে কোন অর্থ ব্যয় ছাড়া একটি পেতে স্কুল বা CSE আপনাকে সাহায্য করতে পারে।

আপনার যেসব ক্ষেত্রগুলোতে প্রতিবন্ধিত্বের সন্দেহ করা হয়েছিল, তার সবগুলো ক্ষেত্র যাচাইয়ের জন্য IEP টিম অন্যান্য মূল্যায়ন পরিচালনা করতে পারে। উদাহরণস্বরূপ, এসব মূল্যায়নে স্পিচ অ্যান্ড ল্যাঙ্গুয়েজ (বাক ও ভাষা), ক্রিয়ামূলক আচরণ, কিংবা সহায়ক প্রযুক্তি অন্তর্ভুক্ত থাকতে পারে।

## দ্বিভাষা মূল্যায়ন

ছেলেমেয়েদেরকে বাড়ির ভাষা ইংরেজি না হলে তাদের বাড়ির ভাষা ও ইংরেজি ভাষা, উভয়টিতে মূল্যায়ন করা হতে পারে। এটাকে বলে **দ্বিভাষা মূল্যায়ন।** যদি এটা আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়ন হয়, তাহলে প্রাথমিক মূল্যায়ন করা হবে:

- যতটুকু পর্যন্ত সম্ভব আপনার সন্তানের বাড়ির ভাষা ও ইংরেজি ভাষা, উভয়টিতে; এবং
- আপনার, শিক্ষকদের, দ্বিভাষীক ক্লিনিশিয়ানদের, এবং অন্যান্যদের অভিমত, যেগুলোতে আপনার সন্তানের দক্ষতা ও উভয় ভাষা আয়ত্তকরণের হার সম্পর্কিত তথ্য রয়েছে, সেগুলো ব্যবহার করা হয়।



আপনার সন্তানকে দ্বিভাষীকভাবে মূল্যায়ন করা হতে পারে নিম্নলিখিত বিবেচনায়:

- হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভে-তে উল্লেখ অনুযায়ী বাড়িতে ব্যবহারের ভাষা; এবং,
- নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (NYSITELL) কিংবা নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (NYSESLAT)-এর ফলাফল, প্রযোজ্য হলে।

## স্বাধীন মূল্যায়ন

একটি স্বাধীন মূল্যায়ন করা হয় একজন যোগ্যতাসম্পন্ন পরীক্ষকের দ্বারা যিনি DOE-এর চাকরি করেন না। যদিও DOE সকল প্রয়োজনীয় মূল্যায়ন সম্পন্ন করবে, আপনারও অধিকার আছে IEP টিমকে বেসরকারি মূল্যায়ন সরবরাহ করার।

### আপনার অর্থে সম্পন্ন করা স্বাধীন মূল্যায়ন

DOE আপনার সন্তানকে মূল্যায়ন করবে আপনার অর্থ ছাড়া, আপনারও অধিকার আছে আপনার নিজের খরচে IEP টিমকে একটি বেসরকারি মূল্যায়ন সরবরাহ করার। আপনার সন্তান যদি মেডিকেইড-এর যোগ্য হয়, এসব মূল্যায়ন মেডিকেইড-এর আওতাভুক্ত হতে পারে। মূল্যায়নগুলো আওতাভুক্ত কি না, সেটা জানার জন্য আপনার সন্তানের সাথে মেডিকেইড প্রদানকারীর সাথে কথা বলুন। আপনি যদি চান যে DOE স্বাধীন মূল্যায়ন ব্যবহার করুন, তাহলে আপনাকে IEP মিটিং-এর আগে সেটা IEP টিমকে দিতে হবে।

### DOE-এর অর্থে সম্পন্ন করা স্বাধীন মূল্যায়ন

আপনি যদি DOE-এর মূল্যায়নে একমত না হন এবং চান যে DOE একটি স্বাধীন মূল্যায়নের ব্যয়ভার বহন করুক, তাহলে আপনাকে অবশ্যই স্কুল বা CSE-কে **লিখিতভাবে** জানাতে হবে। DOE হয় একটি স্বাধীন মূল্যায়নের ব্যয়ভার বহনে সম্মত হবে না হয় DOE-এর মূল্যায়ন যথোপযুক্ত, সেটা প্রদর্শনের জন্য একটি নিরপেক্ষ শুনানি শুরু করবে।

যদি DOE স্বাধীন মূল্যায়নের ব্যয়ভার বহন করতে সম্মত হয়, তাহলে আপনাকে অবশ্যই:

- একজন যোগ্য মূল্যায়নকারী বেছে নিতে হবে;
- একটি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে পাওনা পরিশোধ করতে বলবেন; এবং
- DOE-কে মূল্যায়নের ফলাফল প্রদান করবেন।

যদি একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তা নির্ণয় করেন যে DOE-এর সম্পন্ন করা মূল্যায়ন যথোপযুক্ত হয়েছে, তাহলেও আপনার অধিকার আছে একটি বেসরকারি মূল্যায়ন সংগ্রহ করা ও IEP টিম-এর কাছে জমা দেওয়ার, তবে DOE এর ব্যয়ভার বহন করবে না।

## মূল্যায়নের সময়সীমা

DOE-এর হাতে থাকবে **60 ক্যালেন্ডার দিবস** আপনার সন্তানকে মূল্যায়নের। এই সময়সীমা শুরু হবে যেদিন আপনি সম্মতি প্রদান করেছেন (**প্রাথমিক মূল্যায়ন** করার জন্য) কিংবা সুপারিশের তারিখ থেকে (**পুনর্মূল্যায়ণ**-এর ক্ষেত্রে)। আপনি যদি মূল্যায়ন প্রক্রিয়া অযৌক্তিকভাবে বিলম্বিত করেন, সময়রেখা তখন পরিবর্তিত হতে পারে।

যদি মূল্যায়নগুলো 60 ক্যালেন্ডার দিবসের মধ্যে সম্পন্ন না হয় এবং এবং আপনি যদি বিলম্ব করে না থাকেন, তাহলে আপনি একটি **অ্যাসেসমেন্ট অথরাইজেশন লেটার** (মূল্যায়নের প্রতিশ্রুতিপত্র) পাবেন। সে চিঠিতে ব্যাখ্যা করা থাকবে কীভাবে আপনি নিজের অর্থ ব্যয় ছাড়াই DOE-বহির্ভূত লাইসেন্সধারী স্বাধীন মূল্যায়নকারী বাছাই করতে পারেন। এর অন্তর্ভুক্ত আছে সরকারি ও বেসরকারি এজেন্সিসমূহ ও পেশাদারদের নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর যাদের কাছ থেকে আপনি একটি মূল্যায়ন পেতে পারেন।

সেকশন 3

# IEP মিটিং

## মূল্যায়নের পর

আপনার সন্তানের মূল্যায়ন শেষ হওয়ার পর আপনাকে IEP মিটিং-এ অংশগ্রহণের আমন্ত্রণ জানান হবে। আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কি না, সেটা নির্ধারণের জন্য মিটিং-এ IEP টিম—যার এক গুরুত্বপূর্ণ সদস্য হলেন আপনি—মূল্যায়ন ও অন্যান্য সূত্র থেকে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করবে। আপনার সন্তান যোগ্য হলে, একটি IEP তৈরির জন্য টিম একসাথে কাজ করবে।

মিটিং-এর পাঁচদিন আগে আপনি একটি লিখিত আমন্ত্রণ পাবেন। এটি দেওয়া হবে আপনার পছন্দের ভাষায়, যদি এটি হয় DOEএর সংজ্ঞানুসারে **অন্তর্ভুক্ত ভাষাসমূহের** কোন একটি ভাষা।[1] আপনার অনুরোধে আপনার পছন্দের ভাষার একজন দোভাষী IEP মিটিং-এ উপস্থিত থাকবেন। আপনি অংশগ্রণ করবেন কিনা, সেটা নিশ্চিত করার জন্য আপনার সন্তানের স্কুল বা CSE-এর স্টাফ ফোনে আপনার সাথে যোগাযোগ করবেন।

আপনি যদি সে IEP মিটিং-এ উপস্থিত হতে অপারগ হন, তাহলে আপনাকে তারিখ পরিবর্তনের জন্য অবশ্যই **স্কুল বা CSE-এর সাথে যোগাযোগ করতে হবে।** আপনার সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিস ও প্রোগ্রাম সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণে যাতে আপনি অংশ নিতে পারেন, সেজন্য সভায় আপনার উপস্থিতি খুবই গুরুত্বপূর্ণ বিষয়। আপনার পর্যবেক্ষণ ও মতামত মূল্যবান এবং তা সভায় অবশ্যই বিবেচিত হতে হবে।

সকল মূল্যায়ন, রেকর্ড, এবং মূল্যায়ন থেকে প্রাপ্ত রিপোর্ট আপনার কাছে কমপক্ষে IEP মিটিং-এর 5 দিন আগে পাঠানো হবে। এটি আপনাকে IEP মিটিং-এর আগে আলোচনা করার বা নথিগুলো পর্যালোচনার সুযোগ দিবে। দোভাষী বা অনুবাদসহ আপনার সন্তানের মূল্যায়ন ও IEP ব্যাখ্যায় সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহ করে IEP টিমকে জানাবেন। আপনার অনুরোধে IEP ও মূল্যায়নসমূহ অনুবাদ করা হবে।

আপনার সন্তান যদি কোন পাবলিক স্কুলে পড়ে, তাহলে মিটিং অনুষ্ঠিত হবে আপনার সন্তানের স্কুলে। আপনার সন্তান যদি কোন ধর্মীয়, বেসরকারি বা চার্টার স্কুলে পড়ে বা স্কুলে ভর্তি না থাকে, তাহলে মিটিং হবে CSE অফিসে বা আপনার সন্তানের স্কুলে, যদি সেটা সম্ভব হয়।

## IEP মিটিং-এর শ্রেণিবিভাগ

### প্রাথমিক IEP মিটিং

আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়নের পর একটি **প্রাথমিক IEP মিটিং** অনুষ্ঠিত হবে। সে মিটিং-এ টিম মূল্যায়নের ফলাফল এবং সংশ্লিষ্ট অন্য কোন কিছু থাকলে সেগুলো পর্যালোচনা করবে, এবং আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কিনা, তা নির্ধারণ করবে। আপনার সন্তান যোগ্য হলে IEP টিম একটি IEP তৈরি করবে।

1 "অন্তর্ভুক্ত ভাষাসমূহ" (Covered Languages) বলতে বুঝায় ইংরেজি ভিন্ন সবচেয়ে সাধারণভাবে যে ভাষা DOE-এর শিক্ষার্থী ও তাদের পরিবার ব্যবহার করেন। বর্তমানে DOE-এর এই নয়টি আন্তর্ভুক্ত ভাষা রয়েছে: আরবি, বাংলা, চায়নিজ, ফ্রেঞ্চ, হেইশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্পানিশ এবং উর্দু। ইংরেজিসহ এগুলো হলো প্রাথমিক ভাষা যা DOE-এর 95% ভাগ শিক্ষার্থী ও তাদের পরিবার ব্যবহার করেন।



## বার্ষিক পর্যালোচনা

আপনার সন্তানের জন্য স্পেশাল এডুকেশন সার্ভিস পাওয়া শুরু করলে, প্রতি বছর আপনার সন্তানের অগ্রগতি পর্যালোচনার জন্য একটি IEP মিটিং অনুষ্ঠিত হয়। এটাকে বলা হয় **বার্ষিক পর্যালোচনা।**

বার্ষিক পর্যালোচনায় টিম যা করবে:

- আপনার সন্তানের লক্ষ্য অর্জনের ব্যাপারে অগ্রগতি নিয়ে কথা বলবে
- যেসব স্পেশাল এডুকেশন সার্ভিস দেওয়া হচ্ছে, সেগুলো পর্যালোচনা করবে
- পরবর্তী বছরের জন্য সার্ভিস ও লক্ষ্যমাত্রা নিশ্চিত করবে

## অনুরোধকৃত পর্যালোচনা

আপনি যদি আপনার সন্তানের চলমান প্রোগ্রাম বা সার্ভিস সম্পর্কে উদ্বিগ্ন হন, তাহলে আপনি CSE-এর কাছে লিখিত দিয়ে একটি IEP মিটিং-এর অনুরোধ জানাতে পারেন। এটা বলা হয় **রিকোয়েস্টেড রিভিউ** (অনুরোধকৃত পর্যালোচনা)। এ সভায় IEP টিম আপনার সন্তানের চলমান প্রোগ্রাম ও সার্ভিসসমূহ পর্যালোচনা করবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

## পুনর্মূল্যায়ন

তদুপরি, আপনার সন্তানকে রেফার (সুপারিশ) করা হতে পারে যাকে বলা হয় **পুনর্মূল্যায়ন**। পুনর্মূল্যায়নের পূর্বে IEP টিম আপনার মতামত সাপেক্ষে আপনার সন্তান সম্পর্কিত চলমান উপাত্ত পর্যালোচনা করবে, এবং নতুন মূল্যায়ন করা হবে কি না, তা নির্ধারণ করবে।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের প্রোগ্রাম ও রিলেটেড সার্ভিসেস (সম্পর্কিত পরিষেবা) পুনর্মূল্যায়ন আবশ্যক, তাহলে আপনি একটি পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারবেন। পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে হলে আপনার সন্তানের CSE-এর কাছে লিখুন। স্কুলের স্টাফও

একটি পূনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারবেন যদি আপনার সন্তানের শিক্ষাগত বা রিলেটেড সার্ভিসের পুনর্মূল্যায়নের প্রয়োজন হয়। একটি পুনর্মূল্যায়ন বছরে একবারের বেশি সম্পন্ন করা হবে না, অন্যথায় যদি না আপনি এবং DOE লিখিতভাবে একমত হন।

তদুপরি প্রতি তিন বছর অন্তর অন্তর একবার করে পুনর্মূল্যায়ন **অবশ্যই** করতে হবে, যদি না আপনি ও DOE তার কোন প্রয়োজন নেই বলে **লিখিতভাবে** একমত হন। এটাকে বলে **বাধ্যতামূলক ত্রি-বার্ষিক পুনর্মূল্যায়ন।**

যদি স্কুল বা CSE নিশ্চিত হয় যে পূনর্মূল্যায়নের অংশ হিসেবে একটি নতুন মূল্যায়ন আবশ্যক, তাহলে মূল্যায়নের জন্য আপনাকে সম্মতি দিতে বলা হবে। মূল্যায়নের সম্মতি দেওয়ার অর্থ স্পেশাল এডুকেশন সার্ভিস চলমান রাখার যোগ্যতা নির্ধারণের জন্য আপনি একটি মূল্যায়ন সম্পন্ন করার অনুমতি দিচ্ছেন। যদি DOE আপনার কাছ থেকে কোন সাড়া না পায়, তাহলে আপনার সাথে যোগাযোগ প্রচেষ্টার প্রমাণসাপেক্ষে DOE স্টাফ পুনর্মূল্যায়ন করার জন্য অগ্রসর হতে পারবেন।

আপনি যদি মূল্যায়নে সম্মতি দিতে রাজি না হন, তাহলে মূল্যায়ন পরিচালনার অধিকার লাভের জন্য CSE বা স্কুল প্রিন্সিপ্যাল **মধ্যস্থতা** বা একটি **নিরপেক্ষ শুনানির** অনুরোধ জানাতে পারেন। এটি আপনার সন্তানের পরিষেবা লাভকে প্রভাবিত করতে পারে।

মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর লিখিত মূল্যায়নের রিপোর্ট আপনাকে দেওয়া হবে এবং একটি IEP মিটিং-এর সময়সূচি ঠিক করা হবে। রিপোর্টে আপনার সন্তানের সামর্থ্য ও সমস্যা, এবং স্কুলে তার সহায়তার প্রয়োজন হলে, সেটা অন্তর্ভুক্ত থাকবে।

## যোগ্যতা

আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কি না এবং তার IEP প্রয়োজন কি না, সেটা IEP টিম নির্ধারণ করবে। আপনার সন্তান যোগ্য হবে যদি:

- সে প্রতিবন্ধিতার এক বা একাধিক শ্রেণির মানদণ্ডের মিলে **(নিচে দেখুন)**; এবং
- সেই প্রতিবন্ধিতা তার স্কুলে সফল হওয়াতে এবং/অথবা তার সাধারণ শিক্ষার পাঠ্যক্রম থেকে লাভবান হতে বিঘ্ন সৃষ্টি করে।

যোগ্যতার ভিত্তি **নয়:**

- রিডিং-এ যথাযথ শিক্ষানির্দেশনার অভাব; কিংবা
- ম্যাথ-এ যথাযথ শিক্ষানির্দেশনার অভাব; কিংবা
- ইংরেজিতে সীমিত দক্ষতা।

IEP টিম যদি নির্ধারণ করে যে আপনার সন্তানের কোন প্রতিবন্ধিতা রয়েছে এবং স্পেশাল এডুকেশন সার্ভিস আবশ্যিক, তাহলে তারা একটি IEP তৈরি করবে। আপনার সন্তান যেসব স্পেশাল এডুকেশন সার্ভিস এবং/অথবা প্রোগ্রাম লাভ করবে, এবং বছরব্যাপী যে লক্ষ্য অর্জনের জন্য কাজ করবে, IEP টিম তার রূপরেখা প্রদান করবে। যেসব স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিস সুপারিশ করা হতে পারে, সেগুলো সেকশন 4-এ ব্যাখ্যা করা আছে: ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)।

যদি IEP টিম এমন এক বা একাধিক ক্ষেত্র খুঁজে না পায় যা কোন এক শ্রেণির প্রতিবন্ধিতার মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ, তাহলে সে স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য নয়। সেক্ষেত্রে মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্য আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপ্যালের কাছে দেওয়া হবে। আপনার সন্তানকে সহায়তা করার জন্য প্রিন্সিপ্যাল স্টাফদের সাথে কাজ করবেন। এক্ষেত্রে, একটি IEP তৈরি করা হবে না এবং আপনার সন্তানকে কেনো স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্য বলে বিবেচনা করা হয়নি, সে ব্যাখ্যা প্রদান করা একটি চিঠি আপনি পাবেন। এসব ফলাফলের সাথে আপনি একমত না হলে আপনার অধিকার আছে চ্যালেঞ্জ করার। আপনার অধিকার সম্পর্কে আরও তথ্যের জন্য সেকশন 8 (আট) দেখুন: সহায়তাপ্রাপ্তি।

## প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ

আপনার সন্তানকে স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্য হতে হলে অবশ্যই 13টি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগের[2] একটির জন্য যোগ্য হতে হবে।

2 13টি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগকে সংজ্ঞাবদ্ধ করেছে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এর কমিশনার অভ এডুকেশনের প্রবিধান: পার্ট 200: এটি পাওয়া যাবে http://www.p12.nysed.gov/specialed/lawsregs/documents/regulations-part-200-201-oct-2016.pdf ওয়েবপেজে

নিচে প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগের একটি তালিকা ও বর্ণনা দেওয়া হলো:

- অটিজম
- বধিরতা
- বধিরতা-অন্ধত্ব
- আবেগজনিত সমস্যা
- শ্রুতি বৈকল্য
- বুদ্ধি প্রতিবন্ধিত্ব
- শিখন প্রতিবন্ধিত্ব
- বহু-প্রতিবন্ধিত্ব
- অস্থিজনিত প্রতিবন্ধিত্ব
- অন্যান্য স্বাস্থ্যগত বৈকল্য
- বাক অথবা ভাষাগত প্রতিবন্ধিত্ব
- মস্তিষ্কে আঘাতজনিত জখম
- দৃষ্টি প্রতিবন্ধিত্ব

### অটিজম

বিকাশগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী হচ্ছে সে, যার যোগাযোগ দক্ষতা, সামাজিক মেলামেশা, এবং প্রাতিষ্ঠানিক সাফল্যে উল্লেখযোগ্য ঘাটতি রয়েছে। এটা সাধারণত প্রকাশ পায় বয়স 3 হওয়ার আগে। অটিজমের সাথে অন্য যে বৈশিষ্ট্যগুলি সম্পৃক্ত থাকে:

- বারবার একই কর্মকাণ্ড করে যাওয়া এবং একই ধরনের অঙ্গভঙ্গি
- পরিবেশগত পরিবর্তন অথবা দৈনন্দিন রুটিন পরিবর্তনে প্রতিরোধ করা
- ইন্দ্রিয়জনিত অভিজ্ঞতায় অস্বাভাবিক প্রতিক্রিয়া।

### বধিরতা

শিক্ষার্থী এমন তীব্র শ্রুতি সমস্যাক্রান্ত যে অ্যামপ্লিফিকেশন থাক বা না থাক শ্রুতিমাধ্যমে সে ভাষা প্রক্রিয়াকরণ করতে পারে না যা তার প্রাতিষ্ঠানিক কর্মসম্পাদনায় প্রভাব রাখে।

### বধিরতা-অন্ধত্ব

যে শিক্ষার্থীর কানে ও চোখে সমস্যা আছে। শিক্ষার্থীর যোগাযোগ, বিকাশগত, এবং শিক্ষাগত চাহিদা এতো বেশি যে শুধু বধির ও অন্ধ শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম তা পূরণ করতে পারে না।।

### আবেগজনিত সমস্যা

একজন শিক্ষার্থী যে নিচের এক বা একাধিক বৈশিষ্ট্য দীর্ঘ সময় ধরে এবং উল্লেখযোগ্য মাত্রায় প্রদর্শন করে যা শিক্ষার্থীটির প্রাতিষ্ঠানিক কর্মসম্পাদনায় নেতিবাচক প্রভাব রাখে:

- বুদ্ধিগত, ইন্দ্রিয়গত, বা স্বাস্থ্যের অবস্থা দিয়ে ব্যাখ্যা করা যায় না এমন শিখন অক্ষমতা।
- সহপাঠী ও শিক্ষকদের সঙ্গে সন্তোষজনক সম্পর্ক গড়ে তোলা বা বজায় রাখায় অসামর্থ্য।
- সাধারণ পরিস্থিতিতে অসঙ্গত আচরণ বা অনুভূতি।
- সাধারণভাবে আনন্দহীনতা বা বিমর্ষতার ছাপ।
- ব্যক্তিগত ও স্কুলজনিত সমস্যার সঙ্গে সম্পর্ক আছে এমন বাহ্যিক লক্ষণ বা ভীতিসঞ্চারের প্রবণতা।

### শ্রুতি বৈকল্য

একজন শ্রবণক্ষমতা কম শিক্ষার্থীকে বধিরত্বের সংজ্ঞার অধীনে অন্তর্ভুক্ত করা যায় না যা নেতিবাচকভাবে তার প্রাতিষ্ঠানিক সাফল্যে ভূমিকা রাখে। এ ধরনের শ্রবণক্ষমতা স্থায়ীভাবে লোপ পেতে পারে বা উঠানামা করতে পারে।

### বুদ্ধি প্রতিবন্ধিত্ব

যে শিক্ষার্থীর বুদ্ধিগত সক্ষমতা গড়পড়তা থেকে উল্লেখযোগ্যভাবে কম এবং যার সামঞ্জস্যবিধানকারী আচরণে ঘাটতি আছে, যা তার প্রাতিষ্ঠানিক সাফল্যে নেতিবাচকভাবে ভূমিকা রাখে। সামঞ্জস্যবিধানমূলক আচরণ বলতে বুঝায় বয়সোপযোগী আচরণ যা স্বাধীন জীবনযাপন ও প্রাত্যহিক জীবনের সক্রিয়তায় মানুষের প্রয়োজন হয়।

### শিখন প্রতিবন্ধিত্ব

একজন সমস্যাগ্রস্ত শিক্ষার্থী যার এমন সমস্যা আছে যা তাকে শুনতে, চিন্তা করতে, কথা বলতে, পড়তে, লিখতে, বানান করতে বা অঙ্ক করতে এবং কোন উক্তি বা লিখিত ভাষা উপলব্ধি করতে বা ব্যবহার করতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। পরিভাষাটি দেখা, শোনা বা পেশি সঞ্চালনজনিত প্রতিবন্ধিতা; বুদ্ধি প্রতিবন্ধিতা; আবেগজনিত সমস্যা কিংবা পরিবেশগত, সাংস্কৃতিক বা আর্থিক অসুবিধার কারণে সৃষ্ট শিখন সমস্যা

অন্তর্ভুক্ত করে না। এই শব্দ দিয়ে নিচের অবস্থাসমূহ বোঝায় না যেমন:

- ধারণাগত প্রতিবন্ধিতা
- মস্তিষ্কে আঘাত
- মস্তিষ্কের ন্যূনতম অকার্যকারিতা
- ডিসলেক্সিয়া
- ক্রমবর্ধমান অ্যাফেসিয়া

### বহু-প্রতিবন্ধিত্ব

কোন শিক্ষার্থীর একাধিক প্রতিবন্ধিত্ব থাকলে, যেমন বুদ্ধিপ্রতিবন্ধিত্ব ও অন্ধত্ব, বুদ্ধিপ্রতিবন্ধিত্ব ও বধিরতা, ইত্যাদি এক সঙ্গে থাকলে একে বহু-প্রতিবন্ধিত্ব বলা হয়। এ ধরনের মিশ্রিত শিক্ষাগত চাহিদা শুধুমাত্র একটি প্রতিবন্ধিত্বের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম দিয়ে মেটানো সম্ভব নয়। পরিভাষাটি বধিরত্ব-অন্ধত্ব অন্তর্ভুক্ত করে না।

### অস্থিজনিত প্রতিবন্ধিত্ব

এমন শিক্ষার্থী যার শরীরে মারাত্মক বৈকল্য রয়েছে যা তার প্রাতিষ্ঠানিক সাফল্যে বিঘ্ন সৃষ্টি করে। এই শব্দটির অন্তর্ভুক্ত বৈকল্য যা হয়ে থাকে:

- জন্মগত অসঙ্গতি (ক্লাবফুট, অঙ্গ-প্রত্যঙ্গের অনুপস্থিতি, ইত্যাদি)
- রোগ (পলিওমাইলাইটিস, বোন টিউবারকিউলোসিস, ইত্যাদি)
- অন্য কারণসমূহ (সেরিব্রাল পালসি, অঙ্গ কেটে বাদ দেয়া এবং ভেঙ্গে যাওয়া অথবা পোড়া যা থেকে কনট্র্যাকচারস্ হতে পারে)

### অন্যান্য স্বাস্থ্যগত বৈকল্য

এমন শিক্ষার্থী যার শক্তিমত্তা, প্রাণশক্তি বা সচেতনতা সীমিত, যা তার প্রাতিষ্ঠানিক সাফল্যকে বাধাগ্রস্থ করে। এর অন্তর্ভুক্ত আছে পরিবেশগত উদ্দীপনার প্রতি বাড়তি সচেতনতা যা পুরনো বা তীব্র স্বাস্থ্যগত সমস্যার কারণে কারো স্কুল পরিবেশের প্রতি নিবিষ্ট হওয়ার ক্ষমতায় বিঘ্ন ঘটায়। তীব্র স্বাস্থ্যগত সমস্যার মধ্যে আছে নিম্নলিখিত বিষয়গুলো, তবে তা এতেই সীমাবদ্ধ নয়, হৃদযন্ত্রের অবস্থা, যক্ষারোগ, রিউম্যাটিক ফিভার, নেফ্রাইটিস, হাঁপানি, সিকল্ সেল অ্যানিমিয়া, হেমোফিলিয়া, এপিলেপসি, লেড পয়জনিং, লিকুমিয়া, ডায়াবেটিস, অ্যাটেনশন ডেফিসিট ডিসঅর্ডার অথবা অ্যাটেনশন ডেফিসিট হাইপারঅ্যাক্টিভিটি ডিসঅর্ডার, অথবা ট্যুরেট সিনড্রোম।

**আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কি না এবং তার IEP প্রয়োজন কি না, সেটা IEP টিম নির্ধারণ করবে।**

### বাক অথবা ভাষাগত প্রতিবন্ধিত্ব

যোগাযোগ প্রতিবন্ধী শিক্ষার্থী, যেমন তোতলামি, উচ্চারণে সমস্যা, ভাষা সমস্যা অথবা কণ্ঠস্বরে সমস্যা, যা তার শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রতিক্রিয়া ফেলে।

### মস্তিষ্কে আঘাতজনিত জখম

কোন শিক্ষার্থী কোন প্রকার শারীরিক আঘাতের কারণে বা কোন শারীরিক অবস্থা, যেমন স্ট্রোক, এনসেফালাইটিস, অ্যান্যুরিজম, কিংবা অ্যানোক্সিয়া বা ব্রেন টিউমারের কারণে মস্তিষ্কে জখম হয়ে থাকে যা তার প্রাতিষ্ঠানিক সাফল্যে বিরূপ প্রভাব ফেলে। পরিভাষাটির অন্তর্গত নির্দিষ্ট কিছু চিকিৎসাগত অবস্থা থেকে মাথায় খোলা অথবা আখোলা জখম অথবা মস্তিষ্কে জখমের কারণে এক বা একাধিক অঞ্চলে হালকা, মধ্যম বা মারাত্মক বৈকল্য, যার মধ্যে রয়েছে বোধি, ভাষা, স্মৃতি, মনোযোগ, যুক্তিপ্রয়োগ, বিমূর্ত চিন্তন, বিচারবুদ্ধি, সমস্যাসমাধান, সংবেদনজ, প্রত্যক্ষজ বা সঞ্চালন সামর্থ্য, মনোঃসামাজিক আচরণ, শারীরিক ক্রিয়া, তথ্য প্রক্রিয়াকরণ এবং বাচন। পরিভাষাটি জন্মের সময় ছিলো বা জন্মের সময় ট্রমাজনিত জখম অন্তর্ভুক্ত করে না।

**দৃষ্টি প্রতিবন্ধিত্ব**
কোন শিক্ষার্থীর অন্ধত্বসহ দৃষ্টি বৈকল্য যা, চিকিৎসাসত্ত্বেও, একজন শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রতিক্রিয়া ফেলে থাকে। এই পরিভাষা আংশিক দৃষ্টিক্ষমতা ও অন্ধত্ব উভয়ই অন্তর্ভুক্ত করে।

## IEP মিটিংয়ের জন্য প্রস্তুতি

একটি IEP মিটিং-এ প্রত্যেক টিম সদস্য সবাইকে জানানর জন্য গুরুত্বপূর্ণ তথ্য নিয়ে আসেন। আপনার সন্তানের একটি প্রতিবন্ধিতা আছে কি না, এবং কোন স্পেশাল এডুকেশন সার্ভিস উপযুক্ত হবে, সেটা আলোচনার জন্য তারা একসাথে কাজ করেন। **পিতামাতা হিসেবে আপনাকে প্রতিটি IEP মিটিং-এ আমন্ত্রণ জানাতে হবে, এবং আপনার মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ।**

আমরা আপনাকে উৎসাহিত করি:

- IEP মিটিং-এর তারিখ ও সময় সম্পর্কে DOE স্টাফদের সাথে যোগাযোগ করার জন্য, এটা আপনার জন্য সুবিধাজনক হবে।
- আপনার সন্তানের চাহিদা ব্যাখ্যা করা সহজ হবে, এমন সকল তথ্য সংগ্রহ করুন। এসব তথ্য সেসব ব্যক্তিদের কাছ থেকে আসতে পারে যারা আপনার সন্তানকে চিনেন, যেমন শিক্ষক, পরিষেবা প্রদাকারী বা চিকিৎসকগণ।
- মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করুন। যেসব ফলাফল গুরুত্বপূর্ণ বলে মনে করবেন এবং যেসব ফলাফল নিয়ে প্রশ্ন আছে, সেগুলো নোটে লিখে নেবেন।
- যদি কোন স্বাধীন মূল্যায়ন থাকে যা আপনি বিবেচনার জন্য দিতে চান, IEP টিম-এ তা জমা দিন এবং কোন সমস্যা সম্পর্কে জানাতে চাইলে তা IEP টিমকে বলুন। IEP মিটিং-এ যাতে এসব মূল্যায়ন IEP টিম সবচেয়ে ভালোভাবে বিবেচনা করতে পারে, সেটা নিশ্চিত করতে আপনি IEP সভার যতদূর সম্ভব আগে সেগুলো জমা দেবেন।
- আপনার সন্তান কোথায় ভালো ও কোথায় দুর্বল, এবং তা কীভাবে তার প্রাতিষ্ঠানিক, সামাজিক, আবেগগত ও শারীরিক বৃদ্ধিকে প্রভাবিত করছে, তা নিয়ে কথা বলতে প্রস্তুত থাকবেন।
- আপনি অন্য কোন ব্যক্তি, যেমন ডাক্তার, লালনপালনে সহায়তাদানকারী ব্যক্তি, আত্মীয় ও এডভোকেট ইত্যাদিকে আমন্ত্রণ জানাবেন কি না যিনি আপনার সন্তানকে ভালো জানেন এবং সিদ্ধান্ত গ্রহণে আপনাকে সহায়তা করবেন, সেটি বিবেচনা করুন।
- আপনি যদি চান যে একজন সার্টিফায়েড পিতামাতা সদস্যকে আনতে, তাহলে মিটিং-এর 72 ঘণ্টা আগে লিখিত অনুরোধ জানাতে হবে (সার্টিফায়েড পিতামাতা সদস্যের ব্যাখ্যা পেতে নিচে দেখুন)।
- ইংরেজি যদি আপনার অগ্রবিবেচ্য ভাষা না হয়, তাহলে মিটিং-এর কমপক্ষে 72 আগে একজন দোভাষীর জন্য লিখিত অনুরোধ জানাতে হবে। ইংরেজি ছাড়া অন্য কোন ভাষায় মূল্যায়ন ও IEP-এর অনূদিত কপি পেতে চাইলে লিখিত অনুরোধ জানান।

বার্ষিক পর্যালোচনা বা পুনর্মূল্যায়নের পরবর্তিতে অনুষ্ঠিত IEP মিটিং-এ আপনি যদি চান যে স্পেশাল এডুকেশন প্রোগ্রাম বা সার্ভিস পরিবর্তনের কথা IEP টিম বিবেচনা করুক, তাহলে আমরা আপনাকে উৎসাহিত করছি IEP মিটিং-এর আগে DOE স্টাফকে তা জানাতে।

> একটি **IEP** মিটিং-এ প্রত্যেক টিম সদস্য সবাইকে জানানর জন্য গুরুত্বপূর্ণ তথ্য নিয়ে আসেন।

# IEP দলের সদস্য



## পিতামাতা/অভিভাবক

প্রতিটি IEP মিটিং-এ আপনাকে আমন্ত্রণ জানান হবে। পিতামাতা হিসেবে, আপনার সন্তানকে আপনি সবচেয়ে ভালো জানেন, সুতরাং আপনি আপনার সন্তানের সামর্থ্য, ও চাহিদা সম্পর্কে বলতে, এবং কীভাবে আপনার সন্তানকে সবচেয়ে ভালো সহায়তা দেওয়া যায়, সে ব্যাপারে আপনার ভাবনা জানাতে পারবেন।

IEP টিমের সদস্য হিসেবে আপনার উচিৎ:

- আপনার সন্তান কীভাবে শেখে, সে ব্যাপারে আপনার পর্যবেক্ষণ জানানো
- আপনার সন্তানের সামর্থ্য, চাহিদা, আগ্রহ এবং অন্যান্য যেসব বিষয় যা স্কুল না জেনে থাকতে পারে, সেসব তথ্য জানানো
- স্কুলে কাজ করার জন্য আপনার সন্তানের প্রয়োজন সম্পর্কে অন্যান্য টিম সদস্যগণ কী ভাবেন এবং কী সুপারিশ করেন, সেটা শোনা
- আপনার সন্তান স্কুলে শেখা দক্ষতা বাড়িতে কীভাবে ব্যবহার করে (কিংবা না করে), তা নিয়ে কথা বলা
- সকল সদস্যদেরকে প্রশ্ন করা ও কোন কিছু না বুঝলে তা নিয়ে কথা বলা
- একটি IEP তৈরির জন্য টিম-এর অন্যান্যদের সাথে কাজ করা

IEP মিটিংয়ে আপনাকে IEP অ্যাটেনড্যান্স শিট-এ স্বাক্ষর করতে বলা হবে। অ্যাটেনড্যান্স শিট-এ সই করার অর্থ **নয়** আপনি IEP-এর বিষয়বস্তুর সাথে একমত। বরং, এটা হলো মিটিং-এ আপনার উপস্থিতির প্রমাণ। আপনি যদি মিটিংয়ে যোগদান না করে থাকেন, IEP-এর একটি কপি আপনার বাড়িতে পাঠানো হবে

## ডিস্ট্রিক্ট প্রতিনিধি

ডিস্ট্রিক্ট প্রতিনিধি IEP মিটিং-এ নেতৃত্ব দেন এবং শিক্ষার্থীর যোগ্যতা ও IEP তৈরি বিষয়ে আলোচনার সুযোগ তৈরি করে দেন। তারা নিশ্চিত করবেন যে আপনি একজন অর্থবহ অংশীদার এবং আপনার সন্তানের শিক্ষার বিষয়ে আপনার উদ্বেগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে উৎসাহিত করেন। ডিস্ট্রিক্ট প্রতিনিধি আরও যা করবেন:

- পরিষেবার ব্যাপ্তি সম্পর্কে তথ্য প্রদান করবেন (স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সহায়তা) যা আপনার সন্তানের স্কুলে ও ডিস্ট্রিক্ট-এর অন্যান্য স্কুলে পাওয়া যায়
- নিশ্চিত করবেন যে, আপনি যেসব সুপারিশ করেছেন, টিম সেগুলোসহ সম্ভাব্য সকল উপযুক্ত প্রোগ্রাম ও সার্ভিসের বিষয় বিবেচনা করেছে
- প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের অবশ্যই যতটুকু সম্ভব প্রতিবন্ধিতাহীন ছেলেমেয়ের সাথে লেখাপড়া করাতে হবে, সেটা ব্যাখ্যা করবেন
- আপনার সন্তান সাধারণ শিক্ষার পরিবেশে সফল ও লাভবান হবে কি না, টিম সে বিষয়টি যেনো বিবেচনা করে, সেটা নিশ্চিত করবেন

ডিস্ট্রিক্ট প্রতিনিধি সাধারণত দুইটি ভূমিকায় অবতীর্ণ হন। আপনার সন্তানের প্রাথমিক IEP মিটিং-এর জন্য সাধারণত স্কুলের সোশ্যাল ওয়ার্কার বা স্কুল সাইকোলজিস্ট ডিস্ট্রিক্ট প্রতিনিধি হন। আপনার সন্তানের IEP বার্ষিক পর্যালোচনা মিটিং-এ ডিস্ট্রিক্ট প্রতিনিধি সাধারণত হন আপনার সন্তানের স্পেশাল এডুকেশন টিচার বা রিলেটেড সার্ভিস প্রদানকারী।

## শিক্ষক

শিক্ষকগণ IEP মিটিং-এ গুরুত্বপূর্ণ অংশগ্রহণকারী। যদি আপনার সন্তান সাধারণ শিক্ষার পরিবেশে থাকে বা আগামীতে যাওয়ার কথা থাকে, কমপক্ষে একজন জেনারেল এডুকেশন টিচারকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

### সাধারণ শিক্ষার শিক্ষক

এসব শিক্ষক সাধারণ শিক্ষার পাঠ্যক্রমে আপনার সন্তানের সাফল্য সম্পর্কে তথ্য প্রদান করবেন। সুনির্দিষ্টভাবে তিনি:

- সাধারণ শিক্ষার পাঠক্রম সম্পর্কে বর্ণনা দেবেন
- যথোপযুক্ত হস্তক্ষেপ কৌশল নির্ধারণ, সম্পূরক সেবাদানকারী ও পরিষেবা, প্রোগ্রাম পরিবর্তন, পাঠ্যক্রম অভিযোজন অন্যান্য ব্যক্তিক সহায়তা, কিংবা আপনার সন্তানকে শিক্ষাক্ষেত্রে সফল হতে সাধারণ শিক্ষা প্রোগ্রামে অন্যান্য পরিবর্তনসমূহ নির্ধারণ করতে সহায়তা করবেন
- স্কুল স্টাফদের প্রয়োজনীয় সহায়তা সম্পর্কে আলোচনা করবেন যাতে আপনার সন্তানকে সাধারণ শিক্ষা পাঠ্যক্রমে শিক্ষানির্দেশনা প্রদান করা যায়



### স্পেশাল এডুকেশনের শিক্ষক এবং/অথবা সংশ্লিষ্ট পরিসেবা প্রদানকারী

কীভাবে আপনার প্রতিবন্ধিতাযুক্ত সন্তানকে শেখানো যায়, সে ব্যাপারে এসব সদস্যগণ মূল্যবান অভিজ্ঞতা নিয়ে আসেন। স্পেশাল এডুকেশনে তাদের প্রশিক্ষণের কারণে তারা:

- মূল্যায়নের উপকরণ এবং অথবা পরিষেবা প্রদানকারীদের রিপোর্ট পর্যালোচনা ও ব্যাখ্যা করবেন
- (আপনার সন্তান ইতোমধ্যে যদি স্পেশাল এডুকেশন সার্ভিস পেতে থাকে) আপনার সন্তানের IEP-এর লক্ষ্যের প্রতি অগ্রগতিসহ বর্তমান শিক্ষাগত সাফল্যের স্তর এবং আপনার সন্তানের শেখার ধরন, আচরণ ও উপস্থিতি নিয়ে আলোচনা করবেন
- সহায়তা ও পরিষেবা সম্পর্কে সুপারিশ করবেন যা আপনার সন্তানকে স্বল্পতম নিষেধাত্মক পরিবেশে সফল হতে সহায়তা করবে
- আপনার সন্তানকে শেখায় সহায়তা দিতে কীভাবে সাধারণ শিক্ষার পাঠ্যক্রম রূপান্তর করতে হবে, সেটা ব্যাখ্যা করবেন

## সাইকোলজিস্ট/স্কুল সোশ্যাল ওয়ার্কার

স্কুল সাইকোলজিস্টের উপস্থিতি সব সময় বাধ্যতামূলক নয়। যদি আপনার সন্তানের IEP মিটিং একটি **প্রাথমিক মূল্যায়নের** (প্রথমবারের পরিষেবা) জন্য কিংবা **পুনর্মূল্যায়নের** (যদি শিক্ষার্থী ইতোমধ্যে সার্ভিস পেতে থাকে) জন্য হয়, তাহলে স্কুল সাইকোলজিস্টকে **অবশ্যই** উপস্থিত থাকতে হবে। যখনি কোন নতুন মূল্যায়ন পর্যালোচনা করা হয়, তখনি একজন স্কুল সাইকোলজিস্ট উপস্থিত থাকবেন, কিংবা যখন শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিস পরিবর্তনের ফলে শিক্ষার্থী-স্টাফ অনুপাত আরও বেড়ে যায়, তখন। অনুরূপভাবে, মূল্যায়ন প্রক্রিয়াকালে স্কুলের সোশ্যাল ওয়ার্কার সংশ্লিষ্ট থাকার উপর ভিত্তি করে তিনি উপস্থিত থাকতে পারেন।

যখন স্কুল সাইকোলজিস্ট এবং/অথবা স্কুল সোশাল ওয়ার্কারগণ IEP টিমের সদস্য হন, তারা টিমের কাছে গুরুত্বপূর্ণ তথ্য প্রকাশ করবেন যা তারা মূল্যায়নের/ পর্যবেক্ষণের মাধ্যমে লাভ করেন। আপনারা বুঝেন

## আপনার সন্তান এবং/অথবা তার প্রতিবন্ধিত্ব সম্পর্কে বিশেষ জ্ঞান আছে, IEP টিম-এ এমন কিছু ব্যক্তিকেও অন্তর্ভুক্ত করা হয়।

না, এমন যে কোন বিষয়ে যাতে তাদেরকে প্রশ্ন করতে পারেন, সেজন্য এই প্রক্রিয়াতে তাদের বিশেষ দক্ষতা গুরুত্বপূর্ণ।

### বাড়তি সদস্যবৃন্দ

আপনার সন্তান এবং/অথবা তার প্রতিবন্ধিত্ব সম্পর্কে বিশেষ জ্ঞান আছে, IEP টিম-এ এমন কিছু ব্যক্তিকেও অন্তর্ভুক্ত করা হয়। আপনি বহিরাগত অভিজ্ঞ কোন ব্যক্তিকে আমন্ত্রণ জানাতে পারেন যিনি আপনার সন্তানের সাথে পেশাগতভাবে কাজ করেছেন কিংবা যিনি অপর কেউ আপনার সন্তানের সামর্থ্য এবং/অথবা চাহিদা সম্পর্কে কথা বলতে পারেন। DOE পেশাদারের মতো অন্য কোন ব্যক্তিকেও আমন্ত্রণ জানাতে পারেন যিনি আপনার সন্তানকে ভালোভাবে জানেন।

### স্বীকৃতিপ্রাপ্ত পিতামাতা সদস্য

একজন পিতামাতা সদস্যকে IEP মিটিং-এ উপস্থিত হতে অনুরোধ জানাবার অধিকার আপনার আছে। একজন পিতামাতা সদস্য হলেন নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী একজন পিতা/মাতা, বিগত পাঁচ স্কুল বছরের মধ্যে যার IEP আছে, এমন একটি ছেলেমেয়ে ছিলো। পিতামাতা সদস্য পিতামাতাদের IEP প্রক্রিয়া বুঝতে এবং আপনাকে অংশগ্রহণ সহায়তা করতে পারেন এবং IEP সভায় অবদান রাখতে পারেন। আপনি যদি চান আপনার সন্তানের IEP মিটিং-এ একজন পিতামাতা সদস্যকে উপস্থিত হতে আমন্ত্রণ জানাতে, তাহলে আপনার সন্তানের স্কুলে বা CSE-এর কাছে IEP মিটিং-এর কমপক্ষে 72 ঘণ্টা আগে লিখিত অনুরোধ জানাবেন।

### IEP টিমের সদস্যের অব্যাহতি

উপস্থিতি বাধ্যতামূলক, এমন একজন IEP টিম সদস্যের IEP মিটিং-এ উপস্থিতি থেকে অব্যাহতি দেওয়া যেতে পারে, তবে তা কোন প্রাথমিক IEP মিটিং-এর বেলায় হতে পারবে **না**। একটি IEP টিম নিয়মিতভাবে বা একতরফাভাবে উপস্থিতি বাধ্যতামূলক, এমন কোন IEP সদস্যের উপস্থিতি অব্যাহতি দিতে পারবে **না**। উপস্থিতি বাধ্যতামূলক এমন IEP টিম সদস্যের যখন সময় থাকে না, তখন আপনাকে ও IEP টিমকে নিশ্চিত করতে হবে সে সদস্য ছাড়া IEP মিটিং করা যৌক্তিক হবে কি না, নাকি মিটিংয়ের নতুন সময়সূচি নির্ধারণ করা যৌক্তিক হবে।

IEP টিম সদস্যকে আপনার সম্মতি ছাড়া অব্যাহতি দেওয়া যাবে **না**। একজন বাধ্যতামূলক IEP টিম সদস্যকে অব্যাহতি দানে সম্মতি প্রদানের অনুরোধ জানাতে হবে IEP **মিটিং-এর কমপক্ষে 5 ক্যালেন্ডার দিবন আগে**। সদস্যকে অব্যাহতি দেয়াতে সম্মত হলে আপনাকে ফর্ম-এ সই দিতে ও তা জমা দিতে হবে। আপনি সম্মত না হলে সে সদস্যকে সভায় উপস্থিতি থেকে অব্যাহতি দেওয়া হবে না।

উপস্থিতি বাধ্যতামূলক এমন IEP টিম সদস্যকে এমন কি তখনও অব্যাহতি দেওয়া যেতে পারে যখন সে সদস্যের সাথে সংশ্লিষ্ট পাঠ্যক্রম বা রিলেটেড সার্ভিস নিয়ে আলোচনা করা হবে। সেক্ষেত্রে সে IEP টিম সদস্য আপনাকে সেসব তথ্যের একটা সার-সংক্ষেপ পাঠাবেন যা IEP মিটিং-এ আলোচিত হবে। আপনি সার-সংক্ষেপ পাবেন IEP **মিটিং-এর কমপক্ষে 5 ক্যালেন্ডার দিবস আগে**। আপনি সংশ্লিষ্ট IEP সদস্যের অব্যাহতিতে সম্মত হবেন কি না বিবেচনাকাল এই সার-সংক্ষেপ পর্যালোচনা করবেন।

## IEP টিমের সদস্যদের মধ্যে আছেন:

- **আপনারা যারা পিতামাতা** কিংবা সন্তানের সাথে পিতৃমাতৃসুলভ সম্পর্কে আবদ্ধ ব্যক্তিগণ।
- **আপনার সন্তানের সাধারণ শিক্ষার একজন শিক্ষক** যেক্ষেত্রে আপনার সন্তান বর্তমানে বা আগামীতে সাধারণ শিক্ষার শিক্ষার্থী **হতে পারে**।
- **একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক এবং/অথবা সংশ্লিষ্ট পরিসেবা প্রদানকারী।** প্রাথমিক সুপারিশের ক্ষেত্রে স্কুলের একজন স্পেশাল এডুকেশন শিক্ষক টিমের স্পেশাল এডুকেশন প্রতিনিধি হিসেবে কাজ করেন। যদি কোন ছেলেমেয়ে ইতোমধ্যে স্পেশাল এডুকেশন সার্ভিস পেতে থাকে, তাহলে তার স্পেশাল এডুকেশন শিক্ষকদের একজন অংশগ্রহণ করবেন। আপনার সন্তান যদি রিলেটেড সার্ভিস (যেমন স্পিচ থেরাপি) গ্রহণ করে, তাহলে আপনার সন্তানের রিলেটেড সার্ভিস প্রদানকারী এই ভূমিকা পালন করতে পারবেন।
- **একজন স্কুল সাইকোলজিস্ট** যেক্ষেত্রে একটি প্রাথমিক মূল্যায়ন থাকে বা পুনর্মূল্যায়ন হয়, যেক্ষেত্রে একটি মানসিক মূল্যায়ন পর্যালোচনা করা হয়, এবং যেক্ষেত্রে কিছু প্রোগ্রাম বা পরিষেবার পরিবর্তন সুপারিশ করা হয়। এছাড়া একজন স্কুল সাইকোলজিস্ট অনুরোধসাপেক্ষে IEP মিটিং-এ অংশগ্রহণ করবেন।
- **একজন সোশ্যাল ওয়ার্কার** যদি মূল্যায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ করে থাকেন।
- **একজন ব্যক্তি যিনি শিক্ষানির্দেশনাগত তাৎপর্য ব্যাখ্যা করতে পারেন** মূল্যায়নের ফলাফলের। তারাও হতে পারেন IEP টিমের সদস্য যিনি অন্য একটি ভূমিকাও পালন করছেন, যেমন একজন সাধারণ শিক্ষার শিক্ষক, বিশেষ শিক্ষা প্রদানকারী, কিংবা স্কুল সাইকোলজিস্ট। মূল্যায়নের ফলাফল কীভাবে শিক্ষানির্দেশনাকে প্রভাবিত করতে পারে, বক্তারা তা নিয়ে কথা বলবেন।
- **ডিস্ট্রিক্ট প্রতিনিধি** এই ব্যক্তি স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদানে অথবা তত্ত্বাবধান করায় যোগ্যতাসম্পন্ন, সাধারণ শিক্ষা পাঠ্যক্রমের সাথে পরিচিত, এবং ডিসট্রিক্ট-এর তথ্য-উপকরণের লভ্যতা সম্পর্কে অবহিত। ডিস্ট্রিক্ট প্রতিনিধি IEP টিমে অপর একটি ভূমিকা পালন করতেও পারেন। ডিস্ট্রিক্ট প্রতিনিধির ভূমিকা হলো ছেলেমেয়েদের জন্য উপযুক্ত একটি IEP তৈরিতে গ্রুপটির নেতৃত্ব প্রদান করা যাতে সবাই সম্মত হন।
- **স্কুল ফিজিশিয়ান, লিখিতভাব** মিটিং-এর কমপক্ষে 72 **ঘণ্টা আগে** আপনি বিশেষভাবে অনুরোধ জানালে।
- **স্বীকৃতিপ্রাপ্ত পিতামাতা সদস্য, লিখিতভাব** মিটিং-এর কমপক্ষে 72 **ঘণ্টা আগে** আপনি বিশেষভাবে অনুরোধ জানালে। যিনি বিগত পাঁচ স্কুল বছরের মধ্যে IEP-যুক্ত একটি ছেলেমেয়ের মাতাপিতা, যিনি সংশ্লিষ্ট স্কুল ডিস্ট্রিক্ট-এ বসবাস করেন, আপনার অনুরোধে যিনি উপস্থিত হতে পারেন।
- আপনার সন্তান সম্পর্কে **বিশেষ জ্ঞান ও বিশেষজ্ঞসুলভ দক্ষতার অধিকারী অপর ব্যক্তি**, যেমন রিলেটেড সার্ভিস-এর কর্মচারী। আপনি তাদের উপস্থিতির জন্য অনুরোধ জানাতে পারেন, একইভাবে স্কুল এবং CSE-ও করতে পারে।
- **আপনার সন্তান (শিক্ষার্থী)**, উপযুক্ত হলে। যদি আপনার সন্তানের বয়স 14 বা বেশি হয়, তাহলে তাকে মিটিং-এ আমন্ত্রণ জানানো হবে এবং তা যদি আরও কম বয়সে করা যেতো, তাহলে সেটা হয়তো আরও ভালো কাজ হতো।

সেকশন 4

# ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)

## ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)

আপনার সন্তানকে তার জন্য LRE-এ FAPE প্রদান করার পরিকল্পনার একটি লিখিত বিবৃতি হলো IEP!

## পিতামাতার অর্থে ভর্তি শিক্ষার্থীদের রূপরেখা

আপনি যদি সন্তানকে আপনার নিজের খরচে কোন প্রাইভেট বা ধর্মীয় স্কুলে ভর্তি করে থাকেন, তাহলে আপনার সন্তানকে **পিতামাতার দ্বারা ভর্তি** বলে গণ্য করা হবে। পিতামাতার দ্বারা ভর্তি যে শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিস প্রয়োজন, সে সার্ভিসের জন্য শুধু ইন্ডিভিডিভিজুয়ালাইজড্ এডুকেশন সার্ভিসেস প্ল্যান, (ব্যক্তিক শিক্ষা পরিষেবা পরিকল্পনা, IESP) লাভ করবে। আপনার সন্তানকে স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদান করার পরিকল্পনার একটি লিখিত বিবৃতি হলো IESP! IESP-তে নিচে বর্ণিত IEP-এর **অনুরূপ** তথ্য অন্তর্ভুক্ত থাকবে। IESP-তে রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিষেবা), স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিস (শিক্ষক সহযোগিতা পরিষেবা), প্যারাপ্রোফেশন্যাল, এবং ট্রান্সপোর্টেশন-এর মতো পরিষেবার সুপারিশ করা হতে পারে।

CSE একটি **রিকোয়েস্ট ফর স্পেশাল এডুকেশন সার্ভিস** (বিশেষ শিক্ষা পরিষেবার অনুরোধ) ফর্ম প্রতি বছর পিতামাতার অর্থে ভর্তি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে প্রেরণ করে। যাতে আসন্ন স্কুল বছরে তাদের ছেলেমেয়েরা পরিষেবা লাভ করতে পারে, সেজন্য তাদের পিতামাতাদের অবশ্যই ফর্মটি পূরণ করতে ও সংশ্লিষ্ট CSE-তে জমা দিতে হবে। আপনি যদি মনে করেন, যে ফর্মটি আপনার পাওয়ার কথা ছিলো কিন্তু পাননি, কিংবা পিতামাতার অর্থে ভর্তি শিক্ষার্থীদের বিষয়ে আপনার কোন প্রশ্ন থাকলে আপনার CSE-এর সাথে যোগাযোগ করুন।

### লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (LRE)

আপনার সন্তান যতটুকু সম্ভব উপযুক্ত প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে লেখাপড়া করবে। এটাকে আপনার সন্তানের **ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ** (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (LRE) হিসেবে উল্লেখ করা হয়। IEP-যুক্ত শিক্ষার্থীদের যারা অধিক সময় প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে কাটায়, তারা[3]:

- ম্যাথ ও রিডিং টেস্ট-এ উচ্চতর স্কোর লাভ করে;
- স্কুলে স্বল্পতরসংখ্যক দিন অনুপস্থিত থাকে;
- বিঘ্নসৃষ্টিকারী আচরণের জন্য স্বল্পতর রেফারেল লাভ করে; এবং
- হাই স্কুল শেষে উন্নততর ফলাফল অর্জন করে।

## IEP-এর উপরিচিত্র

IEP-তে আপনার সন্তানের মূল্যায়ন ও শিক্ষা সংশ্লিষ্ট চাহিদার সাথে সম্পর্কিত বিষয়ে IEP টিমের আলাপ-আলোচনার প্রতিফলন ঘটে। স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিস এমনভাবে তৈরি করা হয় যাতে তা আপনার সন্তানের অনন্য চাহিদা পূরণ করে, IEP-তে IEP টিমের তেমন সুপারিশ অন্তর্ভুক্ত থাকে।

IEP-তে থাকবে:

3 Wagner, M., Newman, L., Cameto, R., Levine, P., and Garza, N. (2006). An Overview of Findings From Wave 2 of the National Longitudinal Transition Study-2 (NLTS2). (NCSER 2006-3004). Menlo Park, CA: SRI International.

**প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ—13**টি প্রতিবন্ধিতার শ্রেণির মধ্যে আপনার সন্তানের জন্য কোনটি প্রযোজ্য হবে, IEP-তে তা উল্লেখ থাকবে। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা 'সেকশন 3: IEP মিটিং' শিরোনামের অধীনে আছে।

**বর্তমান সাফল্যের স্তর—**এই সেকশন প্রতিবন্ধিতার সাথে সম্পর্কিত ক্ষেত্রগুলোতে আপনার সন্তানের দৃঢ়তা, সক্ষমতা, দুর্বলতা, ও প্রয়োজনের ব্যাখ্যা দেয়। এর অন্তর্ভুক্ত আছে মূল্যায়নের ফল, প্রাতিষ্ঠানিক সাফল্য, সামাজিক উন্নয়ন, শারীরিক বিকাশ এবং ব্যবস্থাপনা চাহিদা। আপনার সন্তানের প্রতিবন্ধিতা কীভাবে তার সাধারণ পাঠ্যক্রমের  অগ্রগতিকে প্রভাবিত করে, সে তথ্যও অন্তর্ভুক্ত করে। এই সেকশনের তথ্য আপনার ও স্কুল স্টাফদের করা মূল্যায়ন ও পর্যবেক্ষণ থেকে আসে।

**বিশেষ অবস্থার সাথে সম্বন্ধযুক্ত শিক্ষার্থীর চাহিদা—**নিচে উল্লেখ করা বিশেষ অবস্থাসমূহ মোকাবেলার জন্য আপনার সন্তানের বিশেষ কোন ডিভাইস বা সার্ভিস প্রয়োজন কি না, এই সেকশনে সেটা প্রকাশ করা হয়:

- আচরণগত সমস্যা
- বহুভাষী শিক্ষার্থী
- অন্ধত্ব বা দৃষ্টি প্রতিবন্ধিত্ব
- বধিরতা বা কানে কম শোনা
- সহায়ক প্রযুক্তি



**পরিমাপযোগ্য উত্তরমাধ্যমিক (পোস্টসেকেন্ডারি) লক্ষ্যসমূহ—**আপনার সন্তানের বয়স যদি 14 বা বেশি হয়, তাহলে IEP-তে শিক্ষা বা প্রশিক্ষণ, চাকরি, বা স্বাধীন জীবনযাপন দক্ষতার ক্ষেত্রের লক্ষ্যসমূহ অন্তর্ভুক্ত হবে। এসব লক্ষ্য স্থির করায় আপনার সংশ্লিষ্টতা গুরুত্বপূর্ণ, কারণ স্কুল-পরবর্তী জীবনের প্রস্তুতির জন্য এগুলো স্কুলের ও আপনার সন্তানের কাজের ভিত্তি তৈরি করে। আরও পরিমাপযোগ্য উত্তরমাধ্যমিক লক্ষ্যসমূহ 'সেকশন 7: হাই স্কুল পরবর্তী জীবন'-এ দেখুন।

**পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যসমূহ—**পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যসমূহ তৈরি করা হয় যাতে সেসব চাহিদা পূরণ করা যায় যা IEP টিম বর্তমান সাফল্যের স্তর-এ শনাক্ত করেছে। এগুলো হচ্ছে সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ যা আপনার সন্তান যুক্তিসঙ্গতভাবে একটি বছরে অর্জন করতে পারে। এসব লক্ষ্যসমূহকে হতে হবে **পরিমাপযোগ্য**, অর্থাৎ আপনার সন্তান এসব লক্ষ্যসমূহ অর্জন করেছে কি না, সেটা নির্ণয় করা অবশ্যই সম্ভব হতে হবে। আপনার সন্তান যদি **বিকল্প মূল্যায়ন**-এ অংশগ্রহণ করে থাকে, তাহলে লক্ষ্যসমূহকে স্বল্পমেয়াদি শিক্ষানির্দেশনার লক্ষ্য বা ধাপ হিসেবে ভাগ করে নিতে হবে। আরও কিছু পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যসমূহ 'সেকশন 7: হাই স্কুল পরবর্তী জীবন'-এ দেখুন, কারণ এগুলো আপনার সন্তানের হাই স্কুল পরবর্তী জীবনে উত্তরণের সাথে সম্পর্কযুক্ত।

**পিতামাতাদেরকে অগ্রগতির প্রতিবেদন প্রদান**—কখন অগ্রগতি পরিমাপ করা হবে এবং অগ্রগতি সম্পর্কে আপনাকে কীভাবে জানানো হবে, সেটা IEP-তে উল্লেখ থাকবে।

**সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সার্ভিস**—আপনার সন্তান যেসব প্রোগ্রাম এবং পরিষেবা লাভ করবে, IEP তার সুপারিশ করবে। আরও তথ্যের জন্য নিচে স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিস সেকশন দেখুন।

**পরীক্ষায় বিশেষ ব্যবস্থা**—পরীক্ষায় বিশেষ ব্যবস্থা হলো পরীক্ষা কাঠামোয় কোন পরিবর্তনের সুপারিশ। এগুলো তৈরি করা হয়েছে বাধা অপসারণ ও পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি করার উদ্দেশ্যে। IEP টিম আপনার সন্তানের পরীক্ষায় কোন পরিবর্তন আবশ্যক কি না, সেটা স্থির করতে আপনার সন্তানের আলাদা চাহিদাসমূহ বিবেচনা করবে, প্রয়োজন হলে সেটা কোনগুলো, তা নির্ণয় করবে।

**উত্তরণ কর্মকাণ্ডের (ট্র্যাঞ্জিশন অ্যাক্টিভিটিজ) সমন্বিত সেট**—এই সেকশনে IEP টিম আপনার সন্তানের জন্য সেসব কর্মকাণ্ড পরিকল্পনা করবে যেগুলো আপনার সন্তানের হাই স্কুল থেকে স্কুল পরবর্তী জীবনে উত্তরণের প্রতি নিবিষ্ট, যার লক্ষ্য অব্যাহত শিক্ষা, কর্মসংস্থান এবং/অথবা স্বাধীন জীবন যাপন। 14 বছর বা অধিক বয়স্ক শিক্ষার্থীদের জন্য, কিংবা প্রযোজ্য ক্ষেত্রে আরও আগে, IEP টিম এই সেকশনটি পূরণ করবে। উত্তরণ পরিকল্পনা প্রক্রিয়া সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য দেখুন 'সেকশন 7: হাই স্কুল পরবর্তী জীবন'। **উত্তরণ কর্মকাণ্ডের (ট্র্যাঞ্জিশন অ্যাক্টিভিটিজ) সমন্বিত সেট** সম্পর্কে আরও জানুন সেকশন 7-এ।

**স্টেট এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী মূল্যায়নে অংশগ্রহণ**—আপনার সন্তান স্টেট এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী মূল্যায়নে (অ্যাসেস্‌মেন্টে) অংশগ্রহণ করবে কি না এবং কীভাবে করবে, IEP-এর এই সেকশন সুনির্দিষ্টভাবে সেটা নির্দেশ করে।

- প্রমিত মূল্যায়নে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য পরীক্ষায় কোন বিশেষ ব্যবস্থার প্রয়োজন হলে তা IEP-তে তালিকাভুক্ত করা থাকবে।
- যেসব শিক্ষার্থী প্রমিত মূল্যায়নে অংশগ্রহণ করবে না, তাদের ক্ষেত্রে, আপনার সন্তানের অগ্রগতি কীভাবে পরিমাপ করা হবে, নিউ ইয়র্ক স্টেট অলটারনেট অ্যাসেসমেন্ট (NYSAA)-সহ IEP-তে অবশ্যই সেটি উল্লেখ থাকতে হবে। যেসব শিক্ষার্থী বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করছে, তারা লোকাল (স্থানীয়) বা রিজেন্টস্ ডিপ্লোমার যোগ্য নয়, অনুগ্রহ করে এ বিষয়টি জেনে রাখুন। ডিপ্লোমার শর্ত সংক্রান্ত আরও তথ্যের জন্য সেকশন 6: IEP আছে, এমন শিক্ষার্থীর গ্র্যাজুয়েশন দেখুন।

**প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের সঙ্গে অংশগ্রহণ**—আপনার সন্তান তার LRE-তে লেখাপড়া করছে, সেটা নিশ্চিত করতে IEP-এর এই অংশ আপনার সন্তানের সাধারণ শিক্ষা পাঠ্যক্রমে প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে ক্লাসে এবং অন্যান্য স্কুল কর্মকাণ্ডে অংশগ্রহণের ব্যাপ্তি নির্ধারণ করে।

**প্রমোশনের শর্ত**—এই সেকশন শুধু গ্রেড 3 – 8 পর্যন্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য। আপনার সন্তানকে প্রমিত মানদণ্ড, না সংশোধিত মানদণ্ডের ভিত্তিতে ধরা হবে, সেটা নির্দিষ্ট করে দেবে এই সেকশন। প্রোমোশন হলো একটি প্রক্রিয়া যা দিয়ে শিক্ষকগণ নির্ধারণ করেন শিক্ষার্থীরা পরবর্তী গ্রেডে সফল হবার জন্য প্রস্তুত কিনা, এবং যেসব বিষয় জানা এবং দক্ষতা অর্জন প্রয়োজন সেটি হয়েছে কিনা। সংশোধিত প্রমোশনের মানদণ্ড শিক্ষার্থীদেরকে প্রচলিত মানদণ্ডের চাইতে ভিন্ন শর্ত অনুযায়ী পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হওয়ার সুযোগ দেয়। IEP আছে, এমন অতি অল্প সংখ্যক শিক্ষার্থীরই শুধু সংশোধিত মানদণ্ড প্রয়োজন হবে। আপনার সন্তানকে যদি সংশোধিত মানদণ্ডে বিবেচনা করা হয়, তাকে তার IEP-তে উল্লিখিত সাক্ষরতা এবং/অথবা গণিতের এইসব বার্ষিক লক্ষ্য অর্জন করতে হবে অথবা প্রমোশনের জন্য পর্যাপ্ত অগ্রগতি দেখাতে হবে। যদি সংশোধিত প্রমোশনের মানদণ্ড সুপারিশ করা হয়, তাহলে IEP-তে অবশ্যই সে মানদণ্ডের বর্ণনা দেওয়া থাকতে হবে এবং আপনার সন্তানের কেন সংশোধিত মানদণ্ডপ্র য়োজন, তার কারণ উল্লেখ থাকতে হবে। স্মরণ রাখা গুরুত্বপূর্ণ যে প্রমোশনের মানদণ্ড পরিবর্তন হয় সাময়িক এবং তা হাই স্কুল পর্যায়ে করা হয় না। অতএব, আপনার সন্তানকে হাই স্কুলে সাফল্যের জন্য

প্রস্তুত করতে, DOE তাকে তার গ্রেড স্তরের শিক্ষণ মান অর্জনের সুযোগদানের, সেসব বিষয়ে অংশগ্রহণের, এবং অগ্রগতি লাভের লক্ষ্যে যথাযথ সহায়তা এবং পরিষেবা প্রদান নিশ্চিত করতে হবে।

**ডিপ্লোমার লক্ষ্য**—আপনার সন্তান যদি একটি ডিপ্লোমা এবং/অথবা কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (প্রারম্ভিক প্রশংসাপত্র) অর্জনের লক্ষ্যে কাজ করতে থাকে (যদি তা হয়, তাহলে কোনটি), IEP-তে সেটা অবশ্যই উল্লেখ থাকতে হবে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ, সকল শিক্ষার্থীকে লভ্য সর্বোচ্চ ডিপ্লোমার দিকে অগ্রসর হতে উৎসাহ প্রদান করা হচ্ছে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা হাই স্কুল থেকে নিম্নলিখিত ডিপ্লোমা ও ক্রেডেনশিয়াল অর্জন করতে পারে:

#### ডিপ্লোমাসমূহ

- অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমা
- রিজেন্টস্ ডিপ্লোমা
- লোকাল ডিপ্লোমা

#### ক্রেডেনশিয়াল

- ক্যারিয়ার ডেভালাপমেন্ট অ্যান্ড অক্যুপেশনাল স্টাডিজ (CDOS) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়ালস্
- স্কিলস্ অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (SACC)

প্রতিটি ডিপ্লোমা এবং ক্রেডেনশিয়াল বাছাই সংক্রান্ত আরও তথ্যের জন্য 'সেকশন 6: IEP আছে, এমন শিক্ষার্থীর গ্র্যাজুয়েশন' দেখুন।

## স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সার্ভিস

### কী প্রত্যাশিত: স্কুল-বয়সীদের স্পেশাল এডুকেশন সার্ভিস

IEP টিম, যে টিমের আপনি একজন গুরুত্বপূর্ণ সদস্য, বিবেচনা করবে কীভাবে আপনার সন্তানকে সাহায্য করা যাবে যাতে সে যতটা সম্ভব, এমনসব ছেলেমেয়েদের সাথে পড়ালেখা করতে পারবে যারা প্রতিবন্ধিতাযুক্ত নয়। এটাকে বলে আপনার সন্তানের **ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট, LRE)**।

আপনার সন্তানের চাহিদা একটি সাধারণ শিক্ষার ক্লাসে সহায়তা, এইড, পরিষেবা প্রদানসহ পূরণ করা যাবে কি না, IEP টিম প্রথমে সেটা বিবেচনা করবে। সেটি সম্ভব হলে সাধারণ শিক্ষা কাঠামোতে একটি প্রোগ্রামের সুপারিশ করা হবে।

যদি IEP টিম নির্ণয় করে যে আপনার সন্তানের চাহিদা সাধারণ শিক্ষার ক্লাসে পূরণ করা সম্ভব নয় (এমন কি যথাযথ স্পেশাল এডুকেশন সার্ভিস ও প্রোগ্রামসহ), তাহলে অন্য কোন কাঠামোর সুপারিশ করা হবে। এগুলোর অন্তর্ভুক্ত থাকতে পারে স্পেশাল ক্লাস বা স্পেশাল স্কুল।

আপনার জানা থাকা উচিৎ যে আপনার সন্তান পাঠ্যক্রম বহির্ভূত ও পড়ালেখার সাথে সম্পর্কহীন কর্মকাণ্ডে প্রতিবন্ধিতাহীন ছেলেমেয়েদর সাথে অংশগ্রহণ করবে। এসব কর্মকাণ্ডে অন্যান্যের মধ্যে শরীরচর্চা শিক্ষার ক্লাস, বিশ্রাম, এবং আফটার স্কুল কর্মকাণ্ড অন্তর্ভুক্ত। সম্ভাব্য ক্ষেত্রে আপনার সন্তান সেই একই স্কুলটিতে যাবে, প্রতিবন্ধিতা না থাকলে সে যে স্কুলটিতে সে যেতে পারতো।

IEP টিম ভিন্ন ভিন্ন স্পেশাল এডুকেশন সার্ভিস ও প্রোগ্রাম মিলিয়ে সমন্বয় করার সুপারিশ করতে পারে। আপনার সন্তানের IEP-তে উল্লিখিত পরিষেবা ও কর্মসূচি পুরো দিন জুড়ে অভিন্ন না-ও হতে পারে। এর স্থলে IEP আপনার সন্তানের জন্য প্রতিটি পাঠ্য বিষয়ে যথাযথ স্তরের সহায়তার সুপারিশ করতে পারে।

### স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (SETSS)

স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (এসইটিএসএস) হচ্ছে বিশেষভাবে পরিকল্পিত এবং/অথবা একজন বিশেষ শিক্ষার শিক্ষক প্রদত্ত সম্পূরক নির্দেশনা। শিক্ষার্থীদেরকে SETSS-এর মাধ্যমে একজন স্পেশাল এডুকেশন শিক্ষককে দিয়ে সাধারণ শিক্ষার ক্লাসরুমে প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষা লাভে ও অগ্রগতি অর্জনে সহায়তা প্রদান করা হয়। SETSS শিক্ষক সরাসরি শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনা প্রদান করতে পারেন। এটাকে "প্রত্যক্ষ" SETSS বলা হয়। যখন প্রত্যক্ষ SETSS প্রদান করা হয়, তখন SETSS শিক্ষক:

# ইনটিগ্রেটেড কো-টিচিং (ICT) ক্লাসরুমে প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন, উভয় ধরনের শিক্ষার্থীই অন্তর্ভুক্ত করে।

- আপনার সন্তানের সাধারণ শিক্ষা ক্লাসে পাঠ্য বিষয়বস্তুকে রূপান্তরিত করতে পারেন, কিংবা
- শিক্ষানির্দেশনার ভিন্ন পদ্ধতি প্রয়োগ করতে পারেন। এগুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে একটি নির্দিষ্ট পঠন (রিডিং) শিক্ষানির্দেশনা পদ্ধতি যা সাধারণ শিক্ষার ক্লাসে প্রদান করা হয় না, উদাহরণস্বরূপ ভিজুয়াল এইড (দৃষ্টিগ্রাহ্য সহায়তা) বা সরলীকৃত শিক্ষানির্দেশনা ব্যবহার করার কথা বলা যেতে পারে।

পালাক্রমে স্পেশাল এডুকেশন শিক্ষক আপনার সন্তানের সাথে সরাসরি কাজ না করে আপনার সন্তানের সাধারণ শিক্ষার শিক্ষকের সাথে কাজ করতে পারেন। সেটা করার জন্য SETSS প্রদানকারী আপনার সন্তানের সাধারণ শিক্ষার শিক্ষককে আপনার সন্তানের শিক্ষণ পরিবেশকে এবং/অথবা শিক্ষকের শিক্ষানির্দেশনা পদ্ধতিকে কীভাবে রূপান্তরিত করতে হবে, তার রূপরেখা প্রদান করবেন। এটাকে "পরোক্ষ" SETSS বলা হয়।

### SETSS সুপারিশ করা হলে আপনার সন্তানের IEP-তে যা নির্দেশিত থাকবে:

- কোন ক্লাসগুলোতে SETSS প্রদান করা হবে
- **পুনরাবৃত্তি ও সময়সীমা**—প্রতি সপ্তাহে কয়টি পিরিয়ড সার্ভিস প্রদান করা হবে এবং প্রতিটি পিরিয়ডের সময়সীমা। এটি কম হলে সপ্তাহে তিন ঘণ্টা বা বেশি হলে স্কুল দিবসের 50% ভাগ সময় হতে পারে।
- **SETSS সার্ভিসের শ্রেণিবিভাগ**—আপনার সন্তানকে এসব সার্ভিস প্রত্যক্ষভাবে প্রদান করা হবে, নাকি পরোক্ষভাবে সাধারণ শিক্ষার শিক্ষকের মাধ্যমে প্রদান করা হবে।
- **স্থান**—সেসব সার্ভিস আপনার সন্তানের ক্লাসরুমে বা ভিন্ন কোন স্থানে, নাকি দুটির সমন্বয়ে প্রদান করা হবে।
- **গ্রুপের আকৃতি**—আপনার সন্তানকে একা, নাকি গ্রুপের সাথে দেখা হবে। যদি SETSS দলগতভাবে প্রদানের সুপারিশ করা হয়, তাহলে গ্রুপের সর্বোচ্চ আকৃতি আপনার সন্তানের IEP-তে উল্লেখ করা থাকবে। এ সংখ্যা আট ছাড়িয়ে যেতে পারবে না।

### সমন্বিত সহ-শিক্ষকতা (ইনটিগ্রেটেড কো-টিচিং, ICT)

ইনটিগ্রেটেড কো-টিচিং (ICT) ক্লাসরুমে প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন, উভয় ধরনের শিক্ষার্থীই অন্তর্ভুক্ত করে। ICT ক্লাসরুমে দুইজন শিক্ষক নেতৃত্ব দেন: একজন সাধারণ শিক্ষার শিক্ষক এবং একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক। শিক্ষকরা একসাথে কাজ করেন এবং পুরো ক্লাস সাধারণ শিক্ষার পাঠ্যক্রমে অংশগ্রহণ করতে পারছে, সেটা নিশ্চিত করার জন্য মিলিতভাবে শিক্ষানির্দেশনা অভিযোজন ও পরিবর্তন করেন।

একটি ICT ক্লাসরুমে IEP আছে এমন শিক্ষার্থীর সংখ্যা ক্লাস রেজিস্টারের শিক্ষার্থী সংখ্যার 40% বা কম হবে, সর্বোচ্চ ১২ জন IEP-যুক্ত শিক্ষার্থী থাকবে।

যদি ICT সুপারিশ করা হয়, তাহলে যে পাঠ্য বিষয় (যেমন গণিত, ELA, বা বিজ্ঞান) বিষয়ে ICT পদ্ধতে প্রয়োগ করা হবে, আপনার সন্তানের IEP তা নির্দিষ্ট করে দেবে।

### স্পেশাল ক্লাস সার্ভিস

স্পেশাল ক্লাস হলো এমন ক্লাস যা শুধু প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের দেওয়া হয়। যেসব শিক্ষার্থীর চাহিদা সাধারণ শিক্ষার ক্লাসরুমে স্পেশাল এডুকেশন সার্ভিস দিয়েও পূরণ করা যায় না, স্পেশাল ক্লাস সেসব শিক্ষার্থীদের পরিষেবা দেয়। একজন শিক্ষার্থীর জন্য কিছু শিক্ষানির্দেশনার ক্ষেত্রে কিংবা সকল শিক্ষানির্দেশনার ক্ষেত্রে স্পেশাল ক্লাস সার্ভিসের জন্য সুপারিশ করা হতে পারে। এই সুপারিশ নির্ভর করবে নির্দিষ্ট শিক্ষার্থীর চাহিদার উপর।

স্পেশাল ক্লাসে অনুরূপ চাহিদা আছে, এমন শিক্ষার্থীদের দলভুক্ত করতে হবে। ক্লাসগুলোতে একই প্রতিবন্ধিতাযুক্ত বা ভিন্ন ভিন্ন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী থাকতে পারে, যতক্ষণ পর্যন্ত তাদের ক্রিয়াশীলতার স্তর হয় সমরূপ। এর অর্থ একটি স্পেশাল ক্লাসের শিক্ষার্থীদের থাকে অনুরূপ স্তরের:

- প্রাতিষ্ঠানিক ও শিখন বৈশিষ্ট্য
- শারীরিক বিকাশ
- ব্যবস্থাপনা চাহিদা

**স্পেশাল ক্লাসের স্টাফদের সংখ্যা**

স্পেশাল ক্লাসগুলোতে স্টাফদের সংখ্যানুপাতের স্তরে তারতম্য আছে। এসব স্তর নিশ্চিত করা হয় শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক বা ব্যবস্থাপনা চাহিদা অনুযায়ী। স্টাফদের সংখ্যার অনুপাত IEP-তে লিখা থাকে শিক্ষার্থী সংখ্যা অনুপাত শিক্ষকদের সংখ্যা অনুপাত প্যারাপ্রফেশন্যালদের অনুপাত অনুযায়ী। উদারহণস্বরূপ, যদি বারোজন শিক্ষার্থীকে পরিষেবা দেন একজন স্পেশাল এডুকেশন টিচার এবং একজন প্যারাপ্রফেশন্যাল, তাহলে সেটাকে দেখানো হবে 12:1+1 হিসাবে।

**ক্লাসরুম প্যারাপ্রফেশন্যালস্**

কিছু (কিন্তু সবগুলো নয়) স্পেশাল ক্লাস আছে যেগুলোতে এক বা একাধিক ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল থাকেন। একজন ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল সাধারণ তত্ত্বাবধানের অধীনে এবং একজন ক্লাসরুম শিক্ষকের নির্দেশনায় শিক্ষানির্দেশনা পরিষেবা, শারীরিক সহায়তা, এবং/অথবা আচরণগত সহাযতা প্রদান করতে পারেন।

স্পেশাল ক্লাসের শ্রেণিবিভাগের উপর নির্ভর করে ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল:

- ক্লাসরুম শিক্ষকের দেওয়া বিবরণ অনুযায়ী একজন শিক্ষার্থী বা একটি শিক্ষার্থী গ্রুপকে শিক্ষানির্দেশনা দিতে পারেন;
- শিক্ষার্থীদেরকে একটি কর্মকাণ্ড থেকে আরেকটিতে স্থানান্তর করতে সহায়তা করবেন (যেমন ক্লাসের অভ্যন্তরে; স্কুলব্যাপী আগমন এবং প্রত্যাগমনে; ক্যাফেটেরিয়াতে ও ক্লাসরুমসমূহের মধ্যে যাওয়া আসায়);
- শিক্ষার্থীদের যথোপযুক্ত আচরণে সহায়তা দেবেন; এবং/অথবা
- টয়লেট ব্যবহার প্রশিক্ষণ এবং টয়লেট ব্যবহারে সহায়তা দেবেন।

## উল্লেখযোগ্য প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য স্পেশালাইজড্ পাবলিক স্কুল (ডিস্ট্রিক্ট 75 স্কুল)

ডিস্ট্রিক্ট 75 হলো DOE-এর অন্তর্ভুক্ত একটি স্পেশালাইজড্ ডিস্ট্রিক্ট যা অধিকতর নিবিড় এবং/অথবা বিশেষায়িত সহায়তার চাহিদাযুক্ত শিক্ষার্থীদের পরিষেবা দেয়। ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামগুলো নিউ ইয়র্ক সিটির সর্বত্র বিদ্যমান। কিছু ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রাম সেসব স্কুলগুলোতে অবশিষ্ট যা প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের পরিষেবা দেয়। অন্যান্য ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামগুলো আলাদা ভবনে অবস্থিত যা শুধু IEP আছে এমন শিক্ষার্থীদের পরিষেবা দেয়। ডিস্ট্রিক্ট 75-এ বহু ধরনের ব্যবস্থা রয়েছে। LRE-এর শর্তাবলি মেনে শিক্ষার্থীরা যেসব ক্ষেত্রে 75 পরিষেবা পেতে পারে:

- সাধারণ শিক্ষার (জেনারেল এডুকেশন) ক্লাসরুমে
- কম্যুনিটি স্কুল ভবনে অবস্থিত স্পেশাল ক্লাসে
- স্পেশালাইজড স্কুলে স্পেশাল ক্লাসে
- হাসপাতালে বা বাড়িতে

আপনার সন্তানের জন্য যথোপযুক্ত প্রোগ্রাম ও ক্লাস সাইজ নিশ্চিত করবে IEP টিম।

ডিস্ট্রিক্ট 75 ক্লাসগুলো উল্লেখযোগ্য শ্রুতি ও দৃষ্টি বৈকল্য আছে এমন শিক্ষার্থীদের সহায়তা প্রদান করতে পারে। এসব ক্লাসের বিশেষায়িত যন্ত্রপাতি ও পরিসেবার ব্যবস্থা আছে যা ক্লাসরুমে সারা দিনব্যাপী সমন্বিত করা যেতে পারে। এসব সমস্যা আক্রান্ত শিক্ষার্থীদেরকে অডিওলজি, অ্যাসিস্টিভ টেকনলজি, সাইন ল্যাঙ্গুয়েজে দোভাষী এবং মবিলিটি (চলাফেরা) পরিষেবা, ইত্যাদি পরিষেবার দ্বারা সহায়তা করা হতে পারে। শিক্ষানির্দেশনা উপকরণ এমন প্রক্রিয়ায়, যেমন ব্রেইল, প্রদান করা হবে যা শিক্ষার্থীর জন্য বোধগম্য হবে। যেসব শিক্ষার্থীর দৃষ্টি ও শ্রবণ সমস্যা এতো মারাত্মক নয় যে এ ধরনের নিবিড় প্রোগ্রাম প্রয়োজন, তারা এসব সহায়তা পরিষেবা

লাভ করবে তাদের সাধারণ শিক্ষা, সহ-শিক্ষকতা, কিংবা কম্যুনিটি-ভিত্তিক ব্যবস্থায় পেতে পারে।

যেসব শিক্ষার্থী স্কুল ব্যবস্থায় মারাত্মক উদ্বেগে আক্রান্ত হয় (স্কুল-ভীতি আছে যাদের) এবং যেসব শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক সমস্যা রয়েছে যার হাসপাতাল বা বাড়িতে সাময়িক ও দীর্ঘ-মেয়াদী শিক্ষানির্দেশনার ব্যবস্থা প্রয়োজন, ডিস্ট্রিক্ট 75-এর প্রোগ্রামগুলো তাদেরকে সহায়তা দিতে পারে।

## সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস)


প্রযোজ্য ক্ষেত্রে রিলেটেড সার্ভিস সুপারিশ করা হয় সকল শিক্ষার্থীদের শিক্ষাগত লক্ষ্য অর্জনে সক্ষমতা বৃদ্ধির জন্য। নিচে রিলেটেড সার্ভিসের দুটি উদারহরণ দেওয়া হলো:

**কাউন্সেলিং** শিক্ষাক্ষেত্রে বিঘ্ন সৃষ্টিকারী আচরণ সনাক্ত ও সংশোধন করায় শিক্ষার্থীদের সহায়তা করে। যেসব শিক্ষার্থীর সামাজিক-মানসিক সমস্যা রয়েছে যা বয়স্কদের বা সহপাঠীদের সাথে যথোপযুক্ত ভাববিনিময় করতে না পারা, নিজেকে গুটিয়ে নেওয়া, উন্মাদনা, আত্মবিশ্বাসের অভাব, কিংবা পরিস্থিতির সাথে খাপ-খাওয়ানর দক্ষতার অভাবসহ শিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য বিঘ্ন সৃষ্টি করে, তাদের জন্য কাউন্সেলিং সুপারিশ করা হয়।

**হিয়ারিং এডুকেশন সার্ভিস** (শ্রবন সমস্যাগ্রস্তদের জন্য পরিষেবা) বধির বা শ্রুতি-সমস্যাক্রান্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে। সার্টিফিকেটধারী 'ডেফ অ্যান্ড হার্ড অভ হিয়ারিং' শিক্ষক (শ্রবণসমস্যাগ্রস্থদের শিক্ষক) শ্রবণসমস্যাগ্রস্থ বলে প্রমাণ উপস্থাপনকারী শিক্ষার্থীদের সহায়তা প্রদান করেন। এই শ্রবণসমস্যা তাদের শিক্ষার সুযোগ গ্রহণে ও সাফল্যে বিঘ্ন সৃষ্টি করে। শিক্ষার্থীদের ভাষাগত অগ্রগতি, সামাজিক দক্ষতা, শোনার ও পাঠোদ্ধারের জন্য অডিটরি মেমোরি (শুনে মনে রাখা) বৃদ্ধির জন্য কৌশল শেখানো হয়। যেসব শিক্ষার্থী ব্যক্তিগত হিয়ারিং এইড ব্যবহার করেন, তাদেরকে হিয়ারিং অ্যাসিস্টিভ টেকনলজি (HAT)-এর সাথে সংযোগ দেওয়া হয় যাতে তারা শিক্ষানির্দেশনা গ্রহণের সুযোগ পায়। হিয়ারিং এডুকেশন সার্ভিস (HES) এই প্রযুক্তি বিতরণ ও মনিটর করে।

**অকুপেশন্যাল থেরাপি (OT)** শিক্ষার্থীদেরকে স্কুল-ভিত্তিক অভিযোজন ও সক্রিয়তা দক্ষতা বাড়াতে সহায়তা করে। এসব দক্ষতার অন্তর্ভুক্ত আছে সুক্ষ্ম পেশী সঞ্চালন দক্ষতা, ক্লাসরুমের দায়িত্ব পালনে সক্ষমতা ও বাধাহীন স্থানান্তর; কার্যকর সংবেদক সুক্ষ্ম পেশী সঞ্চালন দক্ষতা; এবং হুইলচেয়ার নিয়ন্ত্রণসহ দৈনন্দিন জীবনযাপনমূলক কর্মকাণ্ড। যখন শিক্ষার্থীর পরিবেশের সাথে খাপ খাওয়ানোর, প্রদত্ত কাজের রূপান্তরের, কিংবা প্রাত্যহিক জীবন ও স্কুলের কর্মকাণ্ডে অংশগ্রহণের ও সাফল্য বৃদ্ধির জন্য অন্যান্য দক্ষতা আয়ত্ত করার প্রয়োজন হয়, তখন OT সুপারিশ করা হয়। লক্ষ্যণীয় যে, OT পেতে হলে ডাক্তারি প্রেসক্রিপশন আবশ্যক। মূল্যায়ন প্রক্রিয়া চলাকালে OT বিবেচনা করা হলে আপনাকে তখন একটি প্রেসক্রিপশন সংগ্রহ করার জন্য বলা হতে পারে।

**ফিজিক্যাল থেরাপি (PT)** শিক্ষার্থীদেরকে তাদের শারীরিক ক্রিয়াশীলতার ক্ষমতা বৃদ্ধিতে এবং স্কুলে



সহজ স্থানান্তরে সহায়তা করে। PT বৃহৎ পেশী সঞ্চালন দক্ষতার উন্নয়ন, সচলতা, ভারসাম্য এবং বিভিন্ন স্কুল কাঠামোয়, যেমন ক্লাসরুম, জিম, বাথরুম, খেলার মাঠ এবং সিড়িতে, সমন্বয়সাধনের প্রতি নিবিষ্ট হতে পারে। শিক্ষার্থীদেরকে হেঁটে, হুইলচেয়ারে কিংবা অন্য কোন মাধ্যম ব্যবহার করে স্কুলের বিভিন্ন এলাকায় যাতায়াতে করার জন্য PT সুপারিশ করা হতে পারে। কোন শিক্ষার্থীর ক্লাসরুম কর্মকাণ্ডে অংশগ্রহণে সহায়তা প্রদানের (অন্য কথায়, শিক্ষার্থীকে ক্লাসরুমের অভ্যন্তরে অংশগ্রহণে ও চলাফেরায় সহায়তা প্রদান করা) সুপারিশ করা হতে পারে। কোন শিক্ষার্থীকে লাঞ্চরুম, খেলার মাঠ, বাথরুম এবং/অথবা পরিবহন ব্যবস্থায় যাতায়াতে সহায়তা প্রদানের জন্যও এটা সুপারিশ করা হতে পারে। লক্ষ্যণীয় যে, PT পেতে হলে ডাক্তারি প্রেসক্রিপশন আবশ্যক। মূল্যায়ন প্রক্রিয়া চলাকালে PT বিবেচনা করা হলে আপনাকে তখন একটি প্রেসক্রিপশন সংগ্রহ করার জন্য বলা হতে পারে।

**স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি** শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক ও সামাজিক পরিস্থিতিসমূহে স্কুলের পরিবেশ জুড়ে লিসেনিং (শুনে বোঝা), স্পিকিং (বলা), রিডিং (পড়ে বোঝা) এবং রাইটিং (লেখা) দক্ষতা উন্নয়নে সহায়তা করে। কোন শিক্ষার্থীকে স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি সুপারিশ করা হয় যখন এ ধরনের পরিষেবা শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক ও সামাজিক পরিস্থিতিসমূহে লিসেনিং, স্পিকিং, রিডিং এবং রাইটিং দক্ষতা উন্নয়নে সহায়তার জন্য প্রয়োজন হয়। থিরাপিস্টগণ নিম্নলিখিত যোগাযোগ দক্ষতার প্রতি অভিনিবেশ প্রদান করেন:

- অর্থ বোঝা (নির্দেশনা অনুসরণ করা, লেখা বুঝতে পারা),
- ভাষা (শব্দের অর্থ, একসাথে শব্দ জুড়ে দেওয়া, সঠিক ব্যাকরণ ব্যবহার করা),
- স্পষ্টতা (ধ্বনি),
- কণ্ঠ (ধ্বনি সৃষ্টির জন্য কণ্ঠের ব্যবহার),
- প্রায়োগিক (সামাজিক ভাষা), এবং
- প্রাঞ্জলতা (কথার ছন্দ)।

**দৃকশক্তি শিক্ষা পরিষেবা** দৃষ্টি প্রতিবন্ধিত্ব আছে এমন শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনায় সহায়তা প্রদান করে। শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক, সামাজিক, কারিগরি, জীবনযাপন, সাক্ষরতা এবং তথ্য-সংগ্রহ দক্ষতার ব্যাপারে সহায়তা প্রদানের জন্য এসব পরিষেবায় স্পর্শানুভূতি, দৃষ্টি, এবং শ্রবনসংশ্লিষ্ট কৌশল ব্যবহার করা হয়। ভিশন এডুকেশন (দৃষ্টিসমস্যাগ্রস্থদের শিক্ষা)



সুপারিশ করা হতে পারে কোন শিক্ষার্থীকে, যার দৃষ্টিক্ষমতা এতোটাই দুর্বল যে ক্লাসরুমে সক্রিয় হতে হলে তার সহায়ক উপকরণ এবং/অথবা অভিযোজন প্রক্রিয়া প্রয়োজন।

**অরিয়েন্টেশন অ্যান্ড মবিলিটি সার্ভিস** শিক্ষার্থীদেরকে স্কুল ব্যবস্থার অভ্যন্তরে নিরাপদে চলাফেরা করা শেখায়। একজন শিক্ষার্থী কোথায় আছে, কোথায় যাবে, এবং কীভাবে সেখানে নিরাপদে যেতে পারবে, এসব পরিষেবা তাদেরকে সেটা শেখায়।

## রিলেটেড সার্ভিসের সুপারিশ

ন্যূনতম নিষেধাত্মক পরিবেশের উপযোগী সংশ্লিষ্ট পরিষেবা দেয়া উচিত, এবং সম্ভব হলে স্কুলকে সেগুলো ক্লাসরুমের সাথে সমন্বিত করা উচিৎ। শিক্ষানির্দেশনার লক্ষ্যে সহায়তার জন্য সেগুলোকে আপনার সন্তানের শিক্ষক, অন্যান্য শিক্ষানির্দেশনা কর্মকর্তা, এবং পিতামাতা হিসেবে আপনার সঙ্গে ঘনিষ্ঠভাবে সমন্বয় করতে হবে। যদি আপনার সন্তানের রিলেটেড সার্ভিস প্রযোজ্য হয়, তাহলে তা আপনার সন্তানের IEP-তে সুপারিশ করা হবে। IEP-তে থাকবে:

- **পুনরাবৃত্তি ও সময়সীমা**—প্রতি সপ্তাহে কয়টি অধিবেশন সার্ভিস প্রদান করা হবে এবং প্রতিটি অধিবেশনের সময়সীমা।
- **রিলেটেড সার্ভিসের ধরন**—যেমন, ফিজিক্যাল থেরাপি, অকুপেশন্যাল থেরাপি কিংবা স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি।
- **স্থান**—সেসব সার্ভিস আপনার সন্তানের ক্লাসরুমে বা ভিন্ন কোন স্থানে, নাকি দুটির সমন্বয়ে প্রদান করা হবে।
- **গ্রুপের আকৃতি**—আকৃতি—আপনার সন্তানকে একা, নাকি গ্রুপের সাথে দেখা হবে, এবং গ্রুপে হলে কতজন শিক্ষার্থী গ্রুপে থাকবে।

### ক্লাসরুমে রিলেটেড সার্ভিস সমন্বিত করলে সকল শিক্ষার্থী উপকৃত হতে পারে

যখন ক্লাসরুমে রিলেটেড সার্ভিস প্রদান করা হয়, তখন সেটা থেকে শুধু যে ব্যক্তিকে পরিষেবা দেওয়া হয়, শুধু সে নয়, পুরো ক্লাসই উপকৃত হয়।

#### শিক্ষার্থীর জন্য উপকার:

- ক্লাসরুমের কর্মকাণ্ড থেকে বঞ্চিত হতে হবে না
- স্বাভাবিক পরিবেশে দক্ষতা অনুশীলনের অধিক সুযোগ মিলবে
- থেরাপিস্ট কৌশলগুলোর কার্যকারিতা নজরদারি করতে পারবেন
- সামাজিক গ্রহণযোগ্যতা, আত্মমর্যাদাবোধ এবং সামাজিক দক্ষতা বৃদ্ধি পায়
- থেরাপিস্টদের কৌশল বাস্তবায়ন দেখার পর শিক্ষকগণ সেগুলো প্রয়োগ করতে পারবেন

#### পুরো ক্লাসের জন্য উপকার:

- প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন উভয় ছেলেমেয়েদের জন্য বর্ধিত সাফল্য
- অধিকতর মনোযোগ
- প্রদত্ত কাজ বিষয়ক অধিকতর আচরণ
- ক্লাসরুমে অধিকতর সাফল্য
- প্রমিত পরীক্ষাসমূহে অধিকতর সাফল্য


রিসোর্স/স্বীকৃত: McWilliam & Scott 2001; Kennedy, Shuka & Fryxell 1997; Mu,. Siegal & Allinder 2000; Kennedy & Itkonen 1994; Hughes 2001; Oriel, George, Peckus & Semon.

## অ্যাসিসটিভ টেকনোলজি ডিভাইস এবং/অথবা পরিষেবা

অ্যাসিস্টিভ টেকনলজি (AT) হলো যে কোন সরঞ্জাম, যন্ত্রপাতি, কিংবা পণ্য ব্যবস্থা যা শিক্ষার্থীর কর্মক্ষমতা বৃদ্ধি করে। লো-টেক ডিভাইসগুলোর মধ্যে আছে গ্র্যাফিক অর্গ্যানাইজার্স, স্ল্যান্ট বোর্ড, ম্যানিপুলেটিভস্ (হাতে-কলমে, পারস্পরিক ক্রিয়াশীল গণিত উপকরণ ইত্যাদি) এবং অন্যান্য। হাই-টেক ডিভাইসগুলোর মধ্যে থাকতে পারে ট্যাবলেট ও প্রাসঙ্গিক সফটওয়্যার যা শিক্ষার্থীদেরকে ভাববিনিময়ে ও প্রদত্ত কাজ সম্পাদনে সক্ষম করে। ছেলেমেয়েদেরকে AT ডিভাইসগুলো ব্যবহার শেখানোর প্রশিক্ষণ ও সহায়তার মতো AT সার্ভিসগুলো সুপারিশ করা হতে পারে।

যদি অ্যাসিস্টিভ টেকনলজি চাওয়া হয়, তাহলে শিক্ষার্থীকে প্রথমে মূল্যায়ন করতে হবে। তারপর IEP টিম একটি নির্দিষ্ট অ্যাসিস্টিভ টেকনলজি ডিভাইস বা সার্ভিস নির্ধারণ করবে যা শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য।

## শিক্ষার্থীর ব্যক্তিক চাহিদা পূরণের জন্য অ্যাসিস্টিভ টেকনলজি উপযোগিতা অনুযায়ী প্রস্তুত করা হবে

| বিষয় | শিক্ষার্থীর সমস্যা | সম্ভাব্য AT সমাধানসমূহ* | |
|---|---|---|---|
| **ম্যাথ (গণিত)** | অঙ্কে সমস্যা, শৃঙ্খলাবিধান, অঙ্ক সামঞ্জস্যপূর্ণভাবে সাজানো ও কাগজে অঙ্ক কপি করা | টকিং (কথা বলা) ক্যালকুলেটর, অভিযোজিত গ্রাফিক পেপার, ম্যানিপুলেটিভ, সফটওয়্যার |  |
| **রাইটিং** | লিখা বা বানান করার জন্য শারীরিক সবলতা, শব্দ ব্যবহার, শৃঙ্খলাবিধান ইত্যাদি | ওয়ার্ড প্রসেসর, স্ল্যান্ট বোর্ড, অভিযোজিত কি-বোর্ড/ট্যাবলেট, সফটওয়্যার |  |
| **রিডিং** | পাঠোদ্ধারে সমস্যা, পাঠে সাবলীলতা বা বোধগম্যতা | রিডিং পেইন (লেখা বড় করা), উজ্জ্বল বর্ণের লেখা, ডিজিটাল বই, কমপিউটার/ট্যাবলেট, সফটওয়্যার |  |
| **যোগাযোগ** | ননভার্বাল (মুক) বা দুর্বোধ্যভাবে কথা বলার সমস্যা | কম্যুনিকেশন বুক, স্পিচ-জেনারেটিং (টেক্সট থেকে কথায় রূপান্তর করা) ডিভাইস, পিকচার কম্যুনিকেশন (ছবি দিয়ে ভাববিনিময়) সিস্টেম, ভয়েস আউটপুট (কণ্ঠস্বরে প্রকাশ করা) ডিভাইস |  |
| **স্মৃতি/** | পরিকল্পনা তৈরি, গোছানো, সময়সূচি/কর্মসূচি/কর্মতালিকা মেনে চলা, ইত্যাদিতে সমস্যা | গ্রাফিক (সচিত্র) অর্গ্যানাইজার, সফটওয়্যার |  |
| **লিসনিং** | মুখে বলা কথাবার্তা বুঝায় ও স্মরণ রাখায় সমস্যা | ডিজিটাল রেকর্ডার, FM ইউনিট |  |

* যেসব ডিভাইস পাওয়া সম্ভব, উপরে প্রদর্শিতগুলো হলো তার কিছু নমুনা এবং তা শুধু উদাহরণ হিসেবে দেওয়া হয়েছে। অ্যাসিস্টিভ টেকনলজি সম্পর্কে আরও তথ্যের জন্য ওয়েবসাইট দেখুন https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/assistive-technology

# ডিস্ট্রিক্ট 1-32 স্কুলসমূহে স্পেশালাইজড্ কর্মসূচি

অটিজম (অটিজম্ স্পেক্ট্রাম ডিসঅর্ডারস্ বা ASD হিসেবেও পরিচিত), বুদ্ধি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী, এবং প্রতিবন্ধিতাযুক্ত ইংরেজি ভাষা শিক্ষার্থী/বহুভাষীক শিক্ষার্থীসহ অধিকাংশ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে- সেরা পরিষেবা দেওয়া হয তাদের ডিস্ট্রিক্টের স্কুলসমূহে। তবে, কিছু কিছু শিক্ষার্থীর জন্য একটি স্পেশাল ক্লাস বা প্রোগ্রাম উপযুক্ত হয়। যেসব স্কুলে স্পেশাল এডুকেশন সাপোর্ট এবং সার্ভিস বর্তমানে নেই, সেগুলোক স্পেশালাইজড প্রগ্রাম হিসেবে বিবেচনা করা হয়। প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্যের এবং প্রয়োজনীয় অ্যাপ্লিকেশন ডাউনলোড করার জন্য দেখুন https://www.schools.nyc.gov/special-education/school-settings/specialized-programs/

### স্পেশালাইজড্ প্রোগ্রামের অন্তর্ভুক্ত আছে:

**ACES (অ্যাকাডেমিকস্, ক্যারিয়ার, এবং এসেনশিয়াল স্কিলস্) বুদ্ধি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য প্রোগ্রাম**—বুদ্ধি প্রতিবন্ধিতাযুক্ত (ID) হিসেবে চিহ্নিত করা হয়েছে এবং NYSAA-সহ বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করে, সে ধরনের শিক্ষার্থীদের জন্য কম্যুনিটি স্কুলে এমন একটি স্পেশাল ক্লাস বা প্রোগ্রাম। এ প্রোগ্রামের জন্য বিবেচিত হতে হলে আপনাকে অবশ্যই একটি আবেদনপত্র জমা দিতে হবে। আরো তথ্যের জন্য acesprograms@schools.nyc.gov ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন।

**ASD নেস্ট**—সবগুলো বা অধিকাংশ পাঠ্যবিষয়ে গ্রেড স্তরের অথবা উচ্চতর স্তরের গ্রেড অর্জনকারী অটিজমযুক্ত শিক্ষার্থীদের জন্য একটি কম সংখ্যক শিক্ষার্থীবিশিষ্ট ICT ক্লাস কাঠামো। এ প্রোগ্রামের জন্য বিবেচিত হতে হলে আপনাকে অবশ্যই একটি আবেদনপত্র জমা দিতে হবে। আরো তথ্যের জন্য asdprograms@schools.nyc.gov ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন।

**ASD হরাইজন**—সাধারণত একটি স্পেশাল ক্লাস যেখানে **8** (আট) জন পর্যন্ত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী থাকে যারা গ্রেড-স্তরের মান অর্জনের জন্য কাজ করে, কিন্তু স্কুল দিবস চলাকালে তাদের ব্যক্তিক সহায়তার প্রয়োজন হয়। এ প্রোগ্রামের জন্য বিবেচিত হতে হলে আপনাকে অবশ্যই একটি আবেদনপত্র জমা দিতে হবে। আরো তথ্যের জন্য asdprograms@schools.nyc.gov ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন।

**বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন (BSE)**—যদি কোন শিক্ষাথীর একটি ইনটিগ্রেটেড কো-টিচিং বা ইংরেজিভিন্ন অন্য কোন ভাষায় স্পেশাল ক্লাসের প্রয়োজন হয়, তাদের জন্য IEP টিম সুপারিশ করতে পারে, এটি তেমন একটি স্পেশালাইজড্ প্রোগ্রাম। এসব কর্মসূচির উদ্দেশ্য ELL/MLL শিক্ষার্থীদের সহায়তা দেওয়া যারা সাংস্কৃতিক এবং ভাষাগত চাহিদা পূরণে সক্ষম শিক্ষানির্দেশনা থেকে লাভবান হয় যা জ্ঞানগত, শিক্ষাগম এবং ভাষাগত চাহিদা পূরণ করে। দ্বিভাষিক স্পেশাল এডুকেশন সম্পর্কে আরও তথ্যের জন্য bseprograms@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

# বাড়তি ব্যবস্থা

### নিউ ইয়র্ক স্টেটের সহায়তাপ্রাপ্ত স্কুল

বধির, অন্ধ বা যাদের মারাত্মক মানসিক বা শারীরিক প্রতিবন্ধিতা রয়েছে এবং IEP টিম যাদেরকে এসব ধরনের পরিষেবার যোগ্য বলে নির্ধারণ করেছে, স্টেটের সহায়তাপ্রাপ্ত স্কুলগুলো তাদেরকে নিবিড় স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদান করে। যেসব ছেলেমেয়ের **24** ঘণ্টার সহযোগিতা প্রয়োজন, তাদের জন্য কিছু কিছু স্টেট-সমর্থিত স্কুল পাঁচ দিনের আবাসিক সেবা প্রদান করে।

### নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত বেসরকারি স্কুল (দিবা)

এসব স্কুল সেসব ছেলেমেয়েকে পরিসেবা দিয়ে থাকে যাদের নিবিড় শিক্ষাগত চাহিদা সরকারি স্কুলের কর্মসূচি দ্বারা পূরণ করা সম্ভব নয়। স্টেট এডুকশন ডিপার্টমেন্ট (SED) অনুমোদিত স্কুলগুলোয় শুধু প্রতিবন্ধী শিক্ষার্থীরা যায়, ফলে এগুলো প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষালাভের কোন সুযোগ প্রদান করে না। SED-অনুমোদিত বে-সরকারি স্কুল আপনার

সন্তানকে শুধু তখনই গ্রহণ করতে পারে যদি স্কুলটি তার IEP-তে সুপারিশকৃত পরিসেবা প্রদানে সমর্থ হয়।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অ্যাপ্রুভড নন-পাবলিক স্কুল-এ সুপারিশ করার আগে IEP টিমকে অবশ্যই বেছে নেওয়ার জন্য পাবলিক স্কুলগুলোতে বিদ্যমান সকল সুযোগ-সুবিধাসমূহ বিবেচনা করতে হবে। যদি IEP টিম আপনার সন্তানকে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অ্যাপ্রুভড নন-পাবলিক স্কুল-এ যেতে সুপারিশ করে, তাহলে একটি উপযুক্ত স্কুল আপনার সন্তানের জন্য খুঁজে বের করতে সেন্ট্রাল বেজড্ সাপোর্ট টিম (CBST) আপনার সাথে কাজ করবে এবং আপনাকে ভর্তির শর্তাবলি বুঝতে সহায়তা দেবে।

## নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত বেসরকারি স্কুল (আবাসিক)

আবাসিক স্কুল কাঠামো এমন ব্যবস্থা যা ক্লাসরুমে নিবিড় প্রোগ্রাম এবং দিনে 24 ঘণ্টা জুড়ে স্কুল এলাকায় একটি শৃঙ্খলাবদ্ধ আবাসিক পরিবেশ প্রদান করে। এই প্রোগ্রাম সেসব ছেলেমেয়েদের জন্য যাদের শিক্ষাগত চাহিদা এতো ব্যাপক যে তাদের 24 ঘণ্টা মনোযোগ আবশ্যক। যদি এটা নির্ধারণ করা হয়ে যে একটি আবাসিক কাঠামো আবশ্যক, তাহলে DOE-কে স্টেটের বাইরের স্কুলের কথা বিবেচনা করার আগে প্রথমে বিবেচনা করতে হবে স্টেট-অভ্যন্তরে লভ্য প্রতিষ্ঠানগুলোর কথা। যদি IEP টিম আপনার সন্তানকে আবাসিক স্কুল-এ যেতে সুপারিশ করে, তাহলে একটি উপযুক্ত স্কুল আপনার সন্তানের জন্য খুঁজে বের করতে CBST আপনার সাথে কাজ করবে এবং আপনাকে ভর্তির শর্তাবলি বুঝতে সহায়তা দেবে।

## বাড়িতে এবং হাসপাতালে শিক্ষানির্দেশনা

শিক্ষার্থীরা যখন দীর্ঘ সময় ধরে (দুই সপ্তাহ বা অধিক) স্কুলে যেতে অপারগ হয়, তখন বাড়ি ও হাসপাতালে শিক্ষানির্দেশনা প্রোগ্রাম শিক্ষার্থীদেরকে তাদের লেখাপড়া চালিয়ে যেতে সহায়তা দেয়। বাড়িতে এবং হাসপাতালে শিক্ষানির্দেশনার উদ্দেশ্য পূর্ণ প্রাতিষ্ঠানিক প্রোগ্রাম দেওয়া নয়, এবং তা সেসব বাছাইকৃত কোর্সে সীমিত হতে পারে যা বাধ্যতামূলক নয়। লেখাপড়া ও সার্ভিস অব্যাহত রাখা নিশ্চিত করার জন্য স্টাফগণ শিক্ষার্থীর অবস্থা বিবেচনায় যতটা সম্ভব আলাদাভাবে শিক্ষার্থীর বর্তমান স্কুলের সাথে কাজ করবেন।

**বাড়িতে শিক্ষানির্দেশনা**—যদি আপনার সন্তান অস্থিজনিত, অস্থিজনিত-নয়/স্বাস্থ্যজনিত-নয়, কিংবা মানসিক কারণে স্কুলে যেতে না পারে, তাহলে আপনাকে বাড়িতে শিক্ষানির্দেশনার অনুরোধ জানাতে হবে। আপনার সন্তানের স্কুল বা CSE আপনাকে বাড়িতে শিক্ষানির্দেশনার অনুরোধ জমা দেওয়াতে সহায়তা দিতে পারে। আপনার অনুরোধ যদি অনুমোদিত হয়, তাহলে আপনার সন্তান কবে স্কুলে ফিরবে বলে প্রত্যাশিত, সে তারিখটি অনুমোদনে অন্তর্ভুক্ত থাকবে। প্রত্যাশিত স্কুলে ফেরার তারিখের পরও যদি আপনার সন্তানের বাড়িতে শিক্ষানির্দেশনার প্রয়োজন হয়, তাহলে আপনাকে বাড়তি একটি অনুরোধ জমা দিতে হবে। অনুগ্রহ করে বাড়িতে শিক্ষানির্দেশনার অনুরোধ জানানোর প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য বাড়িতে শিক্ষানির্দেশনার (হোম ইন্সট্রাকশন) ওয়েবসাইট http://www.homeinstructionschools.com দেখুন।

**হাসপাতালে শিক্ষানির্দেশনা**—যেসব শিক্ষার্থী হাসপাতাল ব্যবস্থায় রয়েছে, চিকিৎসকগণ যদি মনে করেন যে তারা শিক্ষানির্দেশনা লাভের উপযুক্ত, তাহলেতারা হাসপাতালে শিক্ষানির্দেশনা পাবে। হাসপাতালে শিক্ষানির্দেশনা সমাপ্ত হবে যখন সে হাসপাতাল থেকে ছাড়া পাবে। আপনার সন্তান যদি হাসাপাতালে শিক্ষানির্দেশনা লাভ করে এবং হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পরও যদি তার স্কুলে ফেরত যাওয়ার মতো অবস্থা না থাকে, তাহলে শিক্ষানির্দেশনা লাভে বিলম্ব পরিহারের জন্য সন্তান হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার আগেই আপনাকে বাড়িতে শিক্ষানির্দেশনা লাভের অনুরোধ জানাতে হবে।



## বাড়তি স্পেশাল এডুকেশন সহায়তা ও পরিষেবা

### সম্পূরক (সাপ্লিমেন্টারি) সহায়তাকারী ও পরিষেবা

শিক্ষার্থীদেরকে যতোটুকু সম্ভব তাদের প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে তাদের শিক্ষা প্রতিষ্ঠানে পড়ালেখা করায় সহায়তা দিতে প্রাতিষ্ঠানিক সম্পূরক সহায়তাকারী ও পরিষেবা প্রদান করা হয়।

বাড়তি সহায়তাকারী ও পরিসেবার সাধারণ উদাহরণের মধ্যে (অন্যতম) আছে:

- বিকল্প মাধ্যমে শিক্ষানির্দেশনা উপকরণ (যেমন ব্রেইল, বৃহদাকৃতির ছাপা, টেপ-এ ধারণ করা বই)
- ক্লাসগুলোর অন্তর্বর্তী সময় বৃদ্ধি
- বিশেষ আসন ব্যবস্থা
- অ্যাসাইনমেন্ট সম্পন্নকরণে বাড়তি সময়
- শিক্ষানির্দেশনায় বেশি সময়
- আচরণগত সহায়তা বা একটি আচরণগত পরিকল্পনা

### প্যারাপ্রফেশনাল

প্যারাপ্রফেশন্যালগণ একক শিক্ষার্থী, শিক্ষার্থী গ্রুপ, কিংবা পুরো ক্লাসকে সহায়তা প্রদান করেন।

- IEP-তে সুপারিশকৃত একজন প্যারাপ্রফেশন্যাল (কোন একক শিক্ষার্থী বা শিক্ষার্থী গ্রুপের জন্য) হলেন "IEP-নিযুক্ত প্যারাপ্রফেশন্যাল" এবং তা একটি সম্পূরক পরিষেবা।
- পুরো ক্লাসরুমের পরিষেবাদানকারী প্যারাপ্রফেশন্যাল হলেন "ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল"।
- একজন প্যারাপ্রফেশন্যাল যিনি সুপারিশকৃত শিক্ষানির্দেশনার ভাষায় দ্বিভাষীক এবং কোন দ্বিভাষীক ক্লাসে ভর্তির অপেক্ষায় থাকা শিক্ষার্থীদের পরিষেবা দেন, তিনি হলেন "অল্টারনেট প্লেসমেন্ট প্যারাপ্রফেশন্যাল" (ভর্তির বিকল্প প্যারাপ্রফেশন্যাল)।

যখন একজন প্যারাপ্রফেশন্যালের জন্য বা একজন প্যারাপ্রফেশন্যাল অন্তর্ভুক্ত কোন প্রোগ্রামের জন্য IEP সুপারিশের বিবেচনা করা হয়, তখন IEP টিমের জন্য, যে টিমের আপনি একটি গুরুত্বপূর্ণ অংশ, আপনার সন্তানকে যতটুকু সম্ভব আত্মনির্ভরশীল হবার বিষয়টি বিবেচনা করা এবং তার প্রসার ঘটানো।

**IEP-নিযুক্ত প্যারাপ্রফেশন্যাল** IEP আছে এমন শিক্ষার্থীদের শিক্ষা ত্বরান্বিত করতে ও স্বনির্ভরতা বাড়াতে সহায়তা দিতে পারেন। তারা শিক্ষার্থীদের এককভাবে বা ক্ষুদ্র দলগতভাবে সহায়তা দিতে পারেন। IEP-নিযুক্ত প্যারাপ্রফেশন্যালগণ পুরো বা আংশিক স্কুল দিবস জুড়ে সহায়তা দিতে পারেন। শিক্ষার্থীরা যাতে প্রাতিষ্ঠানিক কাঠামোতে সফল হতে পারে, তাই তাদের ক্লাসরুমে এবং অন্যান্য কর্মকাণ্ডে নিরাপদে ও পূর্ণাঙ্গরূপে অংশগ্রহণের সুযোগ দেওয়ার জন্য যখন প্রয়োজন, তখন IEP-নিযুক্ত প্যারাপ্রফেশন্যালদের সহায়তা দেওয়া হতে পারে। IEP টিম একজন প্যারাপ্রফেশন্যালের সুপারিশ করতে পারে যখন শিক্ষার্থীর বাড়তি তত্ত্বাবধান

বা সহায়তার প্রয়োজন হবে যাতে সে নিরাপদে শিক্ষানির্দেশনা থেকে উপকৃত হতে পারে। একজন IEP প্যারাপ্রফেশন্যাল নিম্নলিখিত কাজগুলোর কোন একটি করতে পারেন:

- স্বাস্থ্য (হেলথ্)
- আচরণগত সহায়তা
- ওরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি
- টয়লেটিং

যেহেতু প্যারাপ্রফেশন্যালের সহায়তা খুবই ব্যাপক, সেহেতু IEP টিম সেসব বার্ষিক লক্ষ্যসমূহের কথা বিবেচনা করবে যা শিক্ষার্থীর স্বনির্ভরতা বাড়াবে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্যারাপ্রফেশন্যালের উপর নির্ভরশীলতা কমাবে।

**হেলথ্ প্যারাপ্রফেশনাল**

একজন হেলথ্ প্যারাপ্রফেশনাল প্রযোজ্য হতে পারে যখন কোন শিক্ষার্থীর স্বাস্থ্যগত বা সক্রিয়তার চাহিদা শিক্ষার্থীর স্কুলভিত্তিক কর্মকাণ্ডে অংশগ্রহণে বিঘ্ন সৃষ্টি করে এবং/অথবা গুরুত্ব হ্রাস করে। যদি সুপারিশ করা হয়, তাহলে একজন হেলথ্ প্যারাপ্রফেশনাল শিক্ষার্থীর নিম্নলিখিত নির্দিষ্ট স্বাস্থ্যগত/চিকিৎসাগত চাহিদা প্রসঙ্গে সহায়তা সহায়তা করবেন:

- প্রাত্যহিক জীবনের কর্মকাণ্ড (যার অন্তর্ভুক্ত আছে হুইলচেয়ার থেকে অ্যাডপ্টেভ ইকুইপমেন্ট, স্থানান্তরে সহায়তা, মুখ দিয়ে খাওয়ানো, খাওয়ার সময় নজর রাখা ইত্যাদি);
- কোন শিক্ষার্থীকে তার শারীরিক অবস্থার সাথে সংশ্লিষ্ট নির্দিষ্ট ইঙ্গিত বা লক্ষণগুলোর প্রতি নজর রাখা।
- চিকিৎসার বা ওষুধ সেবনের কথা স্মরণ করিয়ে দেওয়া ও তার জন্য শিক্ষার্থীকে স্কুল নার্সের কাছে নিয়ে যাওয়া।

**আচরণগত সহায়তা প্যারাপ্রফেশন্যাল ("সংকট ব্যবস্থাপনা বা ক্রাইসিস ম্যানেজমেন্ট প্যারাপ্রফেশন্যাল" নামেও পরিচিত)**

আচরণগত সহায়তা প্যারাপ্রফেশন্যাল সুপারিশ করা হতে পারে যখন কোন শিক্ষার্থীর মারাত্মক সমস্যা থাকে যা কোন আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা (BIP)



দিয়ে এককভাবে মোকাবেলা করা সম্ভব নয়, যা সামঞ্জস্যপূর্ণভাবে স্কুল স্টাফগণ শিক্ষার্থীর আচরণ মোকাবেলায় ব্যবহার করে থাকেন। ইতোমধ্যে আপনার সন্তানের যদি একটি BIP না থাকে, তাহলে আপনার অনুমতি নিয়ে IEP টিম একটি কার্যকর আচরণগত মূল্যায়ন, FBA) পরিচালনা করবে যাতে আপনার সন্তানের আচরণ সম্পর্কে আরও অধিক জানা যায়। আবশ্যক হলে তারা একটি BIP তৈরি করবেন। যদি কোন আচরণগত সহায়তা প্যারাপ্রফেশন্যাল সুপারিশ করা হয়, তাহলে তিনি শিক্ষার্থী ও অন্যান্যদের নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা প্রদান করবেন। প্যারাপ্রফেশন্যাল শিক্ষার্থীদেরকে স্বাধীনভাবে নিজেদের আচরণ নিয়ন্ত্রণে সক্ষম করার জন্য তাদের সাথে কাজ করবেন। এর অন্তর্ভুক্ত হতে পারে:

- উপাত্ত সংগ্রহের মাধ্যমে ও তাদের IEP-তে বর্ণিত আচরণগত লক্ষ্য অর্জনে সহায়তা দিয়ে শিক্ষার্থীর BIP মনিটর করবেন ও সহায়তা দেবেন; এবং
- আচরণ ব্যবস্থাপনা কৌশলকে কাজে পরিণত করবেন।

### অরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি প্যারাপ্রফেশন্যাল

ওরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি (O&M) প্যারাপ্রফেশনাল সুপারিশ করতে পারেন O&M শিক্ষক একটি দৃষ্টি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর জন্য যে:

- শিক্ষাগত দৃষ্টি সংক্রান্ত পরিষেবা O&M শিক্ষানির্দেশনা লাভ করবে; এবং
- স্কুলে স্বাধীনভাবে চলাচলে অনিরাপদ বলে বিবেচিত।

যখন শিক্ষার্থী নিরাপদে স্বাধীনভাবে চলাচল করতে পারবেন, তখন IEP টিম সুপারিশ হ্রাস করবেন বা পরবর্তিতে O&M প্যারাপ্রফেশন্যালের সুপারিশ করবেন না। O&M প্যারাপ্রফেশন্যাল সুপারিশ করা হভে তারা শিক্ষার্থীকে O&M শিক্ষানির্দেশনা দক্ষতা প্রয়োগ করতে সহায়তা করবেন। এর অন্তর্ভুক্ত হতে পারে:

- শিক্ষার্থীর স্থানীক ও পরিবেশগত ধারণা উন্নত করা এবং/অথবা যাতায়াতের সাথে সংশ্লিষ্ট চেতনা থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করা;
- শিক্ষার্থীর দৃষ্টিগত সীমাবদ্ধতার জন্য সহায়ক উপকরণ এবং/অথবা চলাচল দক্ষতায় সহায়ক লম্বা ছড়ি ব্যবহার উন্নত করা; এবং/অথবা
- স্কুলের অভ্যন্তরে চলাফেরায় ও ক্লাসরুমের কর্মকাণ্ডে অংশগ্রহণে শিক্ষার্থীর নিরাপত্তা নিশ্চিত করা।

### টয়লেটিং প্যারাপ্রফেশন্যাল

একজন টয়লেটিং প্যারাপ্রফেশন্যাল শিক্ষার্থীর চাহিদার উপর ভিত্তি করে হয় টয়লেট ব্যবহার শেখাবেন, নাহয় টয়লেট ব্যবহারে সহায়তা দেবেন। **টয়লেট ব্যবহার প্রশিক্ষণ** সাধারণত সাময়িক সহায়তা প্রদান করা হয় যতক্ষণ না শিক্ষার্থী স্বাধীনভাবে রেস্টরুম ব্যবহার করতে সক্ষম হয়েছে। **টয়লেট ব্যবহারে সহায়তার** অন্তর্ভুক্ত আছে, শিক্ষার্থীকে বাথরুমে যাওয়া-আসায় সহায়তা করা, শিক্ষার্থীকে বাথরুমে প্রবেশ করতে ও সেখান থেকে বের হতে, হাত মুছতে ও পরিষ্কার করতে সহায়তা করা, এবং অন্যান্য কর্মকাণ্ড।

টয়লেটিং প্যারাপ্রফেশন্যাল সুপারিশ করা হতে যখন কোন শিক্ষার্থীর প্রয়োজন টয়লেট ব্যবহার প্রশিক্ষণ এবং/অথবা টয়লেট ব্যবহার করতে সহায়তার প্রয়োজন হয়, এবং এটি হয় শিক্ষার্থীর একমাত্র আবশ্যক প্যারাপ্রফেশন্যাল। (যদি আপনার সন্তানকে একজন হেলথ বা আচরণগত সহায়তা প্যারাপ্রফেশন্যাল সহায়তা দেন, তাহলে প্রয়োজনে সে প্যারাপ্রফেশন্যালই তাকে এ ধরনের প্রয়োজনে সহায়তা করবেন।) কিছু কিছু ক্লাসরুম কাঠামোর ক্ষেত্রে টয়লেট ব্যবহার প্রশিক্ষণ এবং/অথবা টয়লেট ব্যবহারে সহায়তা দিতে পারেন ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল।

### ট্রান্সপোর্টেশন প্যারাপ্রফেশন্যাল

যে শিক্ষার্থীর আচরণগত, জ্ঞানগত, বা স্বাস্থ্যগত সমস্যা রয়েছে যার কারণে স্কুলে যাওয়া ও আসার সময় বাসে চড়ায় তার এবং/অথবা অন্যান্যদের নিরাপত্তার জন্য অব্যাহত ব্যক্তিক সহায়তার প্রয়োজন, তেমন শিক্ষার্থীর জন্য একজন ট্রান্সপোর্টেশন প্যারাপ্রফেশন্যাল সুপারিশ করা হতে পারে।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের একজন ট্রান্সপোর্টেশন প্যারাপ্রফেশন্যাল প্রয়োজন, তাহলে IEP টিমকে IEP মিটিং-এর আগেই জানিয়ে রাখুন। আপনার ডাক্তারি প্রমাণ দেখাতে বলা হতে পারে।

যাতে আপনার সন্তান তার IEP-এর লক্ষ্য অর্জন করতে পারে, সেজন্য IEP মিটিং-এ আপনি সহ IEP টিম আপনার সন্তানের যে স্তরের সহায়তার চাহিদা আছে, সেটা এবং তার কারণ; এই সহায়তার মধ্যে কি কি অন্তর্ভুক্ত আছে; এবং কোথায়, কখন এবং কীভাবে এ সহায়তা প্রদান করা, এগুলো নির্ণয় করবে। IEP টিম আপনার সন্তানকে সহায়তা দেওয়ার জন্য কম ব্যাপক বিকল্পগুলো বিবেচনা করবে এবং একজন প্যারাপ্রফেশন্যাল সুপারিশ শুধু তখনই করবে, যদি কম ব্যাপক বিকল্পগুলো আপনার সন্তানের চাহিদা পূরণের জন্য উপযুক্ত না হয়।

### শিক্ষার্থীকে সহায়তার লক্ষ্যে স্কুল কর্মকর্তাদের জন্য সহায়তা:

আপনার সন্তানদের জন্য সবচেয়ে কার্যকর সহায়তা প্রদানের জন্য আপনার সন্তানের শিক্ষক, প্যারাপ্রফেশন্যাল, রিলেটেড সার্ভিস প্রদানকারী, কিংবা অন্যান্য স্কুল স্টাফদের প্রশিক্ষণ বা শিক্ষানির্দেশনা প্রয়োজন হতে পারে। উদাহরণস্বরূপ,

- একজন শিক্ষার্থীর আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা বাস্তবায়নের জন্য কোন শিক্ষার্থীর প্যারাপ্রফেশন্যালের ইতিবাচক আচরণগত হস্তক্ষেপ বিষয়ে প্রশিক্ষণ প্রয়োজন হতে পারে;
- একজন শিক্ষার্থীর সাথে ভাববিনিময়ের জন্য আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজে প্যারাপ্রফেশন্যালের প্রশিক্ষণ প্রয়োজন হতে পারে;
- একজন শিক্ষার্থীর জন্য সুপারিশ করা অ্যাসিস্টিভ টেকনলজি ডিভাইস বিষয়ে শিক্ষকের প্রশিক্ষণ প্রয়োজন হতে পারে;
- একজন শিক্ষার্থীর প্যারাপ্রফেশন্যালের শিক্ষার্থীর স্কুল নার্স বা শিক্ষার্থীর ডাক্তারের কাছ থেকে শিক্ষার্থীর স্বাস্থ্যগত চাহিদা সম্পর্কে প্রশিক্ষণ প্রয়োজন হতে পারে;
- একজন শিক্ষার্থীর টয়লেটিং প্যারাপ্রফেশন্যালের প্রয়োজন হতে পারে যাকে একজন রিলেটেড সার্ভিস প্রদানকারীর কাছে থেকে শিক্ষার্থীকে তার হুইলচেয়ার থেকে টয়লেটে নিরাপদে স্থানান্তরের প্রশিক্ষণ গ্রহণ করতে পারে।

যদি সুপারিশ করা হয়, আপনার সন্তানের সহায়তার প্রয়োজন অনুসারে স্কুলের কর্মচারিদের নির্দিষ্ট করা হবে।

## বিশেষ সুবিধার ব্যবস্থা ও পরিবর্তন

**অভিযোজন** (অ্যাকোমোডেশন) হলো পরিবেশ, শিক্ষানির্দেশনা, কিংবা উপকরণের মধ্যে পরিবর্তন করা, যাতে তা শিক্ষানির্দেশনা ও মূল্যায়নে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা সমান সুযোগ লাভ করে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের কাজের ক্ষেত্র সমতল করতে এগুলো তৈরি করা হয়েছে। যদি আপনার সন্তানের অভিযোজন প্রয়োজন হয়, তাহলে নির্দিষ্ট অভিযোজন ব্যবস্থার কথা আপনার সন্তানের IEP-তে লিখিত থাকবে। অভিযোজনের কিছু উদাহরণ হলো প্রশ্ন ও শিক্ষানির্দেশনা পুনর্লিখন, বর্ধিত সময়, প্রাসঙ্গিক সহায়তা, এবং বিরতি।

**পরিবর্তন** বিষয়বস্তু এবং/অথবা পাঠ্যক্রমের শিক্ষানির্দেশনার স্তর বদলে দেয়। পরিবর্তন করা হয় প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য যারা নির্দেশক যা পড়াচ্ছেন তা বুঝতে পারে না। পরিবর্তনের একটি উদাহরণ হলো কোন অ্যাসাইনমেন্টের অভিনিবেশে শুধু সবচেয়ে গুরুত্বপূর্ণ কেন্দ্রীয় পয়েন্টগুলো অন্তর্ভুক্ত করা।

আপনার সন্তানের জন্য পরিবর্তন প্রযোজ্য কি না, সেটা নির্ধারণের জন্য আপনার সন্তানের IEP টিমের সাথে কথা বলুন।

### বিশেষ পরিবহন

IEP-যুক্ত অধিকাংশ শিক্ষার্থী IEP নেই এমন শিক্ষার্থীদের মতো একইভাবে স্কুলে যাতায়াত করে। বিশেষ পরিবহনে সব সময় ডোর-টু-ডোর বাস পরিবহন (অর্থাৎ শিক্ষার্থীর বাড়ির যত নিকটে সম্ভব, রাস্তার পাশে নামতে দেওয়া) অন্তর্ভুক্ত থাকে তবে এতে অন্যান্য প্রয়োজনীয় যাতায়াত ব্যবস্থা পরিবর্তন, যেমন একজন ট্রান্সপোর্টেশন প্যারাপ্রফেশন্যাল, নার্স, এবং স্বাস্থ্যগত সম্পর্কযুক্ত পরিবর্তনও অন্তর্ভুক্ত থাকতে পারে। একটি IEP টিম বিশেষ পরিবহন সুপারিশ করতে পারে সেসব ছেলেমেয়ের জন্য যাদের প্রমাণিত

চাহিদা তাদের স্কুলে যেতে আসতে প্রতিবন্ধিতা সৃষ্টি করে। এই পরিবর্তন প্রতি বছর পর্যালোচনা করা হয়।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের বিশেষ পরিবহন প্রয়োজন. তাহলে আপনার সন্তানের IEP টিমের সাথে কথা বলুন। IEP টিম আপনাকে এই প্রক্রিয়ার অংশ হিসেবে প্রয়োজনীয় কাগজপত্র পূরণ করতে দেবে। এর অন্তর্ভুক্ত হতে পারে:

- হিপা (HIPAA) অনুসারে স্বাস্থ্যবিষয়ক তথ্য প্রকাশ করার অনুমতি। সেটা আপনার দ্বারা পূরণ ও সই করা।
- স্বাস্থ্যগত কারণে পরিবর্তনের অনুরোধ। সেটা আপনার সন্তানের দ্বারা পূরণ ও সই করা। এতে অবশ্যই ডোর-টু-ডোর বাস পরিবহনের চাহিদা এবং অন্য কোন স্বাস্থ্যগত পরিবর্তনের প্রয়োজন পড়লে তার ব্যাখ্যা দেওয়া থাকবে।

অফিস অভ স্কুল হেলথ (OSH)-এর একজন ডাক্তার আপনার বিশেষ পরিবহন বিষয়ক পরিবর্তনের অনুরোধ পর্যালোচনা করতে পারেন। OSH-এর ডাক্তারের প্রয়োজন হতে পারে আপনার অনুরোধ প্রসঙ্গে আপনার সন্তানের ডাক্তারের সাথে কথা বলা। আপনার সন্তানের IEP মিটিং-এর যে অংশে আপনার সন্তানের পরিবহন নিয়ে কথা বলা হবে, সেখানে OSH-এর ডাক্তারের উপস্থিতি প্রয়োজন হতে পারে।

IEP নির্ধারণ করবে যে, আপনার সন্তানের বিশেষ পরিবহন এবং/অথবা বিশেষ পরিবহন পরিবর্তনের প্রয়োজন আছে কি না, যা IEP নির্দিষ্ট করে দেবে।

## অ্যাক্সেসিবল এডুকেশন্যাল ম্যাটেরিয়ালস (ব্যবহারোপযোগী শিক্ষাগত সরঞ্জাম, AEM)

অ্যাক্সেসিবল এডুকেশন্যাল ম্যাটেরিয়ালস (ব্যবহারোপযোগী শিক্ষাগত সরঞ্জাম, (AEM)) হলো এমন একটি ফর্ম্যাটে রূপান্তরিত টেক্সটবুক ও প্রাসঙ্গিক শিক্ষানির্দেশনা সরঞ্জাম, যা না করলে চোখের সমস্যা, অন্ধত্ব বা অন্য কোন কারণে প্রচলিত ছাপান সরঞ্জাম ব্যবহারে অপারগ শিক্ষার্থীর কাছে তা ব্যবহারোপযোগী হতো না। এসব ফর্ম্যাটগুলোর মধ্যে আছে:

- ব্রেইল
- বড় প্রিন্ট
- অডিও
- ডিজিটাল টেক্সট

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের AEM প্রয়োজন আছে, তাহলে আপনার স্কুলে যোগাযোগ করুন। যদি প্রয়োজন হয়, তাহলে আপনার সন্তান কোন্ ফর্ম্যাট থেকে লাভবান হবে, স্কুল স্টাফ তা নির্ণয় করতে পারবেন। যদি আপনার সন্তানের AEM আবশ্যক হয়, তাহলে সেগুলো DOE-এর ব্যয়ে স্কুলে সেগুলোর ব্যবস্থা করা হবে।

## অভিযোজিত (অ্যাডাপ্টিভ) শরীরচর্চা শিক্ষা

অভিযোজিত (অ্যাডাপ্টেড) শরীরচর্চা শিক্ষা কর্মসূচি হলো এমন একটি গঠনমূলক কর্মকাণ্ড, গেম, খেলাধুলা এবং তাল কর্মসূচি, যা বিশেষভাবে তৈরি করা হয়েছে যেসব ছেলেমেয়ে নিরাপদে বা সাফল্যের সাথে নিয়মিত শরীরচর্চা কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারে না, এমন ছেলেমেয়েদের ব্যক্তিক আগ্রহ, সক্ষমতা এবং সীমাবদ্ধতার সাথে সামঞ্জস্য বিধান করে। আপনার সন্তানকে অভিযোজিত শরীরচর্চা শিক্ষার সুপারিশ করা হতে পারে, যদি তার প্রতিবন্ধিতা নিয়মিত শরীরচর্চা শিক্ষা প্রোগ্রামের কর্মকাণ্ডে অংশগ্রহণের সক্ষমতার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

## বিকল্প মূল্যায়ন

বিকল্প মূল্যায়নগুলো চরম শিক্ষাগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের যারা এমন কি পরীক্ষায় বিশেষ ব্যবস্থার বন্দোবস্ত করেও প্রমিতমান মুল্যায়নে অংশগ্রহণ করতে অক্ষম, তাদের সাফল্য ও অগ্রগতি মূল্যায়ন করতে ব্যবহার করা হয়। সাফল্যের এসব পদক্ষেপ:

- যোগ্য শিক্ষার্থীদেরকে তাদের জ্ঞান ও দক্ষতা প্রদর্শনের একটি বিকল্প সুযোগ প্রদান করেন
- প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে শিক্ষার্থীদের অগ্রগতি পরিমাপ করে
- শিক্ষক ও বিশেষজ্ঞদেরকে শিক্ষানির্দেশনা কৌশল ও সহায়তার সাথে অভিযোজনে সহায়তা প্রদান করে
- স্কুলগুলোতে নিয়মিত ক্লাসরুম মূল্যায়নের অনুশীলনের অংশ হিসেবে ব্যবহার করা হয়

3–12 গ্রেডের সকল যোগ্য শিক্ষার্থীর জন্য NY স্টেট বিকল্প মূল্যায়ন (NYSAA) স্টেটের বার্ষিক মূল্যায়নের অংশ। IEP-তে অবশ্যই নির্দিষ্ট করে উল্লেখ থাকতে হবে যে আপনার সন্তান বিকল্প মূল্যায়নের যোগ্য। যেসব শিক্ষার্থী বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করে, তারা হাই স্কুল ডিপ্লোমার যোগ্য হবে না।

## দীর্ঘায়িত স্কুল বছর (বারো মাসের স্কুলবছর পরিষেবা)

সামার (গ্রীষ্ম) জুড়ে আপনার সন্তানের উল্লেখযোগ্য পিছিয়ে পড়া রোধ করার জন্য যদি লেখাপড়া অব্যাহত রাখার প্রয়োজন হয়, সেজন্য দীর্ঘায়িত স্কুল বছর পরিষেবা প্রদানের প্রয়োজন হতে পারে। উল্লেখযোগ্য পিছিয়ে পড়া বলতে বুঝানো হয় যে, সামারের বিরতির পর তারা আগে যা শিখেছিল, সেটা ফিরে যেতে তাদের 8 সপ্তাহ বা অধিক সময়ের প্রয়োজন হতে পারে। আপনার সন্তান স্কুল বছরের সময় যে পরিষেবা লাভ করে, দীর্ঘায়িত স্কুল বছর (ESY) পরিষেবা তার থেকে ভিন্ন হতে পারে এবং তা নির্ধারণ করা হবে IEP মিটিং-এ।

## পিতামাতাদের কাউন্সেলিং ও প্রশিক্ষণ

যদি পিতামাতা হিসেবে আপনার সন্তানের বিশেষ চাহিদাসমূহ বুঝতে আপনার কিছু সহায়তা প্রয়োজন হয়, পিতামাতাদের কাউন্সেলিং ও প্রশিক্ষণ আপনাকে আপনার সন্তানের বিকাশ এবং/অথবা নির্দিষ্ট প্রতিবন্ধিতা সম্পর্কে তথ্য দিতে এবং আপনার সন্তানের IEP বাস্তবায়নে সহায়তা দিতে পারে। পিতামাতাদের কাউন্সেলিং ও প্রশিক্ষণ সাধারণত সুপারিশ করা হয় যদি আপনার সন্তান এমন একটি স্পেশাল ক্লাসে থাকে যেখানে স্টাফদের অনুপাত হয় 8:1+1, 6:1+1, কিংবা 12:1+4, কিংবা আপনার সন্তানের অটিজম থাকে। এগুলো প্রাপ্তবয়স্কদের কাউন্সেলিং সার্ভিস নয় এবং এগুলোর উদ্দেশ্য নয় আপনার ব্যক্তিগত বা শিক্ষাগত চাহিদা পূরণ করা।

## ট্র্যাভেল ট্রেনিং

ট্র্যাভেল ট্রেনিং (ভ্রমণ বিষয়ে ট্রেনিং) সার্ভিস হলো স্বল্প-মেয়াদী, সামগ্রিক, এবং বিশেষভাবে প্রস্তুতকৃত শিক্ষানির্দেশনা যা অন্ধত্ব বা দৃষ্টি প্রতিবন্ধিত্ব ছাড়া অন্যান্য প্রতিবন্ধিতাযুক্ত হাই স্কুল শিক্ষার্থীদের বাড়ি থেকে বিভিন্ন গন্তব্যে (সাধারণত স্কুলে বা কাজের জায়গায়) যাতায়াতে গণপরিবহন যানবাহন বা ব্যবস্থাসমূহ নিরাপদে ও স্বাধীনভাবে ব্যবহার করা শিক্ষা দেয়।

## ডিক্ল্যাসিফিকেশন (বিবর্গিকরণ) সার্ভিস-সহ সাধারণ শিক্ষা

যেসব শিক্ষার্থীর আর স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন নেই, তাদেরকে পুনর্মূল্যায়নের পর বিবর্গিকরণ করা হয়। যেসব শিক্ষার্থীকে বিবর্গিকরণ করা হবে তাদের কোন IEP থাকবে না, তবে সাধারণ শিক্ষায় সহজ স্থানান্তরের জন্য তারা নিম্নলিখিত পরিষেবাসমূহ লাভ করতে পারে:

- শিক্ষানির্দেশনা সহায়তা
- শিক্ষানির্দেশনায় পরিবর্তন
- পরীক্ষায় বিশেষ ব্যবস্থা
- রিলেটেড সার্ভিসেস (সংশ্লিষ্ট পরিষেবা)

আপনার সন্তানকে বিবগির্করণের (ডিক্লাসিফিকেশন) পরবর্তী এক বছর পর্যন্ত এসব পরিষেবা অব্যাহত থাকতে পারে। তদুপরি যেসব শিক্ষার্থীদেরকে বিবর্গিকরণ করা হবে. তাদের IEP নোটিসে নির্দিষ্টভাবে উল্লেখ করা থাকলে তারা অব্যাহতভাবে পরীক্ষায় বিশেষ ব্যবস্থা লাভের যোগ্য হবে। যেসব শিক্ষার্থীকে 8–12 গ্রেডের মধ্যে বিবর্গিকরণ করা হয়, তাদের সর্বশেষ IEP-তে উল্লেখ থাকলে তারা 'সেফটি নেট' গ্র্যাজুয়েশন বিকল্পটি বেছে নেওয়ার যোগ্য হতে পারে। গ্রাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে সেকশন 6: IEp-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন দেখুন।

সেকশন

# 5 IEP তৈরির পর: পরিষেবার ব্যবস্থা করা

## পরিষেবার ব্যবস্থা করা

IEP মিটিং সমাপ্ত হওয়ার পর IEP টিম আপনাকে খসড়ার IEP থেকে **সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিস** পৃষ্ঠার একটি প্রিন্ট কপি দেবে।

মিটিং-এর দুই সপ্তাহের মধ্যে IEP-এর চূড়ান্ত সংস্করণের একটি কপি পাওয়া উচিত। মিটিংয়ের দুই সপ্তাহের মধ্যে আপনি যদি আপনার সন্তানের IEP-র কোন কপি না পান, আপনার সন্তানের IEP টিমের সাথে যোগাযোগ করুন। আপনি আপনার পছন্দের ভাষায় যদি সেটি DOE-র ব্যবহৃত ভাষাসমূহের মধ্যে পড়ে, তাহলে একটি **লিখিত পূর্ব নোটিস** পাবেন। এই লিখিত পূর্ব নোটিসে আপনার সন্তান যেসব পরিষেবা লাভ করবে সেসব তথ্য থাকবে।

যখন DOE পরিষেবার ব্যবস্থা করে, তখন আপনার সন্তানকে তার বর্তমান স্কুলে রাখার জন্য সবরকম চেষ্টা করবে। অধিকাংশ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী সেই স্কুলে পড়তে পারে এবং সেখানে পড়া উচিত যেখানে তারা প্রতিবন্ধিতা না থাকলেও পড়তে পারতো, সেটি তার বাড়ির জোনভুক্ত স্কুল বা তার পছন্দের স্কুল হোক বা না হোক।

তবুও, আপনার সন্তান বর্তমানে যেখানে পড়ছে তার থেকে ভিন্ন কোন সাইটে যদি পরিষেবা লাভ করে, তাহলে আপনি একটি পৃথক নোটিস পাবেন যেখানে স্কুলের নাম এবং ঠিকানা দেয়া থাকবে। আপনি যদি সুপারিশকৃত সাইট পরিদর্শনের ব্যবস্থা করতে আগ্রহী হন, আপনাকে নোটিসে উল্লিখিত ব্যক্তির সাথে যোগাযোগ করতে হবে।

### সম্পর্কিত পরিষেবার ব্যবস্থা করা

আপনার সন্তানকে যদি সম্পর্কিত পরিষেবার (রিলেটেড সার্ভিস) জন্য সুপারিশ করা হয়ে থাকে, DOE সেই পরিষেবা প্রদানের ব্যবস্থা করবে। DOE যদি তার নিজস্ব কর্মী অথবা চুক্তিবদ্ধ কোন এজেন্সি থেকে প্রাপ্ত কর্মীদের মাধ্যমে সেই পরিষেবা প্রদান করতে না পারে, একটি **রিলেটেড সার্ভিস অথরাইজেশন (সম্পর্কিত পরিষেবার অনুমোদন, RSA)** ইস্যু করা হতে পারে। RSA যথাযথ লাইসেন্সধারী, স্বাধীন পরিষেবা প্রদানকারীকে শনাক্ত করার সুযোগ দান করে। এই পরিষেবা আপনাকে বিনামূল্যে প্রদান করা হবে। যদি কোন RSA ইস্যু করা হয়, তাহলে সেটি ব্যবহারের ব্যাপারে নির্দেশনা, এবং স্বাধীন পরিষেবা প্রদানকারী খুঁজে নেবার তথ্যও আপনাকে দেয়া হবে। আমাদের ওয়েবসাইটে স্বাধীন প্রদানকারীদের একটি তালিকা রয়েছে: https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/related-services/finding-an-independent-provider আপনার সন্তানের স্কুল অথবা CSE এই প্রক্রিয়ায় আপনাকে

**অধিকাংশ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী সেই স্কুলে পড়তে পারে এবং সেখানে পড়া উচিত যেখানে সে প্রতিবন্ধিতা না থাকলেও পড়তে পারতো।**

সহায়তা প্রদান করতে পারে। আপনার যদি কোন প্রশ্ন থাকে অথবা প্রদানকারী খুঁজে নিতে সহায়তার দরকার হয়, আপনি RSA-তে তালিকাভুক্ত যোগাযোগের ব্যক্তিদের সাথে কথা বলতে পারেন।

### ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ (ENL) পরিষেবার ব্যবস্থা

আপনার সন্তানকে যদি **ইংলিশ অ্যাজ অ্যা নিউ ল্যাঙ্গুয়েজের (ENL)**, জন্য সুপারিশ করা হয়ে থাকে, সেক্ষেত্রে DOE এইসব পরিষেবার জন্য একজন DOE ENL টিচার নিযুক্ত করবে। যদি DOE ENL টিচার পাওয়া না যায়, ENL পরিষেবার একটি অনুমোদন ("ENL অনুমোদন") ইস্যু করা হবে। এটি আপনাকে বিনা খরচে একটি যথাযথ লাইসেন্সধারী স্বাধীন ENL প্রদানকারী খুঁজে নেবার সুযোগ দেবে। ENL অনুমোদন পরিষেবাগুলি কত ঘনঘন এবং কতক্ষণের জন্য দেয়া হবে সেটি নির্দেশ করবে। আপনার যদি কোন প্রশ্ন থাকে অথবা কোন প্রদানকারী খুঁজে পেতে অসক্ষম হলে সহায়তার জন্য DOE-তে কার সাথে যোগাযোগ করতে হবে আপনাকে সে তথ্যও প্রদান করা হবে।

## পরিবহন ব্যবস্থা গ্রহণ

IEP-যুক্ত অধিকাংশ শিক্ষার্থী IEP নেই এমন শিক্ষার্থীদের মতো একইভাবে স্কুলে যাতায়াত করে। আপনার সন্তান যদি নিজ মহল্লার স্কুলে পড়ে, সে হেঁটে স্কুলে যেতে সক্ষম হতে পারে। বাড়ি থেকে স্কুলের দূরত্বের ভিত্তিতে, আপনার সন্তান পাবলিক পরিবহনে ব্যবহারের নিউ ইয়র্ক সিটি মেট্রোকার্ড অথবা স্কুলে থামে এমন বাস ব্যবস্থা পেতে পারে। এইসব পরিবহন বিকল্পের যোগ্যতা সম্পর্কিত আরও তথ্য অফিস অভ পিউপিল ট্র্যান্সপোর্টেশন ওয়েবসাইট http://www.optnyc.org/home/default.htm-তে পাবেন।

আপনার সন্তান তার প্রতিবন্ধিতাজনিত কারণে দরজা-থেকে-দরজায় বাস পরিষেবা পাবে কিনা সেটি আপনার সন্তানের IEP টিমই বিবেচনা করবে। এটিকে বলা হয় স্পেশালাইজড্ পরিবহন। IEP টিম যদি দেখে আপনার সন্তানের দরজা-থেকে-দরজায় বাস পরিষেবার প্রয়োজন রয়েছে, আপনার সন্তানের IEP-তে সেটি উল্লিখিত থাকবে। এই বাস পরিষেবার ব্যবস্থা গ্রহণের জন্য পাঁচ দিন পর্যন্ত সময় লাগতে পারে। অফিস অভ পিউপিল ট্র্যান্সপোর্টেশন (OPT) আপনাকে বাস পরিষেবা কবে থেকে শুরু হবে সেটি লিখিতভাবে জানাবে। আপনি যদি OPT থেকে তথ্য না পান, সহায়তার জন্য হটলাইনের 718-392-8855 নম্বরে ফোন করুন। স্পেশালাইজড্ পরিবহন এবং স্পেশালাইজড্ পরিবহনের বিশেষ সুবিধা সম্পর্কিত আরও তথ্যের জন্য, সেকশন 4-এ **স্পেশালাইজড্ পরিবহন** দেখুন: ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)।

## স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য পিতামাতার সম্মতি

যদি আপনার সন্তান কখনও স্পেশাল এডুকেশন সার্ভিস না নিয়ে থাকে, তাহলে আমরা সার্ভিস শুরুর জন্য আপনার লিখিত অনুমতি চাইবো। **পূর্ব লিখিত নোটিস (Prior Written Notice)**-এর নিচে আপনাদেরকে বলা হবে স্পেশাল এডুকেশন সার্ভিসের সম্মতি প্রদান করতে এবং তালিকাভুক্ত ঠিকানায় তা জমা দিতে। আপনি যদি সম্মতি না দেন, তাহলে আপনার সন্তান সুপারিশকৃত সার্ভিস ছাড়াই জেনারেল এডুকেশনে থেকে যাবে। আপনার সম্মতি পাওয়া গেলে, সুপারিশকৃত স্পেশাল এডুকেশন পরিষেবার ব্যবস্থা করা হবে।

### যেসব শিক্ষার্থী ইতোমধ্যে স্পেশাল এডুকেশন পরিষেবা লাভ করছে

আপনার সন্তান যদি ইতোমধ্যে স্পেশাল এডুকেশন পরিষেবা লাভ করে, আপনা সম্মতি পুনরায় প্রয়োজন হবে না। **পূর্ব লিখিত নোটিসে** আপনার সন্তানের সুপারিশকৃত স্পেশাল এডুকেশন পরিষেবার যেকোন পরিবর্তন তালিকাভুক্ত থাকবে। পূর্ব লিখিত নোটিসে উল্লিখিত তারিখ অনুযায়ী সুপারিশকৃত স্পেশাল এডুকেশন পরিষেবার ব্যবস্থা গ্রহণ করা হবে।

পূর্ব লিখিত নোটিসে বা IEP-তে সুপারিশকৃত পরিষেবার সাথে আপনি যদি দ্বিমত প্রকাশ করেন, সমাধানের চেষ্টায় আপনাকে আপনার সন্তানের IEP টিমের সাথে যোগাযোগ করতে হবে। আপনি সুপারিশকৃত পরিষেবার বিষয়ে যদি সম্মত হতে না

পারেন, আপনার ন্যায্য প্রক্রিয়ার প্রতিরক্ষা রয়েছে। আপনি **মধ্যস্থতা** অথবা একটি **নিরপেক্ষ শুনানির** জন্য অনুরোধ করতে পারেন। এই প্রতিরক্ষার বিষয়গুলি সেকশন 8-এ আলোচনা করা হয়েছে: সহায়তা প্রাপ্তি।

### স্পেশাল এডুকেশন পরিষেবার সম্মতি প্রত্যাহার

স্পেশাল এডুকেশন পরিষেবায় সম্মতি প্রদানের পর যেকোন সময়ে, আপনার সন্তানের IEP-তে উল্লিখিত স্পেশাল এডুকেশন পরিষেবা আপনি প্রত্যাহার করতে পারেন। অনুরোধটি অবশ্যই লিখিত হতে হবে। তথাপি, আপনি যদি সম্মতি প্রত্যাহার করেন, আপনি কিন্তু আপনার সন্তানের IEP-তে উল্লিখিত সকল স্পেশাল এডুকেশন ও সম্পর্কিত পরিষেবা (রিলেটেড সার্ভিস) থেকে আপনার সম্মতি প্রত্যাহার করছেন। তার অর্থ এই যে আপনার সন্তান তাদের কোন পরিষেবা বা বিশেষ সুবিধা লাভ করবে না, এর অন্তর্ভুক্ত স্পেশালাইজড্ পরিবহন ব্যবস্থা, সহায়ক (অ্যাসিস্টিভ) টেকনোলজি, প্রোগ্রামে পরিবর্তন, পরীক্ষায় বিশেষ সুবিধা লাভ, অথবা বিকল্প মূল্যায়নের যোগ্যতা। এছাড়াও, আপনি যদি সম্মতি প্রত্যাহার করেন, আপনার সন্তান প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য যে শৃঙ্খলাজনিত প্রতিরক্ষার যোগ্যতা রয়েছে সেটিও আর পাবে না (এর মধ্যে অন্তর্ভুক্ত **ম্যানিফেস্টেশন ডিটারমিনেশন রিভিউ (MDRs)**)। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের শৃঙ্খলাজনিত প্রতিরক্ষা বিষয়ে আরও তথ্যের জন্য, **পরিভাষার শব্দকোষ** অথবা https://www.schools.nyc.gov/special-education/help/your-rights. সাইটে প্রসিডিউরাল সেফগার্ড নোটিসদেখুন। আপনি স্পেশাল এডুকেশন এবং রিলেটেড সার্ভিসের শুধু কোন একটি অংশ থেকে সম্মতি প্রত্যাহার করতে পারবেন না।

আপনি যদি IEP-র সকল অথবা কিছু সুপারিশের সাতে অসম্মত থাকেন, কিন্তু স্পেশাল এডুকেশন পরিষেবার ব্যবস্থা থেকে আপনার সম্মতি প্রত্যাহার করতে না চান, আপনার উচিত আপনার সন্তানের IEP টিমের সাথে যোগাযোগ করা। যদি আপনি সম্মত হতে না পারেন, আপনি সেকশন 8-এ বর্ণিত মধ্যস্থতা পদ্ধতির নিয়মমাফিক প্রক্রিয়া অথবা নিরপেক্ষ হিয়ারিং ব্যবহার করতে পারেন: সহায়তা প্রাপ্তি।

IEP টিম আপনার সম্মতি ব্যতিরেকে আবশ্যিক পরিষেবা প্রদানের লক্ষ্যে মধ্যস্থতা প্রক্রিয়া অথবা নিরপেক্ষ হিয়ারিংয়ের নিয়মমাফিক প্রক্রিয়া **নাও** ব্যবহার করতে পারে।

## মেডিকেইড বিলের জন্য সম্মতি

DOE, IEP-যুক্ত সকল শিক্ষার্থীর পরিবারকে সম্মতি পত্রে স্বাক্ষর করার অনুরোধ জানাবে যাতে স্পেশাল এডুকেশন পরিষেবার আংশিক খরচ বহন করতে মেডিকেডকে ডিপার্টমেন্ট সুযোগ প্রদান করে। তাদের মেডিকেইডের অবস্থা যাই হোক না কেন, সকল পরিবারকে এই ফর্মগুলি স্বাক্ষর করার অনুরোধ জানানো হবে। এতে পরিবারের উপর কোন প্রভাবই পড়বে না, এর ব্যতিক্রম এই যে, IEP-যুক্ত শিক্ষার্থীদের পরিষেবা দানে স্কুল সিস্টেম বাড়তি তহবিল লাভ করবে।

যদি আপনার সন্তান মেডিকেইড সুবিধা পায়, আপনার সুবিধা বাতিল হবে না, বিদ্যমান জীবনব্যাপী সুবিধা হ্রাস হবে না এবং আপনার পরিবার যেসব পরিষেবা পাচ্ছে সেগুলো মেডিকেইড সুবিধা পাবার কারণে কোনভাবে ক্ষতিগ্রস্ত হবে না। আপনার সন্তানের IEP-তে উল্লিখিত পরিষেবাসমূহ লাভের জন্য আপনাকে মেডিকেইডে সাইন আপ করতে হবে না।

## আসন লাভের সময়রেখা

DOE আপনার সন্তানের IEP-তে সুপারিশকৃত ব্যবস্থা অনুযায়ী সাধারণত ভর্তির সুযোগ প্রদান করতে বাধ্য।

- স্পেশাল এডুকেশনে প্রাথমিক (প্রথম-বারের) রেফারেলের জন্য, আপনার সন্তানকে মূল্যায়ন করা সম্মতি প্রদানের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে সে একটি আসন লাভ করবে।
- আপনার সন্তান যদি ইতোমধ্যে স্পেশাল এডুকেশন সার্ভিস পেয়ে থাকে, তাহলে আপনার সন্তানের পূনর্মূল্যায়নের রেফারেলের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে আপনার সন্তানকে ভর্তি করা হবে।

আপনি যদি অযৌক্তিকভাবে মূল্যায়নে দেরি করেন, রেফারেল এবং/অথবা ভর্তি প্রক্রিয়া, তবুও, এই সময়রেখাকে আপনার বিলম্বের সাথে মানানসই করে নেবে।

**P-1 চিঠি**

আপনার সন্তানকে যদি স্পেশাল ক্লাসের জন্য সুপারিশ করা হয় এবং উল্লিখিত সময়রেখার মধ্যে আপনি আসন লাভ না করেন, আপনি একটি **P-1 চিঠি** পেতে পারেন।

একটি P-1 চিঠি আপনাকে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত নন-পাবলিক স্কুলের (NYSED-অনুমোদিত নন-পাবলিক স্কুলে) যথাযথ স্পেশাল এডুকেশন প্রোগ্রামে ভর্তির অধিকার প্রদান করে। এই ভর্তি ঐ স্কুল বছরের জন্য DOE-র খরচে হবে। এই নোটিসের সাথে NYSED-অনুমোদিত নন-পাবলিক স্কুলগুলির একটি তালিকাও থাকবে।

এই প্রক্রিয়া সম্পর্কে যদি কোন প্রশ্ন থাকে বা সহায়তার প্রয়োজন হয়, তবে আপনাকে P-1 চিঠির নিচে তালিকাভুক্ত প্রতিনিধির সাথে যোগাযোগ করতে হবে।



সেকশন

# 6 IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন

## হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়া

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ, সকল শিক্ষার্থীকে লভ্য সর্বোচ্চ ডিপ্লোমার দিকে অগ্রসর হতে উৎসাহ প্রদান করা হচ্ছে। একবার হাই স্কুলে গেলে, আপনার উচিত ঘনিষ্ঠভাবে আপনার সন্তান, তার গাইডেন্স কাউন্সেলর এবং শিক্ষকদের সাথে কাজ করা যাতে হাই স্কুল শেষে সে সব সুযোগের সর্বোচ্চ ব্যবহার করে উভয় অ্যাকাডেমিক এবং ব্যক্তিগত অর্জন সম্ভব করতে পারে। নিচে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য লভ্য হাই স্কুল ডিপ্লোমা এবং সার্টিফিকেট তারা অর্জন করতে পারে তার একটি উপরিচিত্র দেয়া হলো। গ্রাজুয়েশনের শর্তের উপর সর্বশেষ হালনাগাদ তথ্যের জন্য, ভিজিট করুন: https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirements.

## ডিপ্লোমার বিকল্পসমূহ

নিউ ইয়র্ক স্টেটে, শিক্ষার্থীরা তিন ধরনের ডিপ্লোমা অর্জন করতে পারে:

1. রিজেন্টস ডিপ্লোমা
2. অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমা
3. লোকাল ডিপ্লোমা

এর সবকটি বৈধ হাই স্কুল ডিপ্লোমা। অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমা শিক্ষার্থীদেরকে ম্যাথ, সায়েন্স, এবং ইংরেজি ভিন্ন অন্য ভাষায় বাড়তি দক্ষতা প্রদর্শন করার সুযোগ প্রদান করে।

ডিপ্লোমা অর্জন করতে, শিক্ষার্থীদের অবশ্যই নির্দিষ্ট কোর্স ক্রেডিট অর্জন এবং নির্দিষ্ট রিজেন্টস্ পরীক্ষায় পাস করতে হবে। সকল শিক্ষার্থী একাধিক বার রিজেন্টস্ পরীক্ষা দিতে পারে। আপনি যদি ভাবেন আপনার সন্তান গ্র্যাজুয়েশনের চাহিদা পূরণ করে তেমন ক্রেডিট অর্জনের পথে এগুচ্ছে না, অতি সত্বর অনুগ্রহ করে আপনার স্কুলের গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলুন।

### পরীক্ষা

রিজেন্টস্ ডিপ্লোমা অর্জনের জন্য শিক্ষার্থীদের অবশ্যই পাঁচটি রিজেন্টস্ পরীক্ষা অথবা চারটি রিজেন্টস্ পরীক্ষা এবং অন্য একটি অনুমোদিত ক্রেডেনশিয়াল অথবা পরীক্ষায় পাস করতে হবে (যা অনেক ক্ষেত্রে পরিচিত 4+1 বিকল্প হিসেবে রেফার করা হয়)। ডিপ্লোমা পাবার জন্য সকল শিক্ষার্থীকে অবশ্যই 44 ক্রেডিট অর্জন করতে হবে।

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীগণ সেফটি নেট বিকল্পসমূহের মাধ্যমে স্থানীয় ডিপ্লোমা অর্জন করতে পারে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ, কিছু শিক্ষার্থী ভিন্ন পরীক্ষার স্কোর অর্জনের মাধ্যমে স্থানীয় ডিপ্লোমা নিয়ে গ্র্যাজুয়েট হতে পারে।

একটি সেফটি নেট বিকল্প প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে ভিন্ন পরীক্ষার স্কোর অর্জনের মাধ্যমে স্থানীয় ডিপ্লোমাসহ গ্র্যাজুয়েট হবার সুযোগ প্রদান করে।

রিজেন্টস্ পরীক্ষাসমূহ এবং অন্য পরীক্ষার নমনীয়তাগুলি সম্পর্কে আরও জানতে আপনার সন্তানের গাইডেন্স কাউন্সেলর এবং IEP টিমের সাথে কথা বলুন। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirementsসাইট দেখুন।



## কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (প্রারম্ভিক প্রশংসাপত্র)

বর্ণিত ডিপ্লোমার বিকল্পসমূহ ছাড়াও, IEP-যুক্ত শিক্ষার্থীরা নিচে উল্লিখিত কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল অর্জন করতে পারে।

- ক্যারিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ (CDOS) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল
- স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল

**ক্যারিয়ার ডেভালাপমেন্ট অ্যান্ড অক্যুপেশনাল স্টাডিজ (CDOS) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল** ডিজাইন করা হয়েছে, শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেটের CDOS শিক্ষণ মানে সংজ্ঞায়িত পেশাগত-প্রস্তুতির দক্ষতায় কতটা পটু সেটি চিহ্নিত করার জন্য। হাই স্কুলে যেসব শিক্ষার্থীরা কর্ম-ভিত্তিক শিক্ষণ সুযোগ এবং/অথবা পেশাগত ও টেকনিক্যাল এডুকেশনের (CTE) ক্লাসে অংশ নেয় তারা হাই স্কুল শেষের জীবনের জন্য আরও অধিক প্রস্তুত থাকে। এই অভিজ্ঞতাগুলি শিক্ষার্থীদেরকে তাদের ভবিষ্যত পেশা-জীবন এবং আগ্রহ নির্ধারণে সহায়তা প্রদান করে এবং অনেক সময় এগুলি অ্যাকাডেমিক কর্মসূচির প্রধান চ্যালেঞ্জিং অংশ হয়ে ওঠে। পেশাগত উন্নয়নের অভিজ্ঞতাসমূহ সম্পূরক হয়, এবং কোন সমৃদ্ধ অ্যাকাডেমিক কর্মসূচিকে স্থানান্তরিত করে না। **সকল শিক্ষার্থী** ডিপ্লোমা ছাড়াও CDOS ক্রেডেনশিয়াল অর্জন করতে পারে (IEP ছাড়া শিক্ষার্থীরা এর অন্তর্ভুক্ত)। যদি কোন শিক্ষার্থী 4টি রিজেন্টস্ পরীক্ষায় পাস করে, তাহলে CDOS ক্রেডেনশিয়ালকে "+1" বিকল্প হিসেবেও ব্যবহার করা যেতে পারে যা ঐ শিক্ষার্থীর শর্ত পূরণ করে।

**স্কিল অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (SACC)** শিক্ষার্থীদের দক্ষতা, শক্তিশালী দিকসমূহ, অ্যাকাডেমিক, পেশা উন্নয়ন এবং স্কুল-উত্তর জীবনযাপনে, শিক্ষণে, এবং কাজের জন্য প্রয়োজনীয় দক্ষতার স্তরের স্বীকৃতি দেয়। শুধুমাত্র গুরুতর প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা যারা NYSAA-এ অংশগ্রহণ করে তারা SACC-এর যোগ্য। SACC-এর জন্য আবশ্যক ন্যূনতম 12 বছরের শিক্ষা (কিন্ডারগার্টেন বাদে)।

CDOS ক্রেডেনশিয়াল এবং SACC হাই স্কুল ডিপ্লোমার সমতুল্য নয়। এগুলির জন্য কোন ক্রেডিট অর্জন অথবা পরীক্ষায় পাস করতে হয় না। বরং, CDOS ক্রেডেনশিয়াল এবং SACC শিক্ষার্থীদের জন্য সুযোগ প্রদান করে যাতে তার হাই স্কুল পরবর্তী

কর্মজীবনে সাফল্যের জন্য যে দক্ষতা প্রয়োজন সেটি তৈরিতে ও প্রদর্শনে সক্ষম হয়। যখন কোন শিক্ষার্থী (হাই স্কুল ডিপ্লোমার পরিবর্তে) CDOS ক্রেডেনশিয়াল অথবা একমাত্র ক্রেডেনশিয়াল হিসেবে SACC-সহ গ্র্যাজুয়েট হয়, শিক্ষার্থীকে যেখানে ডিপ্লোমা আবশ্যিক, কোন চাকরির গ্যারান্টি দেয়া হয় না এবং সে মিলিটারিতে যোগদান অথবা অনেক কলেজ এবং উত্তর-মাধ্যমিক (পোস্টসেকেন্ডারি) প্রতিষ্ঠানে যোগ দিতেও যোগ্য বিবেচিত হয়। যেসব শিক্ষার্থী এই ক্রেডেনশিয়াল গ্রহণকারী তারা স্কুলে পড়া অব্যাহত রাখার যোগ্য যে পর্যন্ত না তাদের বয়স 21 বছর হয় অথবা ঐ স্কুল বছরের শেষ নাগাদ পর্যন্ত যে বছরে তাদের বয়স 21 বছর হয় (যেটি আগে আসে)।

## ডিপ্লোমার শর্ত

ডিপ্লোমা অর্জনের জন্য, শিক্ষার্থীদের অবশ্যই 44 ক্রেডিট অর্জন করতে হবে।

| | | |
|---|---|---|
| **8** **ইংরেজি** ক্রেডিট | **8** **সোশ্যাল স্টাডিজ** ক্রেডিট | **4** গ্লোবাল হিস্টরিতে (বিশ্ব ইতিহাস) **2** U.S. হিস্টরিতে (যুক্তরাষ্ট্রের ইতিহাস), **1** গভর্নমেন্ট এবং **1** অর্থনীতিতে |
| **6** **ম্যাথম্যাটিক্স** ক্রেডিট (ন্যূনতম **2** ক্রেডিট অ্যাডভান্সড্ ম্যাথে) | **6** **বিজ্ঞান** ক্রেডিট (সর্বনিম্ন **2** লাইফ সায়েন্স এবং **2** ফিজিক্যাল সায়েন্স) | **2** **ভাষা** ইংলিশের ক্রেডিট ছাড়া অন্য (**6** ক্রেডিট ফর অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমা ) |
| **2** **আর্টস্** ক্রেডিট | **4** **ফিজিক্যাল এডুকেশন** ক্রেডিট | **1** **হেলথ্** ক্রেডিট |
| **7** **ঐচ্ছিক** ক্রেডিট (**3** ক্রেডিট অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমার জন্য) | | |

যদি IEP-তে নির্দেশনা থাকে যে প্রতিবন্ধিতার কারণে এটি যথাযথ নয়, তাহলে একজন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে ইংরেজির আবশ্যিকতা ছাড়া অন্য ভাষার শর্ত পূরণ থেকে অব্যাহতি দেয়া হতে পারে।


BRONX
365
The College at
BROCKPORT
STATE UNIVERSITY OF NEW YORK
LEHIGH
LEHIGH


MERCY COLLEGE
MERCY COLLEGE
NEW YORK
MERCY COLLEGE
NEW YORK

সেকশন

# 7 হাই স্কুল পরবর্তী জীবন—কলেজ, পেশা এবং মাধ্যমিক পরবর্তী পরিকল্পনা

আমরা নিশ্চিত করতে চাই যে সকল শিক্ষার্থী এমন শিক্ষা লাভ করুক যা তাদেরকে হাই স্কুল শেষে কলেজ, পেশাজীবন, এবং স্বাধীন জীবন-যাপনে সর্বোচ্চ সুযোগসমূহ প্রদান করে। আপনার সন্তান যেন সর্বোচ্চ সংখ্যক বিকল্প পথ পেতে পারে, মিডল্ এবং হাই স্কুল পরিকল্পনা তা নিশ্চিত করবে। এটি গুরুত্বপূর্ণ যে শিক্ষার্থী এবং পিতামাতগণ যেন বুঝতে পারে হাই স্কুল পরবর্তী জীবনের লক্ষ্যে একজন শিক্ষার্থী যে মিডল্ ও হাই স্কুলে কোর্স এবং পরীক্ষাসমূহ নেয় সেগুলির সমন্বয় সাধন করা যায়। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ, সকল শিক্ষার্থীকে লভ্য সর্বোচ্চ ডিপ্লোমার দিকে অগ্রসর হতে উৎসাহ প্রদান করা হচ্ছে। একবার হাই স্কুলে গেলে, আপনার উচিত ঘনিষ্ঠভাবে আপনার সন্তান, তার গাইডেন্স কাউন্সেলর এবং শিক্ষকদের সাথে কাজ করা যাতে হাই স্কুল শেষে সে সব সুযোগের সর্বোচ্চ ব্যবহার করে উভয় অ্যাকাডেমিক এবং ব্যক্তিগত অর্জন সম্ভব করতে পারে। হাই স্কুলে আপনার সন্তানের প্রথম বছরে, তাদের IEP টিমের সাথে তার ডিপ্লোমার বিকল্পগুলি নিয়ে আলোচনা করুন। পিতামাতা হিসেবে স্থানান্তর পরিকল্পনায় আপনার অংশগ্রহণ আপনার সন্তানের সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ। আপনার সন্তানের লক্ষ্য, আগ্রহ এবং সামর্থ্যের প্রতিফলনকারী একটি স্থানান্তর পরিকল্পনা তৈরির জন্য আপনার সন্তানের স্কুলের স্টাফদের সাথে আপনি কাজ করবেন।

হাই স্কুল থেকে আপনার সন্তানের গ্র্যাজুয়েট হবার আগে, আপনি লিখিত নোটিস পাবেন যেখানে আপনার সন্তান যে ডিপ্লোমা অথবা সার্টিফিকেট পাবে সেগুলোর পরিচিতি থাকবে এবং অবহিত করা হবে যে, গ্র্যাজুয়েশনের পর আপনার সন্তান FAPE-এর জন্য যোগ্য বিবেচিত হবে না। আপনার সন্তান যদি তার একমাত্র বিদ্যমান ক্রেডেনশিয়াল হিসেবে CDOS কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল অথবা স্কিলস্ অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল নিয়ে হাই স্কুল থেকে বের হয়, তাকে লিখিতভাবে নিশ্চিত করা হবে যে, সে যেবছরে 21 বছর বয়সের হবে সেই স্কুল বছর পর্যন্ত স্কুলে পড়ার যোগ্য থাকবে। গ্র্যাজুয়েশনের বাধ্যবাধকতা সম্পর্কে সবচেয়ে হালনাগাদ তথ্য পেতে, এবং আপনার সন্তানের মিডল্ ও হাই স্কুলের পথপরিক্রমা সম্পর্কে পরিকল্পনার জন্য অন্যান্য মূল্যবান তথ্য-উপাত্ত পেতে হলে নিম্নলিখিত ওয়েবপেজ https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirementsদেখুন।

## উত্তরণ পরিকল্পনা

স্থানান্তর পরিকল্পনা একটি প্রক্রিয়া যা IEP-যুক্ত শিক্ষার্থীদের হাই স্কুল পরবর্তী জীবনের প্রস্তুতি নিশ্চিতকরণে ব্যবহার করা হয়। এটির উদ্দেশ্য একটি প্রাথমিক কাঠামো প্রদান করা যা আপনার সন্তানকে যতটা সম্ভব পূর্ণ ও স্বাধীনভাবে কমিউনিটিতে বসবাস করার, কাজ করার এবং খেলাধুলার জন্য প্রস্তুত করে। এই প্রক্রিয়ার সময়, আপনি, আপনার সন্তান, স্কুল কর্মী, পরিবার সদস্যবৃন্দ, এবং/অথবা কমিউনিটির বিভিন্ন সংগঠন তথ্য শেয়ার করে, লক্ষ্য পূরণে সম্মত হয়, এবং হাই স্কুল পরবর্তী জীবনে আপনার সন্তানের জন্য একটি পরিকল্পনা তৈরি করে। আপনার সন্তানের শক্তিশালী দিকগুলির উপর নির্ভর করে, তার অগ্রাধিকার, এবং আগ্রহ, কর্মকাণ্ড ও পরিষেবা শনাক্ত করা হয় যাতে আপনার সন্তানের লক্ষ্যে পৌঁছানোতে সহায়তা করা যায়। এগুলিকে বলা হয় **উত্তরণ কর্মকাণ্ডের সমন্বিত সেট**। এই উত্তরণ পরিকল্পনার প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া শুরু হয় যে বছর আপনার সন্তান 12 বছর বয়সের হয় (অথবা প্রযোজ্য হলে তারও আগে), যখন প্রথম তাকে বৃত্তিমূলক মূল্যায়ন প্রদান করা হয়। উত্তরণ

পরিকল্পনা ও পরিষেবা একটি প্রক্রিয়া যা আপানর সন্তানের পুরো স্কুলের অভিজ্ঞতা জুড়ে চলে এবং সমাপ্ত হয় **'স্টুডেন্ট এক্সিট সামারি' (শিক্ষাসমাপনী সারসংক্ষেপ)**-এর মাধ্যমে।

উত্তরণ পরিকল্পনা সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য, ফ্যামিলি গাইড টু ট্র্যানজিশন প্ল্যানিং দেখুন: হাই স্কুল উত্তর জীবনে IEP-যুক্ত শিক্ষার্থীদের প্রস্তুতিতে www.schools.nyc.gov/specialeducationসাইট দেখুন।

## উত্তরণকালীন পরিষেবার শর্তাবলি উপরিচিত্র

প্রতিবন্ধিতাযুক্ত সকল শিক্ষার্থী যাতে FAPE সুবিধা লাভ করে সেবিষয়টি নিশ্চিত করতে ফেডারেল এবং স্টেট আইন ও বিধানসমূহ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং তাদের পরিবারের অধিকার সংরক্ষণ করে। এইসব আইন এবং বিধান কিছু মান প্রদান করে যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের উত্তরণ পরিকল্পনায় প্রসঙ্গিক। এখানে ফেডারেল এবং/অথবা স্টেট আইন এবং বিধানের অধীনে কিছু জিনিস গ্যারান্টি করা হয়:

- প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা যে বছরে 12 বছর বয়সের হবে সেই বছরে তাদের অবশ্যই একটি বৃত্তিমূলক মূল্যায়ন হবে। বৃত্তিমূলক মূল্যায়ন সম্পর্কে আরও জানতে, নিচের **ট্র্যানজিশন অ্যান্ড ভোকেশনাল অ্যাসেসমেন্ট** সেকশনটি দেখুন।
- আপনার সন্তান যখন 14 বছর বয়সের হবে তখন থেকে শুরু করে, IEP টিম হাই স্কুল উত্তর জীবনের জন্য আপনার সন্তানের লক্ষ্য কী হবে সেটি বিবেচনা করা আরম্ভ করবে। এগুলোকে বলা হয় **পরিমাপযোগ্য মাধ্যমিক উত্তর লক্ষ্যসমূহ**। এইসব লক্ষ্য ফোকাস করে শিক্ষা, চাকরি এবং স্বাধীন জীবন-যাপনের দক্ষতার উপর (যখন প্রয়োজন হয়)। এই একই সময়ে, IEP টিম সেইসব কর্মকাণ্ড নির্ধারণ শুরু করবে যা আপনার সন্তানের মাধ্যমিকউত্তর লক্ষ্য পূরণে সহায়ক হবে। এগুলিকে বলা হয় **উত্তরণ কর্মকাণ্ডের সমন্বিত সেট**। আরও জানতে, **ট্র্যানজিশন অ্যান্ড ইন্ডিভিজ্যুয়াল এডুকেশন প্রোগ্রাম (IEP)**সেকশনটি পড়ুন।
- যখন কোন এজেন্সি সংশ্লিষ্ট থাকে যা আউট-অভ-স্কুল বা মাধ্যমিকউত্তর পরিষেবা প্রদান অথবা তার জন্য অর্থ দিতে দায়বদ্ধ থাকে, IEP টিম সেই এজেন্সির প্রতিনিধিকে কোন IEP মিটিং যেখানে উত্তরণ নিয়ে আলোচনা হবে সেখানে তাকে আমন্ত্রণ জানাতে আপনার সম্মতি চাইবে। আপনি রিসোর্স সেকশন **ট্র্যানজিশন সার্ভিস এজেন্সিস অ্যান্ড অ্যাডাল্ট সার্ভিস সিস্টেমস্**-এর চার্টে কিছু এজেন্সি সম্পর্কে আরও জানতে পারবেন।
- উত্তরণ পরিষেবা সম্পর্কে আলোচনার জন্য, আপনার সন্তানকে অবশ্যই IEP মিটিংয়ে আমন্ত্রণ জানানো হবে। IEP টিমের একজন গুরুত্বপূর্ণ সদস্য হিসেবে, তারা তাদের শক্তিশালী দিকগুলি, অগ্রাধিকার এবং আগ্রহ নিয়ে আলোচনা করতে সক্ষম হবে। শিক্ষার্থী যদি এই মিটিংয়ে যোগদানে সক্ষম না হয়, শিক্ষার্থীর অগ্রাধিকার ও আগ্রহ যাতে বিবেচিত এবং তার IEP-তে প্রতিফলিত হয় সেবিষয়টি IEP টিম অবশ্যই নিশ্চিত করবে।

## উত্তরণ ও বৃত্তিমূলক মূল্যায়ন

**উত্তরণ এবং বৃত্তিমূলক মূল্যায়ন** আপনার সন্তানকে হাই স্কুলের পরে সে কী করবে এবং কেমন করে সেখানে পৌঁছা যায় সেটি ভাবতে সহায়তা করবে। এগুলি ব্যবহার করা হয় আপনার সন্তানের সক্ষমতা, অগ্রাধিকার, আচরণ, এবং আগ্রহ সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য যাতে ভবিষ্যত শিক্ষা, জীবন-যাপন, ব্যক্তিগত, কমিউনিটি, এবং পেশাগত লক্ষ্য চিহ্নিত করা যায়। এছাড়া, এগুলি উচ্চ-মানের IEP এবং আপনার সন্তানের উত্তরণ পরিকল্পনা তৈরিতেও IEP টিমকে সহয়াতা প্রদান করে।

**উত্তরণ মূল্যায়নসমূহ** আপনার সন্তানের চাকরির আগ্রহ, অগ্রাধিকার, এবং দক্ষতার দিকেও লক্ষ্য রাখে। এগুলি এমনসব মূল তথ্য প্রদান করে যা হাই স্কুল পরবর্তী জীবনে আপনার সন্তানের লক্ষ্য নির্ধারণে সহায়ক হবে।

**বৃত্তিমূলক মূল্যায়নসমূহ** এক ধরনের উত্তরণ মূল্যায়ন। বৃত্তিমূলক মূল্যায়নসমূহ আপনাকে, আপনার সন্তানকে, এবং স্কুলকে আপনার সন্তানের শক্তিশালী দিকসমূহ, আগ্রহ, এবং তার আকাঙ্খার

ভিত্তিতে ভবিষ্যত পরিকল্পনা গ্রহণে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সহায়তা প্রদান করে। এগুলি আপনার সন্তানের ভবিষ্যত পেশাজীবনের সুযোগের সাথে সম্পর্কিত কর্মকাণ্ড কীভাবে বর্তমানে করছে সেসব বুঝতে সহায়তা প্রদান করে। এসব আপনার সন্তানের যেসব ক্ষমতা, দক্ষতা, এবং সহায়তার প্রয়োজনীয়তা রয়েছে তার স্তর শনাক্ত করায় মনোনিবেশ করে।

এই সব মূল্যায়ন "স্বাধীকার"-এর ধারণা তৈরির সহায়তায় ডিজাইন করা হয়েছে। স্বাধীকার বলতে বোঝায় যে, আপনার সন্তান তার পথ কী হবে সেবিষয়ে নিজের একটি মতামত থাকবে, বিশেষ করে শিক্ষা এবং প্রশিক্ষণে, চাকরিতে, এবং স্বাধীনভাবে জীবন-যাপনের দক্ষতায়।

বৃত্তিমূলক মূল্যায়ন আনুষ্ঠানিক অথবা অনানুষ্ঠানিক হতে পারে।

**অনানুষ্ঠানিক মূল্যায়নের** মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে ইন্টারভিউ, প্রশ্নাবলি, পর্যবেক্ষণ, আগ্রহের তালিকা, অগ্রাধিকার মূল্যায়ন এবং উত্তরণ পরিকল্পনার তালিকা। যে অনানুষ্ঠানিক মূল্যায়ন ব্যবহৃত হয় তার ভিত্তি আপনার সন্তানের বয়স এবং সক্ষমতা।

**আনুষ্ঠানিক মূল্যায়নগুলির** মধ্যে পড়ে আগ্রহের বিষয়ে টেস্ট, সাফল্যের টেস্ট, এবং স্ট্যান্ডার্ডাইজড্ টেস্ট। এই মূল্যায়নের ফলাফলে অন্তর্ভুক্ত আপনার সন্তানের বয়সের অন্য শিক্ষার্থীদের সাথে তুলনা। আনুষ্ঠানিক মূল্যায়ন অনেক সময় ব্যবহার করা হয়, যখন অনানুষ্ঠানিক মূল্যায়ন আপনার সন্তানের উচ্চ মানসম্পন্ন উত্তরণ পরিকল্পনা তৈরি করতে স্কুলগুলোর জন্য পর্যাপ্ত তথ্য প্রদান করে না।

**উত্তরণ মূল্যায়নসমূহের টার্গেট আপনার সন্তানের চাকরির আগ্রহ, অগ্রাধিকার, এবং দক্ষতা।**

আপনার সন্তান যে বছরে 12 বছর বয়সের হয় সেই ক্যালেন্ডার বছরের শুরুতে, বৃত্তিমূলক মূল্যায়ন পরিচালনা দ্বারা আপনি, আপনার সন্তান, এবং পরিকল্পনা টিমের অন্য সদস্যগণ উত্তরণ মূল্যায়ন প্রক্রিয়া শুরু করবেন। আপনার সন্তান যদি তার প্রথম IEP লাভের সময় 12 বছর বয়সের বেশি বয়সের হয়, বৃত্তিমূলক মূল্যায়ন ঐ সময়েই করা হবে।

### লেভেল I বৃত্তিমূলক মূল্যায়ন

লেভেল I বৃত্তিমূলক মূল্যায়ন একটি অনানুষ্ঠানিক মূল্যায়ন যার মধ্যে আছে তিনটি অংশ – একটি শিক্ষার্থীর অংশ, একটি পিতমাতার অংশ, এবং একটি শিক্ষকের অংশ। স্কুল রেকর্ডের পর্যালোচনাও এই মূল্যায়নের একটি অংশ। এই মূল্যায়ন গ্র্যাজুয়েশনের পরবর্তী জীবনে আপনার সন্তানের আগ্রহ, অগ্রাধিকার, এবং লক্ষ্য সম্পর্কিত তথ্য সংগ্রহ করে যার মধ্যে ভবিষ্যত চাকরি, শিক্ষা, অথবা প্রশিক্ষণ রয়েছে। প্রত্যেক IEP মিটিংয়ের আগে প্রয়োজন অনুযায়ী লেভেল I বৃত্তিমূলক মূল্যায়ন হালনাগাদ করা হয়।

পিতামাতা হিসেবে, আপনার অবদানগুলি উত্তরণ মূল্যায়ন প্রক্রিয়ার জন্য গুরুত্বপূর্ণ। লেভেল I বৃত্তিমূলক মূল্যায়নে এবং যেকোন IEP মিটিংয়ে যেখানে এইসব মূল্যায়নের বিষয় আলোচিত হয় সেখানে আপনি মতামত প্রদান করছেন সেবিষয়টি নিশ্চিত করুন।

### লেভেল II বৃত্তিমূলক মূল্যায়ন

যদি IEP টিম সিদ্ধান্ত গ্রহণ করে যে, বাড়তি তথ্যের চাহিদা রয়েছে, একটি লেভেল II বৃত্তিমূলক মূল্যায়নের ব্যাপারে সুপারিশ করা হতে পারে। একটি লেভেল II বৃত্তিমূলক মূল্যায়ন একজন শিক্ষার্থীর বৃত্তিমূলক দক্ষতা, শক্তিশালী দিকগুলি এবং তার আগ্রহের স্তর নির্ধারণে সহায়ক হতে পারে। এটি একটি আনুষ্ঠানিক মূল্যায়ন যা নিয়মিত/স্ট্যান্ডার্ডাইজড্ যন্ত্র (ইন্সট্রুমেন্ট) ব্যবহার করে দক্ষতা এবং সক্ষমতা পরীক্ষা করে। এতে অন্তর্ভুক্ত হতে পারে ধারণা, সঞ্চালন, স্থান-সংশ্লিষ্ট বিষয়, মৌখিক, এবং/অথবা সাংখিক ধারণা, মনোযোগ এবং/অথবা শিক্ষণের স্টাইলসমূহ যা অনুষ্ঠানিক মূল্যায়ন থেকে প্রাপ্ত।

### লেভেল III বৃত্তিমূলক মূল্যায়ন

একটি পরিস্থিতিগত বৃত্তিমূলক মূল্যায়ন যাকে অনেক সময় বলা হয় লেভেল III বৃত্তিমূলক মূল্যায়ন, তা সম্পূর্ণ হতে পারে যখন কোন শিক্ষার্থী প্রকৃত অথবা নকল কর্ম-ভিত্তিক শিক্ষণ অভিজ্ঞতা বা কাজে অংশগ্রহণ করে। কর্ম-ভিত্তিক শিক্ষণ অভিজ্ঞতাগুলির মধ্যে আছে বেতনভুক্ত এবং বেতন ছাড়া ইন্টার্নশিপ, কমিউনিটি পরিষেবা এবং স্বেচ্ছাসেবীর কাজ, এবং বেতনসহ চাকরি। পরিস্থিতিগত বৃত্তিমূলক মূল্যায়নে, শিক্ষার্থীটিকে তার কাজের সাথে সম্পৃক্ত কোন দায়িত্ব পালনের সময় পর্যবেক্ষণ করা হয়। পরবর্তীতে, শিক্ষার্থীকে তার দক্ষতা তৈরির সহায়তায় অভিমত প্রদান করা হয় যা এখন এবং ভবিষ্যতে একটি সফল কর্ম অভিজ্ঞতা নিশ্চিত করে। লেভেল III বৃত্তিমূলক মূল্যায়ন কর্মস্থানে একজন শিক্ষার্থীর সাফল্যে সহায়তাদানের লক্ষ্যে সহায়ক তথ্য প্রদান করতে পারে।



## ট্র্যানজিশন অ্যান্ড ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP)

উত্তরণ পরিকল্পনার সাথে সবচেয়ে প্রাসঙ্গিক IEP সেকশনগুলির ব্যাখ্যা নিচে দেয়া আছে। কিন্তু, বৃত্তিমূলক মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্য পুরো IEP জুড়ে বিবেচনা করা হবে।

IEP মিটিংয়ে গ্র্যাজুয়েশনের বিকল্পগুলি আলোচিত এবং পরিকল্পনা করা হয়। এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে প্রোমোশনের মাপকাঠি, একজন শিক্ষার্থী যে পথে অগ্রসর হয়, এবং শিক্ষার্থী বিকল্প অথবা মানসম্পন্ন মূল্যায়নে অংশগ্রহণ করে কি করে না – এ সবকিছু গ্রাজুয়েশনের বিকল্পকে প্রভাবিত করে যা একজন শিক্ষার্থীর কাছে লভ্য। এই বিষয়গুলি প্রতিটি IEP মিটিংয়ে অবশ্যই বিবেচনা করা হবে যাতে নিশ্চিত হওয়া যায় যে, শিক্ষার্থী তার মাধ্যমিক-উত্তর (পোস্টসেকেন্ডারি) লক্ষ্য পূরণে ঠিক পথে রয়েছে। গ্র্যাজুয়েশনের অপশনগুলো এবং শর্তাবলী সম্পর্কে সর্বশেষ তথ্য পেতে, অনুগ্রহ করে: https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirements -সাইট দেখুন।

### পরিমাপযোগ্য উত্তরমাধ্যমিক (পোস্টসেকেন্ডারী) লক্ষ্যসমূহ

আপনার সন্তানের IEP 14 বছর বয়স থেকে (অথবা প্রযোজ্য হলে, আরও কম বয়স থেকে) পরিমাপযোগ্য মাধ্যমিকউত্তর লক্ষ্য অন্তর্ভুক্ত করতে শুরু করবে। পরিমাপযোগ্য মাধ্যমিকউত্তর লক্ষ্যসমূহে ব্যক্ত আছে হাই স্কুলের পরে আপনার সন্তান কী করতে চায় অথবা কী অর্জন করবে। আপনার সন্তানের পরিমাপযোগ্য মাধ্যমিকউত্তর লক্ষ্যসমূহের চিত্র আংশিকভাবে তৈরি হয় উত্তরণ এবং বৃত্তিমূলক মূল্যায়ন থেকে সংগৃহীত তথ্য দ্বারা। IEP মিটিংয়ের সময়, IEP টিম, যার মধ্যে আছেন আপনি ও আপনার সন্তান (যখন উত্তরণ আলোচিত হবে), এই মূল্যায়নসমূহ এবং আপনার মাধ্যমিকউত্তর লক্ষ্যগুলি পর্যালোচনা করবে। এটি বোঝা গুরুত্বপূর্ণ যে হাই স্কুলের পরে

আপনার সন্তানের আগ্রহ বৃদ্ধি পাবার সাথে সাথে তার লক্ষ্যসমূহ অনেক ক্ষেত্রে পরিবর্তন হতে পারে। এই কারণে, প্রতি বছর IEP-র বাকি অংশের পাশাপাশি মাধ্যমিক-উত্তর লক্ষ্যসমূহ পর্যালোচনা এবং হালনাগাদ করা হয়। পরিমাপযোগ্য মাধ্যমিকউত্তর লক্ষ্যসমূহের ক্ষেত্রগুলি হতে পারে:

- শিক্ষা/প্রশিক্ষণ
- কর্মসংস্থান
- স্বাধীন জীবন-যাপন (যদি প্রয়োজন হয়)

### বার্ষিক লক্ষ্য

বার্ষিক লক্ষ্যসমূহে বর্ণিত থাকে আপনার সন্তান এক বছরে কতটা অর্জনের প্রত্যাশা করছে সেটি। এই লক্ষ্যগুলি আপনার সন্তানের প্রয়োজনীয় অ্যাকাডেমিক, সামাজিক, এবং শারীরিক দক্ষতার সাথে সমন্বিত যাতে হাই স্কুল পরবর্তী জীবনে তার লক্ষ্য অর্জন সম্ভব হয়। উভয় পরিমাপযোগ্য মাধ্যমিকউত্তর লক্ষ্য এবং বার্ষিক লক্ষ্যসমূহ তৈরি করা হয় আপনার সন্তানের ব্যক্তিক এবং অনন্য গুণাবলি ও চাহিদার ভিত্তিতে এবং ওগুলি হাই স্কুল পরবর্তী জীবনে তার আগ্রহ ও আকাঙ্খার সাথে সম্পর্কিত।

### নমুনা লক্ষ্যসমূহ

বার্ষিক লক্ষ্যসমূহ যখন ফোকাস দেয় এক স্কুল বছরে আপনার সন্তান কী অর্জন করবে, পরিমাপযোগ্য মাধ্যমিকউত্তর লক্ষ্যসমূহ ফোকাস করে হাই স্কুলের পরে আপনার সন্তান কী করবে সেটিতে। প্রতিটি শিশুই ভিন্ন, এবং ঠিক তেমনই হাই স্কুল পরবর্তী জীবনের জন্য তাদের পরিকল্পনাও ভিন্ন। সহায়ক বার্ষিক এবং পরিমাপযোগ্য মাধ্যমিকউত্তর লক্ষ্যসমূহের সাথে নিচে একটি অনন্য স্কুল-উত্তর পরিকল্পনার নমুনা দেয়া হলো।

উদাহরণ: হাই স্কুল শেষে শিক্ষার্থী A যদি বাণিজ্যিক ট্র্যাক ড্রাইভার হতে চায়, তাকে বাণিজ্যিক ড্রাইভারের লাইসেন্স টেস্ট পাস করার জন্য প্রয়োজনীয় দক্ষতা শিখতে হবে। শিক্ষার্থী A-এর বার্ষিক লক্ষ্য তার মাধ্যমিকউত্তর বাণিজ্যিক ড্রাইভার হবার লক্ষ্যে সহায়তা প্রদান করবে।

**পরিমাপযোগ্য মাধ্যমিকউত্তর (পোস্টসেকেন্ডারি) লক্ষ্যসমূহ:** হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হবার পর, শিক্ষার্থী A দূর-পাল্লার ট্র্যাক ড্রাইভার হিসেবে একটি ফুল-টাইম (পূর্ণকালীন) চাকরি লাভ করবে।

**বার্ষিক লক্ষ্য:** শিক্ষার্থী A শব্দ এবং বাক্যাংশের অর্থ উদ্ধার করবে যেমনটি তারা 4 বারের চেষ্টায় 3 বার অর্থাৎ 75% সঠিকভাবে করে নন-ফিকশন টেক্সট পড়ার সময়, যা পরিমাপ করা হয় মৌখিক ব্যাখ্যায়।

### উত্তরণ কর্মকাণ্ডের (ট্র্যাঞ্জিশন অ্যাক্টিভিটিজ) সমন্বিত সেট

উত্তরণ কর্মকাণ্ডের সমন্বিত সেট হলো সেইসব কর্মকাণ্ড এবং পরিষেবা যা আপনার সন্তানের লক্ষ্য পূরণের জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনে সহায়ক হবে। আপনার সন্তানের IEP 14 বছর বয়স থেকে (অথবা প্রযোজ্য হলে, আরও কম বয়স থেকে) উত্তরণ কর্মকাণ্ডের একটি সমন্বিত সেট বিবেচনা করতে শুরু করবে। এইসব কর্মকাণ্ড এবং পরিষেবার ভিত্তি আপনার সন্তানের ব্যক্তিক চাহিদা, শক্তিশালী দিকসমূহ, অগ্রাধিকার, এবং আগ্রহ। প্রতিটি কর্মকাণ্ডের জন্য, কর্মকাণ্ড অথবা পরিষেবার জন্য যে ব্যক্তিটি দায়ী, সাধারণত স্কুল অথবা অন্য এজেন্সি, তাকে শনাক্ত করে।

উত্তরণ কর্মকাণ্ডের সমন্বিত সেট ছয়টি শ্রেণীতে বিভক্ত:

- নির্দেশাবলী
- রিলেটেড সার্ভিসেস (সংশ্লিষ্ট পরিষেবা)
- কমিউনিটিতে অভিজ্ঞতা
- চাকুরী এবং অন্যান্য স্কুল পরবর্তী প্রাপ্তবয়স্ক হিসেবে জীবনযাপন করার লক্ষ্য উন্নয়ন
- দৈনন্দিন জীবন-যাপনের দক্ষতা অর্জন (যদি প্রযোজ্য হয়)[4]
- ক্রিয়ামূলক বৃত্তিমূলক (ফাংশনাল ভোকেশনাল) মূল্যায়ন (যদি প্রযোজ্য হয়)

4 দৈনন্দিন জীবন-যাপনের দক্ষতা অর্জনের NYSED-এর ব্যাখ্যা দেখতে http://www.p12.nysed.gov/specialed/publications/iepguidance/transition.htm সাইটে যান।

## উত্তরণ পরিকল্পনার ভূমিকাসমূহ

উত্তরণ পরিকল্পনার সাথে সম্পৃক্ত IEP পরিকল্পনা প্রক্রিয়ায় প্রত্যেক IEP টিম সদস্যের ভূমিকা নিচে ব্যাখ্যা করা হলো। এছাড়া, সকল NYC মিডল্ স্কুল এবং হাই স্কুলের ট্র্যানজিশন টিম লিডার খুঁজে নেয়ার শর্ত রয়েছে যাতে এবিষয়টি সুনিশ্চিত করা যায় যে শিক্ষার্থীরা উত্তরণ চাহিদা পূরণ করার মাধ্যমে টিমের জন্য নেতৃত্ব ও নির্দেশনা প্রদানে সহায়তা পাওয়া যায় এবং তারা সেকেন্ডারি-উত্তর সাফল্যের পথে থাকতে পারে।

### শিক্ষার্থী

- উত্তরণ পরিকল্পনা প্রক্রিয়া সম্পর্কে শেখে
- বৃত্তিমূলক মূল্যায়নে তাদের অংশ সম্পূর্ণ করে
- আগ্রহ এবং সম্ভাব্য বৃত্তিমূলক অথবা পেশাগত বিকল্পসমূহ অনুসন্ধান করুন
- নিজস্ব-অ্যাডভোকেসি দক্ষতা গড়ে তোলে (উদাহরণস্বরুপ, তাদের আগ্রহ, অগ্রাধিকার, এবং লক্ষ্য প্রকাশ করার ক্ষমতা শিখতে হবে)
- শক্তিশালী দিকগুলি প্রতিফলিত করে এবং তাদের কাছ থেকে সর্বাধিক উপযুক্ত গ্রাজুয়েশনের বিকল্পগুলি নির্ধারণ করে
- পেশার সাথে সম্পৃক্ত উপযুক্ত কোর্স এবং/অথবা স্কুল কাউন্সেলর খুঁজে নেয়
- তাদের প্রতিবন্ধিতা সম্পর্কে এবং প্রযোজ্য হলে, হাই স্কুলের পরে কীভাবে সহায়তা পওয়া যেতে পারে সেসব জানে

সক্রিয়ভাবে IEP মিটিংগুলিতে যোগদান করে

- গ্রজুয়েশনের শর্ত, ডিপ্লোমার বিকল্পসমূহ, এবং অন্য যেকোন জিনিস সম্পর্কে প্রশ্ন জিজ্ঞেস করে

### পিতামাতা/অভিভাবক

- উত্তরণ পরিকল্পনা প্রক্রিয়া সম্পর্কে শেখে
- স্কুলে এবং IEP টিমে আপনার সন্তানের শক্তিশালী দিকগুলি, চাহিদা, এবং অগ্রাধিকার সম্পর্কে যে পর্যবেক্ষণ, চিন্তা-ভাবনা, এবং উদ্বেগ রয়েছে সেগুলি শেয়ার করে
- বৃত্তিমূলক মূল্যায়নে পিতামাতার অংশটি সম্পূর্ণ করে
- আপনার সন্তানকে তার বর্তমান আগ্রহ এবং ভবিষ্যত লক্ষ্য অনুসন্ধান করতে সহায়তা প্রদান করে
- আপনার সন্তানের পক্ষে ওকালতি করে এবং তার নিজের পক্ষে নিজে ওকালতি করার দক্ষতা তৈরি করে
- গ্র্যাজুয়েশনের শর্ত, ডিপ্লোমা অর্জনের পথসমূহ, স্কুল-উত্তর বিকল্পগুলি, এবং কী কী রিসোর্স রয়েছে সেগুলি সম্পর্কে অবগত করে তোলে (আরও তথ্যের জন্য সেকশন 7: **গ্র্যাজুয়েশন ফর স্টুডেন্টস্ উইদ IEPs** দেখুন)
- যথাসম্ভব স্বাধীন হবার লক্ষ্যে আপনার সন্তানের জন্য প্রয়োজনীয় সহায়তা নির্ধারণ করুন
- মানুষজন, কমিউনিটি এজেন্সিসমূহ, এবং অন্য রিসোর্সগুলি যা আপনার সন্তানের লক্ষ্যে পৌঁছুনোর জন্য প্রয়োজন, সেগুলি শনাক্ত করতে সহাযতা প্রদান করে
- (যদি কোন **ট্র্যানজিশন সার্ভিস এজেন্সি** (যা "অংশগ্রহণকারী এজেন্সি" নামেও পরিচিত) শনাক্ত হয়) IEP মিটিংয়ে একজন এজেন্সি প্রতিনিধিকে আমন্ত্রণের সম্মতি প্রদানের কথা বিবেচনা করে (রিসোর্স সেকশন ট্র্যানজিশন সার্ভিসেস এজেন্সিস অ্যান্ড অ্যাডাল্ট সার্ভিস সিস্টেমস্ দেখুন।)
- আপনার সন্তানের IEP মিটিংগুলিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে
- উত্তরণ-সম্পর্কিত পরিষেবা এবং কর্মকাণ্ডের রেকর্ড সংরক্ষণ করে
- প্রশ্ন জিজ্ঞেস করে।

### শিক্ষক/কেস ম্যানেজার

- হাই স্কুল পরবর্তী জীবনের জন্য আপনার সন্তানের লক্ষ্য অনুসন্ধানে সহায়তা করে
- শিক্ষা, কর্মসংস্থান, এবং স্বাধীন জীবন-যাপনের সাথে সংশ্লিষ্ট আপনার সন্তানের শক্তিশালী দিকসমূহ, চাহিদা, এবং অগ্রাধিকার সম্পর্কে জানতে বিভিন্ন উত্তরণ মূল্যায়ন পরিচালনা করে
- পরিমাপযোগ্য মাধ্যমিক-উত্তর লক্ষ্য তৈরির জন্য আপনার সন্তানের সাথে কাজ করে

- আপনার সন্তানকে তার লক্ষ্যের সাথে সমতা রেখে একটি সমন্বিত উত্তরণ কর্মকাণ্ডে সংশ্লিষ্ট করে
- বাইরের এজেন্সিসমূহ এবং তাদের কর্মসূচির সাথে পরিচিত করে এবং যেখানে প্রযোজ্য প্রাসঙ্গিক এজেন্সিগুলির সাথে যুক্ত করে
- স্বার্থসংশ্লিষ্ট সকলকে অন্তর্ভুক্ত করে IEP মিটিংগুলির সমন্বয় করে
- প্রক্রিয়াটি পরিবারকে সংশ্লিষ্ট করে, এর অন্তর্ভুক্ত প্রয়োজনবোধে আপনার কাছ থেকে সম্মতি গ্রহণ (উদাহরণস্বরুপ, কোন অংশগ্রহণকারী এজেন্সিকে আমন্ত্রণ জানানো)
- স্বাধীকার এবং নিজের জন্য ওকালতির দক্ষতা বিষয়ে প্রত্যক্ষ নির্দেশনা প্রদান করে
- প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের অধিকার বিষয়ে গাইডেন্স প্রদান করে
- আপনার সন্তানকে তার IEP লক্ষ্যে অগ্রসর হওয়া সম্পর্কিত বিষয়ে স্কুল কর্মীদের সাথে যোগাযোগ করে।

### স্কুল কাউন্সেলরের ভূমিকা

- আপনার সন্তানের আকাঙ্খিত পেশাজীবনের পথে তার পেশাগত আগ্রহ এবং দক্ষতার মূল্যায়ন করে
- আপনার সন্তান এবং অন্য IEP টিম সদস্যদের পাশাপাশি, হাই স্কুলে আপনার সন্তানের সময়ের জন্য একটি পরিকল্পনা তৈরি করে
- শিক্ষার্থী এবং অন্য IEP টিম সদস্যদের পাশাপাশি, আপনার সন্তানের বার্ষিক উত্তরণ পরিকল্পনা তৈরি/হালনাগাদ করে
- আপনার সন্তানের শক্তি, আগ্রহ, চাহিদা এবং অগ্রাধিকারসমূহ সম্পর্কে আলোচনায় নেতৃত্ব প্রদান করে
- শিক্ষার্থী এবং তাদের পরিবারের সাথে গ্র্যাজুয়েশনের শর্ত, ডিপ্লোমা অর্জনের পথসমূহ, স্কুল-উত্তর বিকল্প, এবং রিসোর্সগুলি নিয়ে আলোচনা করে
- আপনার সন্তানকে তার লক্ষ্যে পৌঁছানোয় সহায়তা প্রদানের উপায়সমূহ নিয়ে পরামর্শ প্রদান করে

## উত্তরণ পরিকল্পনার প্রক্রিয়া সম্পর্কে জানতে আপনার সন্তানকে উৎসাহ দিন

### উত্তরণ পরিষেবা এজেন্সি প্রতিনিধি

**উত্তরণ পরিষেবা এজেন্সি** (যা “অংশগ্রহণকারী এজেন্সি” নামেও পরিচিত) একটি এজেন্সি যা আপনার সন্তানের হাই স্কুল ত্যাগের পরে সম্ভাব্য পরিষেবা প্রদান অথবা সেই সেবার জন্য অর্থ প্রদান করবে। যদি কোন এজেন্সি পরিষেবা প্রদান অথবা পরিষেবা দেয়ার কারণে অর্থ পরিশোধের দায়িত্ব পালন করে, আপনার সন্তানের স্কুলের উচিত সেই এজেন্সিটিকে শনাক্তকরণে সহায়তা প্রদান করা এবং তার স্কুল আপনার সন্তানের IEP মিটিংয়ে ঐ এজেন্সির প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে সম্মতির অনুরোধ জানাবে। অংশগ্রহণকারী এজেন্সিগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য, রিসোর্সের সেকশন ট্র্যানজিশন সার্ভিস এজেন্সিস অ্যান্ড অ্যাডাল্ট সার্ভিস সিস্টেমস্ দেখুন।

- আমন্ত্রিত হলে, IEP মিটিংগুলিতে যোগদান করে
- আমন্ত্রিত হলে যখন অংশগ্রহণকারী এজেন্সি IEP মিটিংয়ে যোগদান করে না, অংশগ্রহণকারী এজেন্সি প্রতিনিধির উচিত উত্তরণ পরিষেবা পরিকল্পনায় সংশ্লিষ্ট হওয়া।
- পরিকল্পনা এবং পরিষেবার একটি শেয়ারকৃত বোঝাপড়া নিশ্চিত করতে অন্য IEP টিম সদস্যদের সাথে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে
- আপনার সন্তানের লক্ষ্যে পৌঁছানোতে সহায়তা প্রদান করতে লভ্য রিসোর্স এবং সহায়তার বিষয়ে তথ্য প্রদান করে
- আপনার সন্তানকে তার লক্ষ্য অর্জনে সহায়তা প্রদান করতে রিসোর্স এবং সহায়তার প্রদান করে
- আপনার সন্তান হাই স্কুল ত্যাগ করার পর যেসব পরিষেবা প্রদান করা যেতে পারে সেসবের ব্যাখ্যা দেয়।

সেকশন

# 8 সহায়তাপ্রাপ্তি

## পিতামাতার অধিকার

আপনার সন্তানের শিক্ষা এবং IEP প্রক্রিয়ায় আপনার অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনার সন্তানের স্পেশাল এডুকেশন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট হবার বিভিন্ন ধাপে আপনাকে প্রসিডিউরাল সেফগার্ড নোটিসের একটি কপি প্রদান করা হবে। এই নোটিসে রয়েছে প্রতিবন্ধিতাযুক্ত একজন শিক্ষার্থীর পিতামাতা হিসেবে আপনার অধিকারের একটি বিবৃতি ও ভূমিকা। এটি DOE ওয়েবসাইট https://www.schools.nyc.gov/special-education/help/your-rights-এতে পাওয়া যাবে।

আপনি আপনার অংশগ্রহণের অধিকার পূর্ণমাত্রায় প্রয়োগ করতে সক্ষম হয়েছেন সেবিষয়টি নিশ্চিত করতে, আপনার নিম্নলিখিত অধিকারগুলিও রয়েছে:

### সম্পূর্ণরূপে সজ্ঞাত হওয়ার অধিকার

শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত-গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে আপনাকে আপনার অধিকারের ব্যাপারে আপনার পছন্দের ভাষায় অথবা যোগাযোগের মাধ্যমে পর্যাপ্তভাবে অবহিত করতে হবে।

### সম্মতি প্রদানের অধিকার

এই ফ্যামেলি গাইডে কিছু দৃষ্টান্ত রয়েছে, যেসব ক্ষেত্রে আপনাকে সম্মতি দিতে বলা হয়। আপনার সম্মতি প্রদানের আগে, স্কুল অথবা CSE-কে অবশ্যই আপনার পছন্দের ভাষায় সম্পূর্ণভাবে আপনি যে কাজের জন্য সম্মতি প্রদান করছেন সেই কাজের সাথে প্রাসঙ্গিক সকল তথ্য জানাতে হবে। আপনি যদি আপনার সম্মতি প্রদান করেন, এর অর্থ দাঁড়ায় আপনি এই কাজের সাথে সম্পৃক্ত বিষয় বোঝেন এবং সম্মত আছেন।

সম্মতি স্বেচ্ছকৃত। আপনি যেকোন সময়ে এই সম্মতির ব্যাপারে আপনার মত পরিবর্তন করতে পারেন। আপনি সম্মতি প্রত্যাহার করলেও তাতে আপনি সম্মতি প্রদানের পর ও সম্মতি প্রত্যাহারের অন্তর্বর্তীকালে গৃহীত কোন পদক্ষেপ বাতিল হয়ে যাবে না।

### অংশগ্রহণের অধিকার

আপনার অধিকার আছে আপনার সন্তানে সকল শিক্ষা-সংক্রান্ত সিদ্ধান্ত-গ্রহণে অংশগ্রহণের। IEP মিটিংগুলিতে যোগদান করে আপনি এই অধিকার প্রয়োগ করতে পারেন। আপনার সন্তানের IEP টিমের আপনি একজন গুরুত্বপূর্ণ সদস্য, এবং আপনি যাতে এইসব মিটিংগুলিতে যোগ দেন সেবিষয়টি নিশ্চিত করতে স্কুল অথবা CSE আপনার সাথে কাজ করবে।

আপনি অন্য ব্যক্তিবর্গ যাদের আপনার সন্তান অথবা তার প্রতিবন্ধিতা সম্পর্কে ধারণা রয়েছে তাদেরকে IEP মিটিংগুলিতে আনার মাধ্যমেও আপনার অধিকার প্রয়োগ করতে পারেন।

আপনার যদি দোভাষী প্রয়োজন হয়, তাহলে DOE-কে অবশ্যই সেরকম একজনের ব্যবস্থা করতে হবে।

### চ্যালেঞ্জ করার অধিকার

আপনার সন্তানের ব্যাপারে স্কুলের গৃহীত সিদ্ধান্তকে আপনার চ্যালেঞ্জ করার অধিকার আছে। আপনার সন্তানের শিক্ষাকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা অথবা মতপার্থক্য নিষ্পত্তি করার জন্য আপনি মধ্যস্থতা অথবা নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ করতে পারেন। মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানিতে আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে (DOE) একজনের ব্যবস্থা করবে।

আপনার নিয়মিত প্রক্রিয়ার অধিকার – যার অন্তর্ভুক্ত মধ্যস্থতা এবং নিরেপেক্ষ হিয়ারিং – আরও বিশদভাবে আলোচিত হয়েছে উদ্বেগের সমাধান সম্পর্কিত নিচের সেকশনে।

# আপনার অধিকার আছে আপনার সন্তানের সকল শিক্ষা-সংক্রান্ত সিদ্ধান্ত-গ্রহণে অংশগ্রহণের।

### আপিলের অধিকার

আপনার অধিকার আছে নিউ ইয়র্ক স্টেট রিভিউ অফিসারের কাছে ইমপারশিয়াল হেয়ারিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার। আপনার আরও অধিকার আছে ফেডারেল কোর্টে স্টেট রিভিউ অফিসারের সিদ্ধান্তে বিরুদ্ধে আপিল করারও।

যদি DOE নিরপেক্ষ হিয়ারিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করে, আপনার অধিকার আছে আপিল প্রতিদ্বন্দ্বিতা করার।

নিরপেক্ষ হিয়ারিং এবং আপিল বিষয়ে আরও তথ্যের জন্য, **উদ্বেগ সমাধান** সম্পর্কিত নিচের অংশটি দেখুন।

### IEP মিটিংয়ে একজন সার্টিফাইড অতিরিক্ত পিতামাতা সদস্য থাকার অধিকার রয়েছে

একজন সার্টিফাইড পিতামাতা সদস্যকে IEP মিটিং-এ উপস্থিত হতে অনুরোধ জানাবার অধিকার আপনার আছে। আপনার সন্তানের IEP টিম মিটিংয়ের কমপক্ষে 72 ঘণ্টা আগে লিখিতভাবে আপনাকে অবশ্যই এর জন্য অনুরোধ জানাতে হবে।

### আপনার সন্তানের স্কুল রেকর্ডগুলি পাবার এবং/ অথবা যাচাই করার অধিকার

আপনার সন্তানের রেকর্ড সংগ্রহের অনুরোধ এবং যাচাই করার অধিকারও আপনার আছে।

IEP মিটিংয়ের আগে, আপনি সকল রিপোর্ট এবং মূল্যায়ন যা বিবেচিত হতে পারে সেগুলি পর্যালোচনা এবং বিবেচনার জন্য প্রস্তুত করতে পারেন। মিটিংয়ের আগে এইসব রিপোর্ট এবং মূল্যায়নের অনুরোধ জানাতে, আপনি আপনার সন্তানের IEP টিমের কাছে এই অনুরোধ জানাতে পারেন।

অনেকসময় পিতামাতাগণ তাদের সন্তানের রেকর্ডে যেসব মন্তব্য থাকে সেগুলির সাথে অসম্মত হতে পারেন। যদি তা হয়, তাহলে আপনি যে বিষয়ে অসম্মত, তা নিয়ে কথা বলার জন্য স্কুল অথবা CSE-এর চেয়ারপারসনের সাথে সাক্ষাৎ করতে পারেন। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations সাইটে চ্যান্সেলরের প্রবিধান A-820, "কনফিডেনশিয়ালিটি অ্যান্ড রিলিজ অভ স্টুডেন্ট রেকর্ডস্; রেকর্ডস্ রিটেনশন" দেখুন।

### ন্যায়বিচার পাওয়ার অধিকার

আপনার সন্তানের যোগ্যতা, মূল্যায়ন, পরিষেবা, এবং ভর্তি বিষয়ে IEP টিমের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করার অধিকার আপনার রয়েছে। আপনি যদি IEP টিমের পদক্ষেপের বা এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণে অস্বীকৃতির সাথে অসম্মত হন, তাহলে আপনি **মধ্যস্থতা** বা **নিরপেক্ষ হিয়ারিংয়ের** অনুরোধ জানাতে পারেন।

## সমস্যা নিরসন

আপনার সন্তানের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিস সম্পর্কে আপনার সহায়তা প্রয়োজন হলে বা প্রশ্ন থাকলে সমাধানের জন্য বিভিন্ন ধাপ রয়েছে যা আপনি গ্রহণ করতে পারেন।

1. **আপনার সন্তানের IEP টিমের সঙ্গে কথা বলুন।** এর অন্তর্ভুক্ত হতে তার শিক্ষক, সম্পর্কিত পরিষেবা প্রদানকারী, স্কুল সাইকোলজিস্ট, অথবা গাইডেন্স কাউন্সেলর। এর পরিবর্তে, আপনার সন্তান যদি নন-পাবলিক স্কুলে যায়, আপনার CSE-এর সাথে যোগাযোগ করুন। এই পেশাদারী ব্যক্তিগণ আপনার সন্তানের সাথে কাজ করেন এবং তাদেরকে সবচেয়ে ভালোভাবে জানে। আপনার সন্তানের চাহিদা পূরণ নিশ্চিত করতে তারা আপনার সাথে কাজ করতে পারে।
2. **প্রিন্সিপ্যালের সাথে বৈঠক আয়োজন।** প্রিন্সিপ্যাল আপনার সাথে আপনার উদ্বেগ নিয়ে আলোচনা করবে, সেসবের সমাধান পরিকল্পনায়



সহযোগিতা করবে, এবং তারপর যাতে স্কুল কর্মী সে পরিকল্পনা বাস্তবায়ন করে সেটি নিশ্চিত করবে।

3. **সুপারিনটেনডেন্টের অফিসে ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের (FSC) সাথে যোগাযোগ করুন।** FSC-গণ পরিবারগুলিকে তথ্য এবং রিসোর্স প্রদান করে। তারা আপনার এবং স্কুলের সাথে যেকোন বিষয়ে নিবিড়ভাবে কাজ করবে, এর মধ্যে আছে স্পেশাল এডুকেশনের সাথে সম্পর্কিত বিষয়ও।
4. **ইমেইল করুন** SpecialEducation@schools.nyc.gov**ঠিকানায়।** আপনার স্কুলের বরো অথবা সিটিওয়াইড অফিসের পাশাপাশি সেন্ট্রাল স্পেশাল এডুকেশন অফিসের কর্মীগণও সমাধান খুঁজে দিতে আপনাকে সহায়তা করবে।
5. **718-935-2007 অথবা 311 নম্বরে স্পেশাল এডুকেশনের হটলাইনে ফোন করুন।** স্পেশাল এডুকেশনের সাথে সম্পর্কিত 311 নম্বরের কল সেন্ট্রাল স্পেশাল এডুকেশন অফিসের সাথে শেয়ার করা হয়। তারা আপনাকে সমাধান খুঁজে দিতে সহায়তা করবে।
6. **নিউ ইয়র্ক স্টেট স্পেশাল এডুকেশনের একটি প্যারেন্ট সেন্টারের সাথে যোগাযোগ করুন।** নিউ ইয়র্ক স্টেট স্পেশাল এডুকেশন প্যারেন্ট সেন্টারগুলি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পিতামাতা ও অভিভাবককে তাদের সন্তানের প্রতিবন্ধিতা ও স্পেশাল এডুকেশন প্রক্রিয়া বুঝতে তথ্য, রিসোর্স, এবং কৌশল প্রদানের মাধ্যমে সহায়তা করে। আরও জানতে www.p12.nysed.gov/specialed/techassist/parentcentersসাইট দেখুন।
7. **মধ্যস্থতার জন্য অনুরোধ জানান।** স্টেটব্যাপী 24টি কমিউনিটি ডিসপিউট রেজোল্যুশন সেন্টার রয়েছে যা স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের সাথে একটি চুক্তির অধীনে কাজের মাধ্যমে মধ্যস্থতা সেবা প্রদান করে। এইসব মধ্যস্থতাকারী DOE-র অঙ্গীভূত নয়; তাদের একমাত্র লক্ষ্য সমঝোতা এবং কার্যকরভাবে বিরোধ নিষ্পত্তি করা।

   মধ্যস্থতাকালে, আপনি এবং IEP টিমের একজন সদস্য নিরপেক্ষ তৃতীয় কোন পক্ষের সাথে বসবেন যিনি একমত হওয়ার জন্য আপনাকে এবং DOE-কে সহায়তা ও উৎসাহ দেবেন। বিশেষভাবে

একজন প্রশিক্ষিত অনুমোদিত মধ্যস্থতাকারী মধ্যস্থতা পরিচালনা করবে। মধ্যস্থতার সময়, আপনি এবং DOE বিষয়গুলি নিয়ে আলোচনা করবেন এবং একটি পারস্পরিক সম্মত সমাধানে আসতে একসাথে কাজ করবেন।

মধ্যস্থতার অনুরোধ জানাতে আপনার সন্তানের স্কুল, CSE, অথবা CPSE, অথবা আপনার বরোর কমিউনিটি ডিসপিউট রেজোল্যুশন সেন্টারের সাথে সরাসরি আপনি যোগাযোগ করতে পারেন। NY স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের ওয়েবসাইট http://www.p12.nysed.gov/specialed/techassist/mediation.htm -তে মধ্যস্থতার পৃষ্ঠা অথবা www.nysdra.org সাইটে গিয়ে আরও জানুন।

8. **একটি নিরপেক্ষ হিয়ারিংয়ের অনুরোধ জানান।** পিতামাতা হিসেবে, একটি "নিরপেক্ষ শুনানির" অনুরোধ জানাবার অধিকার আপনার আছে। DOE সীমিত বিষয়ের সমাধানের উদ্দেশ্যেও নিরপেক্ষ হিয়ারিংয়ের জন্য অনুমোদিত, যেমন কোন শিক্ষার্থীর মূল্যায়নে পিতামাতার সম্মতি লাভের লক্ষ্যে। নিরপেক্ষ হিয়ারিং একটি আইনি প্রক্রিয়া। নিরপেক্ষ শুনানির সময়, আপনি একজন ইমপারশিয়াল হিয়ারিং অফিসার (নিরপেক্ষ শুনানি কর্মকর্তা)-এর (DOE কর্মচারী নন) মুখোমুখী হবেন এবং আপনার পক্ষের বিবৃতি তুলে ধরবেন। হিয়ারিং অফিসার কোন DOE কর্মচারী নন। হিয়ারিং অফিসার ও DOE প্রতিনিধি আপনার কথা শুনবেন, সাক্ষীদের জবানবন্দী ও প্রামাণ্য দলিল গ্রহণ করবেন এবং আপনার উত্থাপিত অভিযোগ কীভাবে সমাধান করা হবে, সে ব্যাপারে লিখিত সিদ্ধান্ত প্রদান করবেন।

নিরপেক্ষ শুনানির লিখিত অনুরোধ ইমপারশিয়াল হিয়ারিং অফিসে নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Impartial Hearings
131 Livingston Street, Room 201
Brooklyn, New York 11201
718-935-3280

আপনার নিরপেক্ষ শুনানির অনুরোধ অবশ্যই:

- লিখিত হতে হবে;
- আপনার উদ্বেগের সাথে সংশ্লিষ্ট বিষয় এবং আপনার প্রস্তাবিত সমাধানের বর্ণনা দিতে হবে;
- আপনার সন্তানের নাম এবং ঠিকানা উল্লেখ করুন; এবং
- আপনার সন্তান যে স্কুলে যায় তার নাম দিন।

আপনি নিরপেক্ষ হিয়ারিংয়ের অনুরোধ জানাতে একটি মডেল ফর্মের চিঠি ব্যবহার করতে পারেন। এই মডেল DOE-র সাইটhttps://www.schools.nyc.gov/special-education/help/impartial-hearings-এর ইমপারশিয়াল হিয়ারিং পেজ-এ পাওয়া যাবে।

## নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়া

আপনি যদি নিরপেক্ষ হিয়ারিংয়ের কোন অনুরোধ জানিয়ে থাকেন, "অনিশ্চয়তা" (অনেকক্ষেত্রে বলা হয় "যেমন আছে তেমন") প্রযোজ্য হয়। এর অর্থ, ন্যায় বিচার লাভের প্রক্রিয়া চলাকালে বিষয়টির নিষ্পত্তি না হওয়া কিংবা আপনার ও DOE-এর মধ্যে ঐকমত্য না হওয়া পর্যন্ত আপনার সন্তান যেখানে অবস্থান করছে, সেখানেই্ সে অবস্থান করবে।

সিদ্ধান্ত

আপনি একটি নিরপেক্ষ শুনানির আবেদনের 15 দিনের মধ্যে DOE আপনি যে বিষয়গুলির বিবরণ দিয়ে আপনার অনুরোধ জানিয়েছেন সেসব নিয়ে আপনার সাথে আলোচনায় বসবে।

সমাধানের মিটিং এই তিনটি ক্ষেত্রে অনুষ্ঠিত হবে না:

1. যদি আপনি এবং DOE লিখিতভাবে রিজোল্যুশন মিটিং ছাড় দিতে একমত হন, তাহলে ইমপার্শিয়াল হিয়ারিং অফিসকে অবশ্যই জানতে হবে এবং 14 ক্যালেন্ডার দিবসের মধ্যে একটি নিরপেক্ষ শুনানির আয়োজন করা হবে।
2. আপনি যদি একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ প্রত্যাহার করেন, তাহলে রিজোল্যুশন মিটিং আয়োজনের প্রয়োজন হবে না।
3. যদি একটি রিজোল্যুশন মিটিং আয়োজনের জন্য DOE-এর সপ্রমাণ উদ্যোগ থাকে এবং আপনি অংশগ্রহণ না করে থাকেন বা আপনি লিখিতি দিয়ে রিজোল্যুশন মিটিং ছাড় না দিয়ে থাকেন, তাহলে

ইমপার্শিয়াল হিয়ারিং অফিসারকে অবশ্যই জানাতে হবে এবং DOE-আরন অধিকার থাকবে আপনার অনুরোধ বাতিল করতে বলার।

হিয়ারিং প্রক্রিয়া

একটি নিরপেক্ষ শুনানির আবেদন পাওয়ার পর আপনি নিরপেক্ষ শুনানি প্রক্রিয়ার একটি পূর্ণ বিবরণ পাবেন। নিরপেক্ষ হিয়ারিংয়ের সূচি তৈরির জন্য আপনার সাথে ফোনে যোগাযোগ করা হতে পারে। আপনাকে লিখিতভাবে সূচিভুক্ত তারিখ, সময় এবং স্থানের তথ্যও জানানো হতে পারে।

আপনার অধিকার আছে হিয়ারিংয়ে একজন অ্যাটর্নি উপস্থিত রাখার। আপনি যদি কোন আইজীবি কর্তৃক আপনার প্রতিনিধিত্ব চান, হিয়ারিংয়ের আগে তাদের নিরপেক্ষ হিয়ারিং অফিসের সাথে একটি নোটিস অভ অ্যাপিয়ারেন্স দাখিল করতে হবে।

আপনার যদি কোন দোভাষীর আবশ্যিকতা থাকে, অনুগ্রহ করে নিরপেক্ষ হিয়ারিং অফিসে জানিয়ে দিন। অনুরোধসাপেক্ষে দোভাষী রাখা হবে।

হিয়ারিংয়ের পরে, নিরপেক্ষ হিয়ারিং অফিসার একটি সিদ্ধান্ত ইস্যু করবেন। সিদ্ধান্তের একটি কপি আপনাকে ডাকযোগে পাঠানো হবে। নিউ ইয়র্ক স্টেটের রিভিউ অফিসারের কাছে গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলের অধিকার আপনার ও DOE-র রয়েছে।

হিয়ারিং অফিসারের সিদ্ধান্তের পুরোটাই হবে শুনানিতে উপস্থাপিত প্রমাণের উপর নির্ভর করে। এতে সিদ্ধান্তের কারণ ও ভিত্তি অন্তর্ভুক্ত থাকতে হবে। নিউ ইয়র্ক স্টেটের রিভিউ অফিসারের কাছে গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলের অধিকার সম্পর্কে সিদ্ধান্তটি আপনাকে ও ডিপার্টমেন্টকে অবহিত করবে।

স্টেটের রিভিউ অফিসারের কাছে আপিল

নিরপেক্ষ হিয়ারিংয়ে নেয়া সিদ্ধান্তের সাথে আপনি যদি অসম্মত হন, আপনার অধিকার আছে স্টেট রিভিউ অফিসারের কাছে লিখিত আপিল জমাদানের। সেটি করতে আপনাকে অবশ্যই সিদ্ধান্তের তারিখের 25 দিনের মধ্যে নোটিস প্রদান করতে হবে। অফিস অভ স্টেট রিভিউ-তে কীভাবে আপিল করতে হয় সেসম্পর্কিত নির্দেশনা www.sro.nysed.govসাইটে পাওয়া যাবে।

একটি আপিলের জন্য অনুরোধ হলো একটি আইনগত পদক্ষেপ। একজন আইনজীবী আবশ্যিক না থাকলেও আপিল জমা দেওয়ার সুনির্দিষ্ট প্রক্রিয়া রয়েছে এবং বিলম্ব বা বাতিল হওয়া রোধ করতে হলে সে প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করতে হবে।

**মধ্যস্থতা এবং নিরপেক্ষ হিয়ারিং মধ্যে পার্থক্য**

যদিও মধ্যস্থতা এবং নিরপেক্ষ হিয়ারিং – উভয়ের লক্ষ্য মতানৈক্য নিরসন, তথাপি দুটিতে কিছু গুরুত্বপূর্ণ পার্থক্য রয়েছে।

নিরপেক্ষ হিয়ারিং একটি অধিক আনুষ্ঠানিক প্রক্রিয়া যেখানে আপনি এবং DOE প্রমাণ এবং সাক্ষী উপস্থাপন করেন। উভয় দুটি সত্যায়নের পর, নিরপেক্ষ হিয়ারিং অফিসার একটি সিদ্ধান্ত গ্রহণ করেন। আপিলের অনুরোধ করা না হলে এই সিদ্ধান্ত চূড়ান্ত।

মধ্যস্থতা একটু কম আনুষ্ঠানিক যা আপনাকে এবং DOE-কে বিষয়গুলি নিয়ে একটি নিরপেক্ষ পক্ষ – যে কিনা আলোচনাকে সহজতর করার লক্ষ্যে কাজ করে তার সাথে আলোচনার সুযোগ দেয়। নিরপেক্ষ হিয়ারিং সাথে এর পার্থক্য, মধ্যস্থতা কোন সিদ্ধান্ত ইস্যু করে না। এর পরিবর্তে, আপনি এবং DOE একটি ঐকমত্যে আসার লক্ষ্যে কাজ করে।

নিরপেক্ষ হিয়ারিং সম্পর্কিত আরও তথ্যের জন্য, https://www.schools.nyc.gov/special-education/help/impartial-hearingsসাইট দেখুন। মধ্যস্থতা সম্পর্কিত আরও তথ্যের জন্য, NY স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের ওয়েবসাইট http://www.p12.nysed.gov/specialed/techassist/mediation.htm অথবা www.nysdra.org সাইটে গিয়ে আরও জানুন।

**ট্রানজিশন অ্যান্ড কলেজ অ্যাকসেস সেন্টার (TCAC)**

ট্র্যানজিশন অ্যান্ড কলেজ অ্যাকসেস সেন্টারস্ (TCACs) IEP-যুক্ত শিক্ষার্থী এবং তাদের পরিবারকে স্কুল থেকে প্রাপ্ত-বয়স্ক জীবনে উত্তরণে সহায়তা প্রদান করে। কলেজে যাবার প্রস্তুতি, চাকরিতে প্রবেশ, অথবা প্রথম বারের মতো স্বাধীনভাবে জীবন-যাপন যাই হোক না কেন, TCAC-গুলি IEP-যুক্ত শিক্ষার্থীদের লক্ষ্য অর্জনের সহায়তায় বিদ্যমান, এবং এরা পরিবারগুলিকে সহায়তা দেয়, স্কুলকর্মীদেরকে হাই স্কুল শেষের শিক্ষার্থী জীবন পরিকল্পনায়ও সহায়তা করে।

এই সেন্টারগুলি শিক্ষার্থী-কেন্দ্রিক রিসোর্সের সূত্র হিসেবে কাজ করে যা কিনা প্রশিক্ষণ, কর্মশালা,

# গুরত্বপূর্ণ যোগাযোগ সূত্র এবং রিসোর্সসমূহ

## কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসসমূহ

| CSE | ডিস্ট্রিক্ট | ঠিকানা | ফোন নাম্বার |
|---|---|---|---|
| 1 | 7<br>9<br>10 | One Fordham Plaza, 7th Floor<br>Bronx, New York 10458 | 718-329-8000 |
| 2 | 8<br>11<br>12 | 3450 East Tremont Avenue<br>2nd Floor<br>Bronx, New York 10465 | 718-794-7490 অথবা<br>718-794-7429 |
| 3 | 25<br>26 | 30-48 Linden Place<br>Flushing, New York 11354 | 718-281-3461 |
| 3 | 28<br>29 | 90-27 Sutphin Boulevard<br>Jamaica, New York 11435 | 718-557-2553 |
| 4 | 24<br>30 | 28-11 Queens Plaza North, 5th Floor<br>Long Island City, New York 11101 | 718-391-8405 |
| 4 | 27 | Satellite Office<br>82-01 Rockaway Boulevard, 2nd Floor<br>Ozone Park, New York 11416 | 718-642-5715 |
| 5 | 19<br>23<br>32 | 1665 St. Marks Avenue<br>Brooklyn, New York 11233 | 718-240-3558 অথবা<br>718-240-3557 |
| 6 | 17<br>18<br>22 | 5619 Flatlands Avenue<br>Brooklyn, New York 11234 | 718-968-6200 |
| 7 | 20<br>21 | 415 89th Street<br>Brooklyn, New York 11209 | 718-759-4900 |
| 7 | 31 | 715 Ocean Terrace, Building A<br>Staten Island, New York 10301 | 718-420-5790 |
| 8 | 13<br>14<br>15<br>16 | 131 Livingston Street<br>4th Floor<br>Brooklyn, New York 11201 | 718-935-4900 |
| 9 | 1<br>2<br>4 | 333 7th Avenue<br>4th Floor<br>New York, New York 10001 | 917-339-1600 |
| 10 | 3<br>5 | 388 West 125th Street<br>New York, New York 10027 | 212-342-8300 |




সুযোগ প্রদানের মাধ্যমে প্রাপ্ত-বয়স্ক জীবন পরিকল্পনার প্রয়োজনীয় সরঞ্জাম। কর্মশালার কিছু নমুনার মধ্যে আছে ক্যারিয়ার প্ল্যানিং টুলস্, কলেজ কনসিডারেশন, ওয়ার্ক অ্যান্ড অর্গেনাইজেশনাল হ্যাবিটস্, রেজ্যুমে রাইটিং, এবং সেলফ্-অ্যাডভোকেসি অ্যান্ড কম্যুনিকেশন স্কিলস্। ট্র্যানজিশন অ্যান্ড কলেজ অ্যাকসেস সেন্টারস্ সম্পর্কে আরও জানতে, সেন্টারগুলি পরিদর্শন করুন, সেন্টারগুলির সাথে সরাসরি যোগাযোগ করুন, অথবা www.schools.nyc.gov/specialeducation সাইট দেখুন।

ঠিকানা

Brooklyn Transition & College
Access Center
Boys & Girls High School, Room G170
1700 Fulton Street
Brooklyn, NY 11213
718-804-6790
bklyntcac@schools.nyc.gov

Bronx Transition & College
Access Center
DeWitt Clinton High School, Room 150
100 W Mosholu Parkway S
Bronx, NY 10468
718-581-2250
bxtcac@schools.nyc.gov

Queens Transition & College
Access Center
90-27 Sutphin Boulevard, Room 152
Queens, NY 11435
718-557-2600
qnstcac@schools.nyc.gov

Staten Island Transition & College
Access Center
The Michael J. Petrides
Educational Complex
715 Ocean Terrace, Building
A, Room 204
Staten Island, NY 10301
718-420-5723
sitcac@schools.nyc.gov

Manhattan Transition & College
Access Center
269 West 35th Street, Room 702
New York, NY 10024
mntcac@schools.nyc.gov

District 75 Office of Transition Services
& Postsecondary Initiatives
400 First Ave., Room 440
New York, NY, 10010
212-802-1568
D75ots@NYCDOE.onmicrosfot.com

## ট্র্যানজিশন সার্ভিস এজেন্সিস অ্যান্ড অ্যাডাল্ট সার্ভিস সিস্টেমস – কোন সার্ভিসগুলি আমার সন্তানের জন্য আমাকে দেখা দরকার?

| | | |
|---|---|---|
| **অ্যাডাল্ট কেরিয়ার অ্যান্ড কনটিনিউয়িং এডুকেশন সার্ভিসেস - ভোকেশনাল রিহ্যাবিলিটেশন (ACCES-VR)** | শারীরিক, বিকাশজনিত, অথবা মানসিক প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যাদের প্রতিবন্ধিতা তাদেরকে কাজ করা থেকে বিরত রাখতে বা কাজকে তাদের জন্য আরও চ্যালেঞ্জিং করে তোলে, এবং বাড়তি প্রশিক্ষণ অথবা শিক্ষাসহ যেসব শিক্ষার্থী কাজের যোগ্য। | http://www.acces.nysed.gov/vr |
| **অফিস ফর পিপল্ উইদ ডেভেলপমেন্টাল ডিসঅ্যাবিলিটিজ (OPWDD)** | বিকাশগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যা ঘটে 22 বছর বয়সের আগে, এর অন্তর্ভুক্ত বৌদ্ধিক প্রতিবন্ধিতা, অটিজম, সেরিব্রাল পলসি, সিজারজনিত ব্যাধি এবং অন্য নিউরোলজিক্যাল বৈকল্য, 70-এর চেয়ে কম IQ স্কোর এবং মানানসই আচরণগণ দক্ষতায় খামতি। | www.opwdd.ny.gov |
| **অফিস অব মেন্টাল হেলথ্ (OMH)** | অ্যাক্সিস 1 ডায়াগনসিসকৃত শিক্ষার্থীগণ (গুরুতর মানসিক অসুস্থতা, যেমন প্রচণ্ড ডিপ্রেসন, বাইপোলার ডিসঅর্ডার, স্কিটজোফ্রেনিয়া)। | https://www.omh.ny.gov/ |
| **কমিশন ফর দ্যা ব্লাইন্ড (CB)** | শিক্ষার্থী যারা আইনগতভাবে অন্ধ বা যাদের দৃষ্টি বৈকল্য রয়েছে | https://ocfs.ny.gov/main/cb/ |



# বাড়তি গুরুত্বপূর্ণ তথ্য

# পরিভাষা তালিকা

**বিশেষ ব্যবস্থা:** সরঞ্জাম ও প্রক্রিয়া যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে শিক্ষানির্দেশনা অংশগ্রহণের ও মূল্যায়নের ক্ষেত্রে সমান সুযোগ প্রদান করে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য কাজের ক্ষেত্র সমতল করে তৈরি করতে এগুলো ডিজাইন করা হয়েছে।

**অ্যাক্সেসিবল এডুকেশন্যাল ম্যাটেরিয়ালস (ব্যবহারোপযোগী শিক্ষাগত সরঞ্জাম, AEM)** হলো এমন একটি ফর্ম্যাটে রূপান্তরিত টেক্সটবুক ও প্রাসঙ্গিক শিক্ষানির্দেশনা সরঞ্জাম, যা না করলে প্রচলিত ছাপান সরঞ্জাম ব্যবহারে অপারগ শিক্ষার্থীর কাছে তা ব্যবহারোপযোগী হতো না। এসব ফর্ম্যাটগুলোর মধ্যে আছে:

- ব্রেইল
- বড় প্রিন্ট
- অডিও
- ডিজিটাল টেক্সট

**অ্যাডাপ্টেড ফিজিক্যাল এডুকেশন (অভিযোজিত শরীরচর্চা শিক্ষা, APE):** অভিযোজিত (অ্যাডাপ্টেড) শরীরচর্চা শিক্ষা কর্মসূচি হলো এমন একটি গঠনমূলক কর্মকাণ্ড, গেম, খেলাধুলা এবং তাল কর্মসূচি, যা বিশেষভাবে তৈরি করা হয়েছে যেসব ছেলেমেয়ে নিরাপদে বা সাফল্যের সাথে নিয়মিত শরীরচর্চা কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারে না, এমন ছেলেমেয়েদের ব্যক্তিক আগ্রহ, সক্ষমতা এবং সীমাবদ্ধতার সাথে সামঞ্জস্য বিধান করে। আপনার সন্তানকে অভিযোজিত শরীরচর্চা শিক্ষার সুপারিশ করা হতে পারে, যদি তার প্রতিবন্ধিতা নিয়মিত শরীরচর্চা শিক্ষা প্রোগ্রামের কর্মকাণ্ডে অংশগ্রহণের সক্ষমতার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

**পালক পিতামাতা:** প্রাপ্তবয়স্ক ব্যক্তি, আইনগত প্রক্রিয়ার মধ্য দিয়ে যিনি একটি ছেলেমেয়ের দায়িত্ব গ্রহণ করেছেন।

**বিকল্প মূল্যায়ন:** চরম শিক্ষাগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের যারা এমন কি পরীক্ষায় বিশেষ ব্যবস্থার বন্দোবস্ত করেও প্রমিতমান মুল্যায়নে অংশগ্রহণ করতে অক্ষম, তাদের সাফল্য ও অগ্রগতি মূল্যায়ন করতে ব্যবহার করা হয়।

নিউ ইয়র্ক স্টেট অল্টারনেটিভ অ্যাসেসমেন্ট (NYSAA) গ্রেড 3–12 এবং হাই স্কুলের সকল যোগ্য শিক্ষার্থীর NYS পরীক্ষা প্রক্রিয়ার অংশ। যদি আপনার সন্তানের IEP নির্দিষ্ট করে দেয় যে, সে বিকল্প মূল্যায়নের যোগ্য, তাহলে গ্রেড 3 থেকে গ্রেড 12-এর স্টেটের মূল্যায়নের জন্য NYSAA ব্যবহার করা হবে। আপনার অধিকার সম্পর্কে আরও তথ্যের জন্য **সেকশন 4 (আট) দেখুন: অল্টারনেটিভ অ্যাসেসমেন্ট হেডিংয়ের অধীনে,** ইন্ডিভিডিভিজ্যুয়ালাইজড্**এডুকেশন প্রোগ্রাম**।

**বিকল্প ব্যবস্থায় স্থানান্তর:** যখন কোন শিক্ষার্থীর দ্বিভাষীক ICT বা দ্বিভাষীক স্পেশাল ক্লাস পাওয়া না যায়, তখন তাকে এই সাময়িক পরিষেবা প্রদান করা হয়। একটি বিকল্প ব্যবস্থায় স্থানান্তর হলো একটি দ্বিভাষীক ক্লাসের জন্য অপেক্ষমান শিক্ষার্থীর (শিক্ষার্থীদের) সুপারিশকৃত শিক্ষানির্দেশনার ভাষায় প্যারপ্রফেশন্যালসহ একটি একভাষীক ICT বা স্পেশাল ক্লাস।

**বার্ষিক লক্ষ্য:** সুনির্দিষ্ট, পরিমাপযোগ্য লক্ষ্যসমূহ, যা ব্যাখ্যা করে আপনার সন্তান একবছর সময়সীমায় প্রতিবন্ধিতার ক্ষেত্রগুলোয় কী কী অগ্রগতি অর্জন করবে বলে প্রত্যাশিত।

**বার্ষিক পর্যালোচনা:** আপনার সন্তানের জন্য স্পেশাল এডুকেশন সার্ভিস সুপারিশের পর প্রতি বছর কমপক্ষে একবার আপনার সন্তানে অগ্রগতি পর্যালোচনার জন্য IEP মিটিং অনুষ্ঠিত হয়। এটাকে বলা হয় "অ্যানুয়াল রিভিউ বা বার্ষিক পর্যালোচনা"। বার্ষিক পর্যালোচনায় টিম যা করবে:

- আপনার সন্তানের লক্ষ্য অর্জনের ব্যাপারে অগ্রগতি নিয়ে কথা বলবে
- যেসব স্পেশাল এডুকেশন সার্ভিস দেওয়া হচ্ছে, সেগুলো পর্যালোচনা করবে
- পরবর্তী বছরের জন্য সার্ভিস ও লক্ষ্যমাত্রা নিশ্চিত করবে

**মূল্যায়নের প্রতিশ্রুতিপত্র:** পিতামাতাকে ইস্যু করা একটি চিঠি যা তাদেরকে কোন DOE বহির্ভূত মূল্যায়নকারীর কাছে থেকে DOE-এর খরচে মূল্যায়ন লাভের সুযোগ দেয়।

**অ্যাসিসটিভ টেকনলজি ডিভাইস অ্যান্ড সার্ভিসেস:** অ্যাসিসটিভ টেকনলজি ডিভাইস হচ্ছে এমন এক ধরনের সরঞ্জাম, পণ্য বা ব্যবস্থা যা প্রতিবন্ধিতাযুক্ত একজন শিশুর ক্রিয়াশীলতার সামর্থ্য বাড়ানো, বজায় রাখা বা উন্নত করার জন্য ব্যবহার করা হয়। লো-টেক ডিভাইসগুলোর মধ্যে আছে গ্র্যাফিক অর্গ্যানাইজার্স, স্ল্যান্ট বোর্ড, ম্যানিপুলেটিভস্ (হাতে-কলমে, পারস্পরিক ক্রিয়াশীল গণিত উপকরণ ইত্যাদি) এবং অন্যান্য। হাই-টেক ডিভাইসগুলোর মধ্যে থাকতে পারে ট্যাবলেট ও প্রাসঙ্গিক সফটওয়্যার যা শিক্ষার্থীদেরকে ভাববিনিময়ে ও প্রদত্ত কাজ সম্পাদনে সক্ষম করে। ছেলেমেয়েদেরকে AT ডিভাইসগুলো ব্যবহার শেখানোর প্রশিক্ষণ ও সহায়তার মতো AT সার্ভিসগুলো সুপারিশ করা হতে পারে।

**অডিওলজিকাল অ্যাসেস্‌মেন্ট:** শিক্ষার্থী কানে উল্লেখযোগ্য মাত্রায় কম শোনে কি-না, সেটা নির্ধারণের এটি একটি বিশেষায়িত শ্রুতি মূল্যায়ন।

**অটিজম:** অটিজমের প্রতিবন্ধিত্বের শ্রেণিবিভাগ নির্ণীত হয় একটি গঠনকালীন প্রতিবন্ধিতার দ্বারা যা শিক্ষার্থীর যোগাযোগ দক্ষতা, সামাজিক ভাববিনিময়, এবং প্রাতিষ্ঠানিক সাফল্য অর্জনে উল্লেখযোগ্য অভিঘাত সৃষ্টি করে। এটা সাধারণত প্রকাশ পায় বয়স তিন হওয়ার আগে। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন 3**: IEP শিরোনামের অধীনে আছে। **IEP মিটিং**

**বিহেভিয়ার ইন্টার্ভেনশন প্ল্যান (BIP):** সমস্যার কারণ যে আচরণ, সেটার ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য সুনির্দিষ্ট শিক্ষার্থী-কেন্দ্রীক পরিকল্পনা, যার ভিত্তি হলো একটি কার্যকর আচরণগত মূল্যায়নের (FBA) ফল। এর অন্তর্ভুক্ত আছে:

- উদ্দীষ্ট আচরণ(সমূহ) এবং লক্ষ্য(সমূহ)
- ইতিবাচক আচরণগত হস্তক্ষেপ ও কৌশল
- বিশেষ ব্যবস্থা ও সংশোধন
- প্রয়োজন হলে কীভাবে পরিকল্পনা নজরদারি ও হালনাগাদ করা হবে

**বাইলিঙ্গুয়াল অ্যাসেস্‌মেন্ট বা দ্বিভাষীক মূল্যায়ন:** একটি মূল্যায়ন পরিচালনা করা হয় ইংরেজি ও শিক্ষার্থীর বাড়ির ভাষায় বা মাতৃভাষায়।

**বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন (BSE):** যেসব শিক্ষার্থীর জন্য ইন্টিগ্রেটেড কো-টিচিং বা সমন্বিত সহ-শিক্ষকতা (ICT) অথবা স্পেশাল ক্লাসের (SC) প্রয়োজন যেখানে শিক্ষা-নির্দেশনায় ইংরেজি ভিন্ন অন্য কোন ভাষা ব্যবহৃত হয়, তাদের জন্য BSE একটি স্পেশালাইজড্ কর্মসূচি। এই কর্মসূচিগুলির উদ্দেশ্য বহুভাষীক শিক্ষার্থীদের (MLLs) সহায়তা দেওয়া যারা সাংস্কৃতিক এবং ভাষাগত চাহিদা পূরণে সক্ষম শিক্ষানির্দেশনা থেকে লাভবান হয় যা জ্ঞানগত, অ্যাকাডেমিক এবং ভাষাগত চাহিদা পূরণ করে।

**ক্যারিয়ার ডেভালাপমেন্ট অ্যান্ড অক্যুপেশনাল স্টাডিজ (CDOS) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল:** এই নন-ডিপ্লোমা ক্রেডেনশিয়াল (প্রারম্ভিক প্রশংসাপত্র) প্রমিত মূল্যায়নে অংশগ্রহণকারী IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য পাওয়া যায়। এটা একটি অ্যাডভ্যান্সড রিজেন্টস, রিজেন্টস, কিংবা লোকাল ডিপ্লোমা, অথবা শিক্ষার্থীর একমাত্র সমাপণী ক্রেডেনশিয়াল হিসেবে ইস্যু করা হতে পারে। CDOS কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল শিক্ষার্থীদের CDOS শিক্ষণ মান-এ দক্ষতার এবং একটি পেশাগত প্রস্তুতি প্রোগ্রামের স্বীকৃতি দেয়। এটি প্রস্তুত করা হয়েছে IEP-যুক্ত শিক্ষার্থীদের হাই স্কুল শেষে কাজের ক্ষেত্রে সফল হতে প্রয়োজনীয় দক্ষতা আয়ত্তের একটি সুযোগ দেবার জন্য। যেসব শিক্ষার্থী শুধু CDOS অর্জন করে, স্কুলগুলো তাদেরকে একটি লিখিত নিশ্চয়তা দেয় যে তারা বয়স 21 হওয়া পর্যন্ত যে কোন সময় স্কুলে ফিরে আসতে ও একটি ডিপ্লোমা অর্জন করতে পারবে।

**চ্যান্সেলরের প্রবিধান:** NYCDOE-এর স্কুলগুলোর সাথে সম্পর্কিত শিক্ষার্থী, পরিবার, স্কুল স্টাফ, এবং স্কুল পরিচালনার জন্য একটি নীতিমালা যা পাওয়া যাবে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations ওয়েবপেজ-এ।

চাইল্ড ফাইন্ড: প্রতিবন্ধিতার তীব্রতা কতটুকু, সেটা বিবেচনা ছাড়াই প্রতিবন্ধিতা আছে বা থাকতে পারে বলে সন্দেহ আছে, নিউ ইয়র্ক সিটির যে কোন স্কুলে পড়া এমন প্রতিটি ছেলেমেয়েকে সনাক্ত করা, খুঁজে বের করা, এবং মূল্যায়ন করার একটি বাধ্যবাধকতা নিউ ইয়র্ক সিটির আছে। এটাকে বলা হয় "চাইল্ড ফাইন্ড" (ছেলেমেয়ে খুঁজে বের করা, Child Find)। চাইল্ড ফাইন্ড প্রতিবন্ধিতাযুক্ত সকল শিক্ষার্থীর প্রতি সম্প্রসারিত - এদের মধ্যে আছে নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুল স্কুলে পড়ালেখা না করা হোমলেস ছেলেমেয়ে, রাষ্ট্রের জিম্মায় থাকা ছেলেমেয়ে, ইত্যাদি- DOE সেসব ছেলেমেয়েদের শিক্ষাগত পরিষেবা প্রদান করুক বা না করুক।

ক্লাসের শিক্ষার্থীসংখ্যা: একটি গ্রুপে বা ক্লাসে সর্বোচ্চ কতজন শিক্ষার্থীর অন্তর্ভুক্তি অনুমোদিত।

ক্লাসরুম পর্যবেক্ষন: একজন শিক্ষার্থী কীভাবে শিখছে ও কী আচরণ করছে, সেটা দেখার জন্য তাকে তার প্রাথমিক শিক্ষাগত ব্যবস্থায় পর্যবেক্ষণ করা।

ক্লিনিশিয়ান: DOE-এর একজন মূল্যায়নকারী পেশাদার ব্যক্তি, যেমন স্কুল সাইকোলজিস্ট অথবা স্কুল সোশাল ওয়ার্কার বোঝাতে একটি পরিভাষা।

কমিশনারের প্রবিধান: ফেডারেল ও স্টেটের শিক্ষা আইনের ভিত্তিতে প্রণীত স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের প্রবিধান যা বিশেষ শিক্ষা সুপারিশ, মূল্যায়ন ও প্লেসমেন্ট পদ্ধতির ক্ষেত্রে স্কুল ডিস্ট্রিক্টগুলোকে কী কী পদক্ষেপ অবশ্যই অনুসরণ করতে হবে, সেগুলোর নির্দিষ্ট করে দেয়, সেসব পাওয়া যেতে পারে http://www.p12.nysed.gov/specialed/lawsregs/part200.htm. ওয়েবসাইটে।

কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE): CPSE 3 থেকে 5 বছর বয়সী প্রি-স্কুল ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয়ের জন্য দায়বদ্ধ। ছেলেমেয়েরা প্রি-স্কুল পরিষেবা কোথায় পাচ্ছে, সেটা বিবেচনা ছাড়াই CPSE-গুলো পরিবারসমূহের জন্য তাদের আবাসিক ডিস্ট্রিক্ট-এ পরিষেবা প্রদান করে। সিটির বিভিন্ন স্থানে 10টি CPSE রয়েছে। প্রতিটি CPSE, বৃহত্তর কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসের অংশ। একজন চেয়ারপারসন CPSE-সহ CSE অফিস তত্ত্বাবধান করেন। প্রিস্কুল স্পেশাল এডুকেশন সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে DOE-র **ফ্যামিলি গাইড টু প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসেস** দেখুন।

কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE): যেসব ছেলেমেয়ে কোন বেসরকারী, ধর্মীয় বা চার্টার স্কুলে নেই, অথবা অন্য কোনভাবে DOE পাবলিক স্কুলে ভর্তি নেই, কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) সেসব শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয় ও সম্পন্ন করে। CSE-গুলির যোগাযোগের তথ্য **সেকশন 8-এ অবস্থিত: কমিটি অন স্পেশাল এডুকেশন** (CSE) অফিস শিরোনামের **অধীনে সহায়তা পেতে**।

গোপনীয়তা: DOE-কে অবশ্যই শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন রেকর্ড এমনভাবে সংরক্ষণ করতে হবে যাতে শুধু যথোপযুক্ত স্টাফের সেটা দেখার সুযোগ থাকে।

সম্মতি: এমন পরিস্থিতি আছে যখন আপনাদেরকে স্পেশাল এডুকেশনে সুপারিশ, মূল্যায়ন ও ভর্তি করার সময় সম্মতি দিতে বলা হবে। সম্মতি প্রদান করার অর্থ আপনি:

- যখন সম্মতি দিচ্ছেন, তখন আপনি কোন্ বিষয়ে সম্মতি দিচ্ছে, সে ব্যাপারে পুরোপুরি অবহিত আছেন, এবং
- পদক্ষেপটি সম্পর্কে বুঝেছেন ও লিখিতভাবে সম্মত আছেন।

আপনার জন্য সম্মতি হলো ঐচ্ছিক এবং আপনি যে কোন সময় আপনার সম্মতি প্রত্যাহার করতে পারবেন। আপনি সম্মতি প্রত্যাহার করলেও তাতে আপনি সম্মতি প্রদানের পর ও সম্মতি প্রত্যাহারের অন্তর্বর্তীকালে গৃহীত কোন পদক্ষেপ বাতিল হয়ে যাবে না।

পরিষেবার ব্যাপ্তি: প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে শিক্ষা সহায়তা দানে DOE-এর শিক্ষা কর্মসূচির ও পরিষেবার বিস্তৃতি।

**পরিষেবিত ভাষাসমূহ:** এর দ্বারা বুঝানো হয় ইংরেজি ব্যতীত DOE-এর শিক্ষার্থী ও তাদের পরিবারের দ্বারা সবচেয়ে বেশি ব্যবহৃত ব্যবহৃত ভাষা। বর্তমানে DOE নয়টি পরিষেবিত ভাষা শনাক্ত করেছে যেগুলো, ইংরেজির পাশাপাশি, 95% এর বেশি DOE শিক্ষার্থী ও তাদের পিতামাতারা ব্যবহার করে থাকেন। এই ভাষাগুলি হল: আরবি, বাংলা, চায়নিজ, ফ্রেঞ্চ, হেইশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্পানিশ এবং উর্দু।

**বধিরতা-অন্ধত্ব:** এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ যা ব্যবহার করা হয় যখন কোন শিক্ষার্থীর শ্রুতি ও দৃষ্টি প্রতিবন্ধিত্ব থাকে। এসব প্রতিবন্ধিতা যোগাযোগ ও অন্যান্য উন্নয়ন এবং শিক্ষাগত প্রয়োজনে গুরুতর ব্যাঘাত সৃষ্টি করে যা শুধু বধির ও অন্ধ শিক্ষার্থীদের জন্য নির্ধারিত বিশেষ শিক্ষা কর্মসূচিগুলো দিয়ে সমাধান করা যাবে না। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন 3:** IEP শিরোনামের অধীনে। **IEP মিটিং**

**বধিরতা:** এটি শ্রুতি প্রতিবন্ধিত্বের দ্বারা চিহ্নিত করা একটি প্রতিবন্ধিতার শ্রেণিকরণ যা এতোটাই তীব্র যে, অ্যাম্প্লিফিকেশন থাক বা না থাক শ্রবণ করার মাধ্যমে শিক্ষার্থী ভাষাতাত্ত্বিক তথ্য প্রক্রিয়াকরণ করতে অপারগ হয়, এবং শ্রুতি প্রতিবন্ধিত্ব তার শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রভাব রাখে। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন 3: IEP** শিরোনামের অধীনে। **IEP মিটিং**

**বর্গচ্যুত করণ (ডিক্লাসিফিকেশন):** যে শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিসের আর প্রয়োজন নেই তাদেরকে IEP টিম একটি পূনর্মূল্যায়নের মাধ্যমে বিবর্গিকরণ করে দেন।

**বর্গচ্যুত করণ সহায়তা পরিষেবা (ডিক্লাসিফিকেশন সাপোর্ট সার্ভিসেস):** যেসব শিক্ষার্থীর আ স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন নেই তাদেরকে পূনর্মূল্যায়নের পর বিবর্গিকরণ করা হয়। যেসব শিক্ষার্থীকে বিবর্গিকরণ করা হবে তাদের কোন EP থাকবে না, তবে সাধারণ শিক্ষায় সহজ স্থানান্তরের জন্য তারা নিম্নলিখিত পরিষেবাসমূহ লাভ করতে পারে:

- শিক্ষানির্দেশনা সহায়তা
- শিক্ষানির্দেশনায় পরিবর্তন
- রিলেটেড সার্ভিসেস (সংশ্লিষ্ট পরিষেবা)

শিক্ষার্থীকে বর্গচ্যুত করণের (ডিক্লাসিফিকেশন) পরবর্তী এক বছর পর্যন্ত এসব পরিষেবা অব্যাহত থাকতে পারে। তদুপরি বিবর্গিকরণ IEP-তে পরীক্ষায় বিশেষ ব্যবস্থাসমূহ তালিকাভুক্ত থাকতে পারে যা অবশ্যই শিক্ষার্থীদেরকে বর্গচ্যুত করণ (ডিক্লাসিফিকেশন) পর দিতে হবে। যেসব শিক্ষার্থীকে 8–12 গ্রেডের মধ্যে বর্গচ্যুত করণ (ডিক্লাসিফিকেশন) করা হয়, তাদের IEP-এর নোট-এ উল্লেখ থাকলে তারা 'সেফটি নেট' গ্র্যাজুয়েশন বিকল্পটি বেছে নেওয়ার যোগ্য হতে পারে। গ্রাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে **সেকশন 6:** দেখুন। **IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন.**

**বিলম্বিত স্থলাভিষিক্ত (ডিফার্ড প্লেইসমেন্ট):** IEP মিটিং চলাকালে তাতে সুপারিশকৃত স্পেশাল এডুকেশন সার্ভিস অবিলম্বে শুরু হতে হবে কি না, কিংবা এর স্থলে পরবর্তী টার্ম বা স্কুল বছরের শুরুতে চালু হতে হবে কি না, সে ব্যাপারে আলোচনা হতে পারে। এটিকে “বিলম্বিত বা ডিফার্ড” প্লেসমেন্ট বলা হয় এবং পিতামাতার সম্মতি প্রয়োজন হয়।

**প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ:** প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ বলতে বুঝায় কোন শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে সবচেয়ে বেশি প্রতিবন্ধক যে প্রতিবন্ধিত্ব, তার ধরন। মোট 13টি শ্রেণিবিভাগ রয়েছে। যথাযথ শ্রেণিবিভাগ নির্ধারণ করবে IEP টিম এবং তা শিক্ষার্থীর IEP-তে লিপিবদ্ধ করে রাখা হবে।

**ন্যায্য প্রক্রিয়া:** আইন মোতাবেক আপনার সন্তানের FAPE লাভের এবং আপনার সংশ্লিষ্ট থাকার ও প্রক্রিয়াটি সম্পর্কে সম্যক ধারণা লাভের অধিকার নিশ্চিত করার প্রক্রিয়া।

**ন্যায্য প্রক্রিয়া বিষয়ক অভিযোগ:** প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী শনাক্তকরণ, মূল্যায়ন, শিক্ষা সংস্থান, অথবা সাময়িকভাবে FAPE সম্পর্কিত যে কোন বিষয়ে পিতামাতা অথবা স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক দায়েরকৃত লিখিত অভিযোগ, যাকে 'নিরপেক্ষ শুনানির অনুরোধ'ও বলা হয়। এর ফলে নিরপেক্ষ শুনানি আয়োজন করা হতে

পারে। নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়ার উপর আরও তথ্যের জন্য, **সেকশন 8:**দেখুন **নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়া** শিরোনামের অধীনে **সহায়তা** প্রাপ্তি।

ন্যায্য প্রক্রিয়া শুনানি (নিরপেক্ষ শুনানি): একটি ন্যায্য প্রক্রিয়া শুনানি (কিংবা একটি নিরপেক্ষ শুনানি) হলো এমন একটি প্রশাসনিক পদক্ষেপ যা DOE-এর কর্মচারি নন, একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তার সামনে পরিচালিত হয়। এটি বিচারের মতো, তবে আনুষ্ঠানিকতা কম। পিতামাতা ও স্কুল ডিস্ট্রিক্ট উভয়ই যুক্তি, সাক্ষী এবং, যদি থাকে, প্রমাণ পেশ করেন। নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়ার উপর আরও তথ্যের জন্য, **সেকশন 8:**দেখুন **নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়া** শিরোনামের অধীনে **সহায়তা** প্রাপ্তি।

আর্লি ইন্টার্ভেনশন (EI): যেসব পরিবারে জন্ম থেকে 3 বছর বয়সী প্রতিবন্ধিতাযুক্ত বা বিলম্বিত-বৃদ্ধি ছেলেমেয়ে রয়েছে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)-এর অধীনে EI কর্মসূচি তাদেরকে সহায়তা দেয়।

আবেগজনিত সমস্যা: যখন কোন শিক্ষার্থী নিচের এক বা একাধিক বৈশিষ্ট্য দীর্ঘ সময় ধরে এবং উল্লেখযোগ্য মাত্রায় প্রদর্শন করে যা শিক্ষার্থীটির শিক্ষা কর্মসম্পাদনায় বিরূপ প্রভাব রাখে, সেটা বুঝাতে ব্যবহার করা হয়, এটি এমন একটি প্রতিবন্ধিতার শ্রেণি:

- বৌদ্ধিক, ইন্দ্রিয়জ, বা স্বাস্থ্যসংক্রান্ত বিষয় দিয়ে ব্যাখ্যা করা যায় না এমন শিক্ষাগত সমস্যা;
- সহপাঠী ও শিক্ষকদের সঙ্গে সন্তোষজনক আন্তর্ব্যক্তিক সম্পর্ক গড়ে তোলা বা বজায় রাখায় সমস্যা;
- সাধারণ পরিস্থিতিতে অসঙ্গত আচরণ বা অনুভূতি;
- সুখহীনতা বা বিষণ্ণতাবোধের একটি সাধারণ অনুভূতি; অথবা
- ব্যক্তিগত ও স্কুলজনিত সমস্যার সঙ্গে সম্পর্ক আছে এমন বাহ্যিক লক্ষণ বা ভীতিসঞ্চারের প্রবণতা।

আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন** 3: IEP শিরোনামের অধীনে।
**IEP মিটিং**

ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার (ELL): ইংরেজি ভাষা শিক্ষার্থী ("বহুভাষীক শিক্ষার্থী" বলাও হয়) হলো এমন শিক্ষার্থী যে বাড়িতে ইংরেজি ব্যতীত অন্য একটি ভাষায় কথা বলে এবং ইংরেজিতে NYSITELL এবং/অথবা NYSESLAT দক্ষতা পরীক্ষায় স্টেট নির্ধারিত স্তরের নিচে নম্বর পেয়েছে।

ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ (ENL): ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামে শিক্ষকরা শিক্ষার্থীদের সাথে তাদের মাতৃভাষায় সহায়তা নিয়ে তাদের স্পিকিং (বলা), রাইটিং (লেখা) এবং লিসেনিং (শোনা)-এর দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষার্থীদের সাথে কাজ করেন। প্রোগ্রামের লক্ষ্য হলো শিক্ষার্থীকে ইংরেজিতে সক্ষমতা প্রদানে সহায়তা দেওয়া।

মূল্যায়ন: শিক্ষার্থীর শিক্ষা কর্মসূচি উন্নয়নে ব্যবহারের জন্য তার সামর্থ্য ও দুর্বলতার তথ্য সংগ্রহ করার প্রক্রিয়া। মূল্যায়ন, পর্যবেক্ষণ এবং সাক্ষাত্কার লব্ধ তথ্য শিক্ষার্থীর বর্তমান সক্ষমতার স্তর ও শিক্ষা চাহিদা নির্ণয়ে সহায়তা করবে।

সমাপণী সারসংক্ষেপ: যখন কোন IEP-যুক্ত শিক্ষার্থী আর স্পেশাল এডুকেশন লাভের যোগ্য থাকবে না—হয় সে (a) লোকাল বা রিজেন্টস্ স্বীকৃত ডিপ্লোমা অর্জনের কারণে, কিংবা (b) বয়স-সংক্রান্ত যোগ্যতা না থাকার কারণে (যে বছর শিক্ষার্থীর বয়স হবে 21)—তখন তাকে "সমাপণী সারসংক্ষেপ" (Exit Summary) দেয়া হবে। একটি সমাপণী সারসংক্ষেপ শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক সাফল্য এবং ক্রিয়াশীলতার কার্যসম্পাদনার সারাংশ এবং তা কীভাবে শিক্ষার্থীকে তার মাধ্যমিক-উত্তর লক্ষ্য অর্জনে সহায়তা দেওয়া যায়, সে ব্যাপারে সুপারিশ প্রদান করে।

**দীর্ঘায়িত স্কুল বছর (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY) পরিষেবা:** দীর্ঘায়িত স্কুল বছর পরিষেবাগুলো হলো জুলাই থেকে অগাস্ট পর্যন্ত দেয়া স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা। এটা সুপারিশ করা হয় সেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে প্রদান করা হয় যাদের ব্যাপক পিছিয়ে পড়া রোধে গ্রীষ্মের ছুটিতেও বিশেষ শিক্ষা পরিষেবা প্রদান করা আবশ্যক হয়।

ESY সুপারিশকৃত IEP-যুক্ত শিক্ষার্থীরা হতে পারে:

- সেপ্টেম্বর-জুন মাসগুলোর মতো জুলাই-অগাস্ট মাসে একই প্রোগ্রাম ও পরিষেবা লাভ করবে; অথবা
- জুলাই-অগাস্ট মাসে কম কঠোর পরিষেবা লাভ করবে।

যদি ESY পরিসেবা সুপারিশ করা হয়, তাহলে IEP জুলাই-অগাস্ট মাসে যে প্রোগ্রাম ও পরিষেবা দিতে হবে, সেটা নির্দিষ্ট করে দেবে।

**ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (বিনামূল্যে যথোপযুক্ত সরকারি শিক্ষা, FAPE):** স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও রিলেটেড সার্ভিস যা সরকারি ব্যয়ে, সরকারি তত্ত্বাবধানে এবং নির্দেশে, এবং পিতামাতাদের কাছ থেকে অর্থ আদায় না করে, প্রদান করা হয়।

**ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্ট (ব্যবহারিক আচরণগত মূল্যায়ন, এফবিএ):** যখন কোন শিক্ষার্থী সমস্যা সৃস্টিকারী আচরণে লিপ্ত হয় যা তার নিজের ও অন্যদের লেখাপড়ায় বিঘ্ন সৃষ্টি করে, কিংবা যা শিক্ষার্থী বা অন্যদের ক্ষতির বা আহত হওয়ার ঝুঁকিতে ফেলে দেয়, তখন একটি কার্যকর আচরণগত মূল্যায়ন পরিচালনা করা হতে পারে। কার্যকর আচরণগত মূল্যায়ন হলো একটি প্রক্রিয়া যা নিচের বিষয়গুলো সনাক্ত করায় ব্যবহার করা হয়:

- আচরণের কারণসমূহ
- প্রতিবিধানের জন্য সম্ভাব্য হস্তক্ষেপ

**সাধারণ শিক্ষার পাঠ্যক্রম:** সামগ্রিক জ্ঞান ও দক্ষতার পরিধি যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ সব শিক্ষার্থী আয়ত্ত করবে বলে প্রত্যাশা করা হয়।

শ্রুতি বৈকল্য: এটি একটি প্রতিবন্ধিত্ব শ্রেণি, যাকে চিহ্নিত করা হয় শ্রবণক্ষমতা লোপ পাওয়ার উপর ভিত্তি করে যা শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রভাব ফেলে, কিন্তু সেটা বধিরতা সংজ্ঞার আওতায় পড়ে না। এ ধরনের শ্রবণক্ষমতা স্থায়ীভাবে লোপ পেতে পারে বা উঠানামা করতে পারে। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন 3:** IEP শিরোনামের অধীনে। IEP **মিটিং**

**স্বাস্থ্য পরিষেবা:** স্কুল চলাকালে একজন নার্স অথবা স্বাস্থ্য-সংক্রান্ত আধাপেশাদারের সহায়তা আবশ্যক হয় এমন চিকিত্সা এবং/অথবা স্বাস্থ্যগত চাহিদাযুক্ত শিক্ষার্থীদের প্রদত্ত একধরনের সংশ্লিষ্ট পরিষেবা। এসব পরিষেবার উদাহরণ হতে পারে খাওয়ানো, হাঁটাচলায় বা স্থানান্তরণে সাহায্য, শোষণ করা অথবা মূত্রনিষ্কাশনে সাহায্য করা।

**হাই স্কুল ডিপ্লোমা:** শিক্ষার্থী হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়ার জন্য আবশ্যক কোর্স ও পরীক্ষা সাফল্যের সাথে সম্পন্ন করেছে, সেটা প্রদর্শন করতে এই সার্টিফিকেট প্রদান করা হয়।

**বাড়িতে শিক্ষানির্দেশনা:** বাড়িতে নির্দেশনা একটি শিক্ষাগত পরিষেবা যা প্রদান করা হয় প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের যারা কোন শারীরীক বা মানসিক অবস্থার কারণে স্কুলে যেতে অপারগ।

**হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভে (HLIS):** শিক্ষার্থীদের বাড়িতে ইংরেজি ব্যতীত অপর একটি ভাষায় কথা বলা হয় কিনা, সেটা নির্ধারণের জন্য পিতামাতাদের কাছে প্রশ্ন।

**হাসপাতালে শিক্ষানির্দেশনা:** স্কুলে উপস্থিতিত হতে শারীরিক অবস্থা প্রতিবন্ধকতা সৃষ্টি করে, হাসাপাতালে থাকা শিক্ষার্থীদের হাসপাতালে প্রদত্ত সাময়িক শিক্ষা পরিষেবা।

**নিরপেক্ষ শুনানি:** একটি নিরপেক্ষ শুনানি হলো এমন একটি প্রশাসনিক পদক্ষেপ যা DOE-এর কর্মচারি নন, একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তার সামনে পরিচালিত হয়। এটি বিচারের মতো, তবে আনুষ্ঠানিকতা কম।

পিতামাতা ও স্কুল ডিস্ট্রিক্ট উভয়ই যুক্তি, সাক্ষী এবং, যদি থাকে, প্রমাণ পেশ করেন। নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়ার উপর আরও তথ্যের জন্য, **সেকশন 8:**দেখুন **নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়া** শিরোনামের অধীনে **সহায়তা** প্রাপ্তি।

**স্বাধীন মূল্যায়ন:** কোন পিতামাতা DOE-এর অর্থ-ব্যয়ে একটি স্বাধীন মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন, যদি তিনি DOE-এর দ্বারা সম্পাদিত মূল্যায়নের সাথে দ্বিমত পোষণ করেন। এ অনুরোধ শিক্ষার্থীর IEP টিমের কাছে লিখিতভাবে জানাতে হবে। DOE হয় স্বাধীন মূল্যায়নের জন্য অর্থ পরিশোধ করতে একমত হবে অথবা DOE সম্পাদিত মূল্যায়ন যে যথাযথ ছিলো, সেটা প্রদর্শনের জন্য একটা ন্যায্য প্রক্রিয়ার অভিযোগ জমা দেবে।

এছাড়াও পিতামাতা মূল্যায়নের জন্য নিজ অর্থ ব্যয় করতে পারেন অথবা ইনস্যুরেন্সের মাধ্যমেও মূল্যায়ন করাতে পারেন। আপনি যদি কোন স্বাধীন মূল্যায়ন করিয়ে থাকেন এবং তা IEP টিমের দ্বারা বিবেচনা করাতে চান, তাহলে IEP মিটিং-এর আগে DOE স্টাফদের বিষয়টি অবহিত করার ব্যাপারটি নিশ্চিত করবেন।

**ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP):** IEP কোন শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্যতার প্রমাণ দেয় এবং শিক্ষার্থীর অনন্য চাহিদার উপযুক্ত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা পরিকল্পনাকে সংগঠিত করে। এতে ছেলেমেয়ের সুনির্দিষ্ট তথ্য এবং এসব চাহিদা পূরণের জন্য তৈরি শিক্ষাগত কর্মসূচি অন্তর্ভুক্ত থাকে, যার মধ্যে আছে:

- একজন শিক্ষার্থীর বর্তমান অগ্রগতি এবং/অথবা স্কুল কার্যসম্পাদনা ও লক্ষ্য যা একটি স্কুল বছরে যৌক্তিকভাবে অর্জন করা সম্ভব;
- স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও রিলেটেড সার্ভিস (যার অন্তর্ভুক্ত আছে: কাউন্সেলিং ও স্পিচ, অক্যুপেশন্যাল বা ফিজিকাল থেরাপি), প্যারাপ্রফেশন্যালের সহায়তা; সহায়ক প্রযুক্তি; আচরণগত হস্তক্ষেপ ও অভিযোজন;
- অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে অংশগ্রহণ, যতটুকু পর্যন্ত সম্ভব;
- কতো তারিখ থেকে, কখন, কতো ঘন ঘন, কোথায় এবং কতো কাল ধরে পরিষেবা প্রদান করা শুরু হবে, তার তারিখ জানার; এবং
- কোন শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপের উপায়।

**ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-এর টিম:** IEP টিম হলো সদস্যদের একটি গ্রুপ যারা আপনার সন্তানের কোন প্রতিবন্ধিতা আছে কি না বা তার স্পেশাল এডুকেশন সার্ভিস প্রয়োজন কি না, এবং প্রয়োজন হলে কোন সার্ভিসগুলো উপযুক্ত, তা নির্ণয় করতে তথ্য বিনিময় করে ও একসাথে কাজ করে। আপনি আমাদের IEP টিমের একজন আবশ্যিক সদস্য। IEP টিম যদি প্রমাণের উপর ভিত্তি করে নির্ধারণ করে যে আপনার সন্তানের কোন প্রতিবন্ধিতা রয়েছে এবং স্পেশাল এডুকেশন সার্ভিস আবশ্যিক, তাহলে সে সভায় একটি IEP তৈরি করা হবে। IEP টিম সদস্যদের মধ্যে যারা থাকতে পারবেন, কিন্তু তা নিম্নলিখিতদের মধ্যে সীমিত নয়:

- একজন সাধারণ শিক্ষার শিক্ষক;
- স্পেশাল এডুকেশন টিচার;
- স্কুল সাইকোলজিস্ট;
- সোশ্যাল ওয়ার্কার;
- ডিস্ট্রিক্ট প্রতিনিধি;
- পিতামাতা হিসেবে আপনি; এবং
- আপনার সন্তান।

**ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP):** আপনার সন্তান যদি নিউ ইয়র্ক সিটিতে কোন প্রাইভেট বা ধর্মী স্কুলে ভর্তি থাকে বা আগামীতে ভর্তি হবে, এবং IEP টিম জানে যে আপনার সন্তান স্পেশাল এডুকেশনের যোগ্য, তাহলে IEP টিম IEP-এর স্থলে একটি ইনডিভিজুয়ালাইজড এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম (IESP) তৈরি করবে। আপনার সন্তান যখন প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলে পড়বে তাকে যে স্পেশাল এডুকেশন পরিষেবা এবং/অথবা সম্পর্কিত পরিষেবা প্রদান করা হবে সেটি তার IESP-তে বর্ণিত থাকবে।

**ইনডিভিজ্যুয়ালস্ উইদ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট (প্রতিবন্ধিতাযুক্তদের জন্য শিক্ষা বিধি, IDEA):** IDEA একটি ফেডারেল আইন যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের 3 বছর বয়স থেকে যে বছর শিক্ষার্থী 21 বছর হবে অথবা হাই স্কুল ডিপ্লোমা নিয়ে গ্র্যাজুয়েট করছে সেই বছর অবধি ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে FAPE লাভ করার অধিকার দেয়।

**প্রাথমিক সুপারিশ:** প্রাথমিক সুপারিশ হলো একটি অনুরোধ, শিক্ষার্থীর প্রতিবন্ধিতা আছে কি না এবং তার স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে কি না, সেটা নির্ধারণের জন্য স্পেশাল এডুকেশন মূল্যায়ন প্রক্রিয়া যার দ্বারা শুরু হয়। প্রাথমিক সুপারিশ করতে পারেন শিক্ষার্থীর পিতামাতা, শিক্ষার্থীর DOE স্কুলের প্রিন্সিপ্যাল, কিংবা শিক্ষার্থীর CSE-এর চেয়ারপারসন। প্রাথমিক সুপারিশ করতে পিতামাতাকে শিক্ষার্থীর মূল্যায়নের জন্য DOE স্কুল বা CSE বরাবর একটি লিখিত অনুরোধ জমা দিতে হবে।

**জ্ঞানগত প্রতিবন্ধিত্ব:** এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ যা চিহ্নিত করা হয় গড়পড়তা জ্ঞানগত সক্রিয়তার চাইতে উল্লেখযোগ্যভাবে নিম্নতর এবং অভিযোজনগত আচরণের অভাব দ্বারা। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন 3: IEP** শিরোনামের অধীনে। IEP **মিটিং**

**দোভাষী/অনুবাদক:** একজন ব্যক্তি যিনি পিতামাতার পছন্দের ভাষায়/যোগাযোগের মাধ্যমে অথবা শিশুর ভাষায় কথা বলেন এবং পিতামাতা এবং/অথবা শিক্ষার্থীর মূল্যায়নে দোভাষীর ভূমিকা পালন করেন।

**শিখন প্রতিবন্ধিত্ব:** এটা একটি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ যাকে চিহ্নিত করা হয় বোধগম্যতার সাথে সংশ্লিষ্ট এক বা একাধিক মৌলিক মনোবৈজ্ঞানিক প্রক্রিয়া বা ভাষা (কথ্য বা লিখিত) ব্যবহারের ক্ষেত্রে বিশৃঙ্খলার দ্বারা। কোন কিছু শোনা, চিন্তা করা, কথা বলা, পড়া, লিখা, বানান করা কিংবা অঙ্কের হিসাব করায় ত্রুটিপূর্ণতাকে এটা অন্তর্ভুক্ত করবে। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন 3: IEP** শিরোনামের অধীনে। **IEP মিটিং**

**লীস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ, LRE):** IEP টিম একটি স্পেশাল এডুকেশন সার্ভিসের সুপারিশ করবে যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে লীস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ, LRE) FAPE প্রদান করবে। এর অর্থ আপনার সন্তানকে তার অপ্রতিবন্ধী সহপাঠীদের সঙ্গে একত্রে যতটুকু পর্যন্ত উপযুক্ত হয়, শিক্ষালাভ করবে। প্রতিবন্ধী শিক্ষার্থীদের বিশেষ ক্লাসে, আলাদা স্কুলে অথবা সাধারণ শিক্ষার পরিবেশ থেকে কেবল তখনই সরান হয় যখন প্রতিবন্ধিতার প্রকৃতি ও তীব্রতা এত যে, সম্পূরক সহায়তা ও পরিষেবা ব্যবহার করেও সন্তোষজনক শিক্ষালাভ সম্ভব হবে না। লীস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট তাই শিক্ষার্থীবিশেষের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন হয়।

**সীমিত সচলতা:** সীমিত চলাচলক্ষম শিক্ষার্থী হলো সে, যে চলাচলে সহায়ক যন্ত্র বা সরঞ্জাম- যেমন হুইলচেয়ার, ওয়াকার, ক্রাচ, বা ছড়ি ব্যবহার করে- পরিবেশের সাথে সমন্বয়বিধানের জন্য, কিংবা কোন শিক্ষার্থী যে স্কুলের পরিবেশের সাথে কষ্টের সাথে মানিয়ে চলে এবং/অথবা তার সতীর্থদের চাইতে ধীরগতিতে চলে, হতে পারে সেটা তার পেশীগত দুর্বলতা, বা সহ্যক্ষমতার অভাবে, কিংবা অন্য কোন কারণে। চলাচলে সুনির্দিষ্ট প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর, তা শারীরিক বা ইন্দ্রিয়গত যাই হোক না কেন, যার জন্য ভবনের নকশা বাধা সৃষ্টিকারী হতে পারে, কর্মসূচিতে অভিগম্যতার জন্য তাকে অবশ্যই আইন মোতাবেক প্রবেশের প্রয়োজনীয় সুবিধা দিতে হবে।

**লোকাল ডিপ্লোমা:** লোকাল ডিপ্লোমা হলো সেফটি নেট-এর জন্য যোগ্য এবং উচ্চতর রিজেন্টস্ বা রিজেন্টস্ ডিপ্লোমার মান অর্জন বা অতিক্রম করতে পারবে না যেসব শিক্ষার্থী, তাদের বেছে নেওয়ার জন্য একটি বিকল্প হাই স্কুল ডিপ্লোমা। সেফটি নেট প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের একটি হাই স্কুল ডিপ্লোমা অর্জনে সহযোগিতার জন্য বাড়তি নমনীয়তার সুযোগ দেয়। যদি কোন শিক্ষার্থী সেফটি নেট সুবিধা ব্যবহার করে, তাহলে সে একটি লোকাল ডিপ্লোমা অর্জন করবে। গ্রাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে **সেকশন** 6: দেখুন। IEP-**যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন.**

**ব্যবস্থাপনা চাহিদা:** শিক্ষার্থীর ব্যবস্থাপনা চাহিদার উল্লেখ থাকে IEP-তে, যার অন্তর্ভুক্ত থাকে পরিবেশগত পরিবর্তনের ধরন ও পরিমাণ, মানব সম্পদ, কিংবা বস্তুগত সহায়-সঙ্গতি, যা কোন শিক্ষার্থীকে শিক্ষানির্দেশনা থেকে সুবিধা গ্রহণে সক্ষমতা দেয়।

**ম্যানিফেস্টেশন ডিটারমিনেশন রিভিউ (MDR):** ম্যানিফেস্টেশন ডিটারমিনেশন রিভিউ (লক্ষণ নির্ণয় পর্যালোচনা, MDR) হলো পিতামাতা ও স্কুল কমিউনিটির সদস্যদের মধ্যে একটি সভা। এটি অনুষ্ঠিত হয় তখন, যখন কোন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী শাস্তিমূলক স্থানান্তরের মুখোমুখী হয়। শাস্তিমূলক স্থানান্তরের ঘটনা ঘটে যখন কোন শিক্ষার্থীকে সুপারিনটেনডেন্টের সাসপেনশন, প্রিন্সিপ্যালের সাসপেনশন, এবং/অথবা শিক্ষক কর্তৃক অপসারণের কারণে তার চলমান শিক্ষাগত প্রোগ্রাম থেকে অপসারণ করা হয়:

- পর পর মোট 10 স্কুল দিবসের জন্য; কিংবা
- একটি স্কুল বছরে মিলিতভাবে 10 স্কুল দিবসের জন্য বিশেষ একটি ধরনের অপসারণের ফলে।

MDR শিক্ষার্থীর প্রতিবন্ধিতা, অপসারণের কারণস্বরূপ আচরণ, এবং সে আচরণটি তার প্রতিবন্ধিতা বা শিক্ষার্থীর IEP বাস্তবায়নের ব্যর্থতার সাথে সংশ্লিষ্ট কি না, তা নিয়ে একটি আলোচনাকে অন্তর্ভুক্ত করবে।

**মধ্যস্থতা:** মধ্যস্থতা একটি গোপনীয়, স্বেচ্ছা প্রক্রিয়া যা মানুষকে আনুষ্ঠানিক যথাযথ প্রক্রিয়ার শুনানি ছাড়াই বিবাদ মীমাংসার সুযোগ দেয়। একজন নিরপেক্ষ মধ্যস্থতাকারী প্রত্যেক ব্যক্তি বা দলকে যে বিষয়গুলোতে সহায়তা দেন:

- নিজ নিজ দৃষ্টিভঙ্গী ও অবস্থান প্রকাশ করার, এবং
- অন্য মানুষদের দৃষ্টিভঙ্গী ও অবস্থান বুঝার।

মধ্যস্থতাকারীগণ সমস্যা নিয়ে মানুষদেরকে আলোচনার এবং সমাধানে পৌঁছার সুযোগ দেন। কোন সমাধান সুপারিশ করা বা কোন অবস্থান বা পক্ষ অবলম্বন করা তাদের ভূমিকা নয়। মধ্যস্থতায় প্রত্যেকে যদি কোন কিছুতে একমত হন, সেটাকে একটি চুক্তিতে আবদ্ধ হওয়া হিসেবে বিবেচনা করা হয়। এর অর্থ হলো এ নিয়ে আপিল করা যাবে না।

**ডাক্তারি পরীক্ষা:** শিক্ষার্থীর শারীরিক ও স্বাস্থ্যগত অবস্থা সম্পর্কে ডাক্তারের রিপোর্ট যা IEP মিটিং-এর সময়ে বিবেচনায় নেয়া হয়।

**সংশোধন:** সংশোধন বিষয়বস্তু এবং/অথবা পাঠ্যক্রমের শিক্ষানির্দেশনার স্তর বদলে দেয়। বিশেষ ব্যবস্থা যেখানে কাঠামো বা প্রক্রিয়া পরিবর্তন করে, সংশোধন সেখানে পাঠ্য বিষয়বস্তুর কঠোরতার স্তর বা পরিমাণের ক্ষেত্রে পরিবর্তন করে। সংশোধন করা হয় প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য যারা নির্দেশক যা পড়াচ্ছেন তার সবকিছু বুঝতে পারে না। যেমন, সাধারণ শিক্ষার ক্লাসে অন্তর্ভুক্ত এলেমেন্টারি স্কুল শিক্ষার্থী যাদের জ্ঞানগত প্রতিবন্ধিতা হেতু বিষয় অনুধাবনে সমস্যা হয় তাদের জন্য অ্যাসাইনমেন্টের সংখ্যা যথেষ্ট কমান এবং সহজ করা হতে পারে।

**মাল্টিলিংগুয়াল লার্নার:** একজন মাল্টিলিংগুয়াল লার্নার ("বহুভাষীক শিক্ষার্থী" বলাও হয়), যাদেরকে "ইংরেজি ভাষা শিক্ষার্থী"ও (ELL) বলা হয়, তারা হলো এমন শিক্ষার্থী, যারা বাড়িতে ইংরেজি ব্যতীত অন্য একটি ভাষায় কথা বলে এবং ইংরেজিতে NYSITELL এবং/অথবা NYSESLAT দক্ষতা পরীক্ষায় স্টেট নির্ধারিত স্তরের নিচে নম্বর পেয়েছে।

**বহু প্রতিবন্ধিত্ব:** এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ যা কোন শিক্ষার্থীর একাধিক প্রতবন্ধিত্ব থাকলে ব্যবহার করা হয়, যেমন বুদ্ধিপ্রতিবন্ধিত্ব ও অন্ধত্ব, বুদ্ধিপ্রতিবন্ধিত্ব ও বধিরতা, ইত্যাদি। এ ধরনের মিশ্রিত শিক্ষাগত চাহিদা শুধুমাত্র একটি প্রতিবন্ধিত্বের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম দিয়ে মেটানো সম্ভব নয়। পরিভাষাটি বধিরত্ব-অন্ধত্ব অন্তর্ভুক্ত করে না। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন** 3: IEP শিরোনামের অধীনে। IEP **মিটিং**

**নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (NYSESLAT):** NYSESLAT দেয় কিন্ডারগার্টেন থেকে 12 গ্রেড পর্যন্ত ইংরেজি ভাষা শিক্ষার্থীরা (ELLs)। তারা ESL এবং বা ইলিঙ্গুয়াল (দ্বিভাষী) পরিষেবা লাভ অব্যাহত থাকবে যতক্ষণ পর্যন্ত না NYSESLAT-এ তাদের স্কোর থেকে বুঝা যায় যে তারা ইংরেজি ভাষায় দক্ষ এবং তাদের আর বাড়তি সহায়তার প্রয়োজন নেই।

**নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (NYSITELL):** শিক্ষার্থীর ইংরেজি ভাষায় দক্ষতা ও দ্বিভাষিক/EN পরিষেবার চাহিদা নিরূপণে প্রদত্ত একটি পরীক্ষা।

**নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত নন-পাবলিক স্কুল:** এগুলো বেসরকারিভাবে পরিচালিত স্কুল যা স্পেশাল এডুকেশনের সুযোগ দেয় এবং এগুলো নিউ ইয়র্ক স্টেট কর্তৃক অনুমোদিত।

**অ-প্রতিবন্ধী:** যে শিক্ষার্থীর কোন প্রতিবন্ধিত্ব আছে বলে শ্রেণিভুক্ত হয়নি এবং কোন স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণ করে না।

**সুপারিশের নোটিস:** স্পেশাল এডুকেশন সার্ভিসের সুপারিশ পাওয়ার পাঁচ দিনের মধ্যে পিতামাতাদের কাছে পাঠানো একটি চিঠি।

**অকুপেশনাল থেরাপি:** কোন ছেলেমেয়েকে স্কুল ভিত্তিক মানিয়ে চলা ও ক্রিয়াশিলতার দক্ষতা বজায় রাখা, উন্নত করা, অথবা সংরক্ষণ করায় সহায়তা প্রদানের জন্য তৈরি একটি রিলেটেড সার্ভিস (সম্পর্কিত পরিষেবা) হলো অকুপেশনাল থেরাপি।

**ওরিয়েন্টেশন অ্যান্ড মবিলিটি সার্ভিস:** স্কুল ব্যবস্থার অভন্তরে কীভাবে নিরাপদে চলাফেরা করতে হয়, এসব পরিষেবা শিক্ষার্থীদেরকে সেটা শেখায়। একজন শিক্ষার্থী কোথায় আছে, কোথায় যাবে, এবং কীভাবে সেখানে নিরাপদে যেতে পারবে, এসব পরিষেবা তাদেরকে সেটা শেখায়। ওরিয়েন্টেশন অ্যান্ড মবিলিটি সার্ভিস চোখের সমস্যায় আক্রান্ত শিক্ষার্থীদের প্রদান করা হয়।

**অস্থিজনিত (অর্থপেডিক) বৈকল্য:** এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ যা ব্যবহার করা হয় কোন শিক্ষার্থীর শরীরে মারাত্মক সমস্যার কারণে প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদনায় বিরূপ প্রভাব বিস্তার করলে। এই শব্দটির অন্তর্ভুক্ত বৈকল্য যা হয়ে থাকে:

- জন্মগত অসঙ্গতি (ক্লাবফুট, অঙ্গ-প্রত্যঙ্গের অনুপস্থিতি, ইত্যাদি)
- রোগ (পলিওমাইলাইটিস, বোন টিউবারকিউলোসিস, ইত্যাদি)
- অন্য কারণসমূহ (সেরিব্রাল পালসি, অঙ্গ কেটে বাদ দেয়া এবং ভেঙ্গে যাওয়া অথবা পোড়া যা থেকে কনট্র্যাকচারস্ হতে পারে)

আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন 3: IEP** শিরোনামের অধীনে।
**IEP মিটিং**

**প্যারাপ্রফেশনাল:** প্যারাপ্রফেশন্যালগণ শিক্ষার্থীদেরকে, একক কোন শিক্ষার্থীকে, শিক্ষার্থীদের একটি গ্রুপকে, কিংবা পুরো ক্লাসকে সহায়তা প্রদান করেন।

- IEP-তে সুপারিশকৃত একজন প্যারাপ্রফেশন্যাল (কোন একক শিক্ষার্থী বা শিক্ষার্থী গ্রুপের জন্য) হলেন "IEP-নিযুক্ত প্যারাপ্রফেশন্যাল।"।
- পুরো ক্লাসরুমের পরিষেবাদানকারী প্যারাপ্রফেশন্যাল হলেন "ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল"।
- একজন প্যারাপ্রফেশন্যাল যিনি সুপারিশকৃত শিক্ষানির্দেশনার ভাষায় দ্বিভাষীক এবং কোন দ্বিভাষীক ক্লাসে ভর্তির অপেক্ষায় থাকা শিক্ষার্থীদের পরিষেবা দেন, তিনি হলেন "অল্টারনেট প্লেসমেন্ট প্যারাপ্রফেশন্যাল" (ভর্তির বিকল্প প্যারাপ্রফেশন্যাল)।

একটি IEP নিযুক্ত প্যারাপ্রফেশন্যাল নিম্নলিখিত কাজগুলোর কোন একটি করবেন:

- আচরণগত সহায়তা
- স্বাস্থ্য (হেলথ্)
- টয়লেটিং
- ওরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি

**পিতামাতা সদস্য:** একজন পিতামাতা সদস্য হলেন নিউ ইয়র্ক সিটি বা আশেপাশের স্কুল ডিস্ট্রিক্টগুলোর প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়ের পিতামাতাদের একজন যিনি IEP মিটিংগুলোতে অংশগ্রহণ করতে পারেন। পিতামাতাদের অধিকার আছে কোন IEP মিটিং-এ 72 ঘণ্টার নোটিসে একজন পিতামাতা সদস্যের অংশগ্রহণের অনুরোধ জানাবার (লিখিত)।

**অন্তর্বর্তী সময়:** যখন কোন পিতামাতা বা DOE একটি নিরপক্ষে শুনানির অনুরোধ জানাবেন, তখন ন্যায্য প্রক্রিয়ার কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত সন্তানের অধিকার আছে "ঐক্যমত্যের ভিত্তিতে সর্বশেষ প্রতিষ্ঠানে" অবস্থান করার। এমন অবস্থানকে বলা হয় অন্তর্বর্তী সময়। নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়ার উপর আরও তথ্যের জন্য, **সেকশন** 8:দেখুন **নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়া** শিরোনামের অধীনে **সহায়তা** প্রাপ্তি।

**পিতামাতার ভূমিকা পালনকারী ব্যক্তি:** কিছু কিছু পরিস্থিতিতে পিতামাতা নন এমন ব্যক্তি যিনি পিতামাতার ভূমিকা পালন করতে পারেন। পিতামাতার ভূমিকা পালনকারী ব্যক্তি হলেন স্পেশাল এডুকেশন প্রক্রিয়া জুড়ে IEP টিমের একজন সদস্য। যদি শিক্ষার্থীর জীবনে জন্মদাতা পিতামাতা কখনো ফিরে আসেন এবং পিতামাতার দায়িত্বগ্রহণ করেন তাহলে IEP টিম সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় তাদের সংশ্লিষ্ট করবেন এবং পিতামাতার ফিরে আসার পরে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তিকে আর স্বীকার করবেন না।

**পছন্দের ভাষা:** পিতামাতা যে ভাষায় কথা বলতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন, এটি সে ভাষা। এটি বাড়িতে নিয়মিত ব্যবহৃত ভাষা হতে পারে আবার নাও হতে পারে।

**পূর্ব লিখিত নোটিস:** এটি একটি অবহিতকরণ বিজ্ঞপ্তি যা DOE পিতামাতার/পিতামাতাদের কাছে পাঠায়। এই নোটিফিকেশন পিতামাতাকে/পিতামাতাদেরকে অবহিত করবে যে DOE পরিচিতি পরিবর্তন, মূল্যায়ন, শিক্ষাগত স্থানান্তরকরণ সুচনার প্রস্তাব করছে।

**মনোরোগ-সংক্রান্ত মূল্যায়ন:** এটি একটি বিশেষায়িত মূল্যায়ন যা স্কুলে সাফল্য অর্জনে প্রতিবন্ধক মারাত্মক মানসিক এবং/অথবা আচরণগত সমস্যার ক্ষেত্রে একজন মনোচিকিৎসক (সাইকায়েট্রিস্ট) পরিচালনা করেন।

**মানসিক মূল্যায়ন:** সার্বিক শিখনে একজন শিক্ষার্থীর সামর্থ্য এবং দুর্বলতা এবং সে অন্যান্য ছেলেমেয়ে ও প্রাপ্তবয়স্কদের সঙ্গে নিজের সম্পর্ককে কেমন দেখে তা পরিমাপের জন্য একজন লাইসেন্সধারী সাইকোলজিস্ট পরিচালিত মূল্যায়ন।

**সুপারিশ:** IEP সভায় স্পেশাল এডুকেশন সহায়তা ও পরিষেবা সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত।

**পুনর্মূল্যায়ন:** ইতিমধ্যে স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণরত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর জন্য পরিচালিত একটি মূল্যায়ন। কমপক্ষে প্রতি তিন বছর পর পর এবং অনুরোধসাপেক্ষে একটি পুনর্মূল্যায়ন পরিচালিত হবে। শিক্ষার্থীর শিক্ষক, পিতামাতা অথবা স্কুল ডিস্ট্রিক্ট এই পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন। বছরে একবারের বেশি পুনর্মূল্যায়ন করা হবে না যদি না স্কুল ও পিতামাতা অন্যভাবে সম্মত হন।

**সুপারিশ:** শিক্ষার্থীর প্রতিবন্ধিতা আছে কি না এবং তার স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে কি না, সেটা নির্ধারণের জন্য একটি প্রাথমিক সুপারিশ স্পেশাল এডুকেশন মূল্যায়ন প্রক্রিয়া শুরু করে। একটি সুপারিশ করতে পারবেন স্কুলের প্রিন্সিপ্যাল, CSE চেয়ারপার্সন, কিংবা কোন পিতামাতা।

রিজেন্টস্ ডিপ্লোমা: নিউ ইয়র্ক স্টেটে, তিন ধরনের ডিপ্লোমা রয়েছে: লোকাল ডিপ্লোমা, রিজেন্টস্ ডিপ্লোমা, এবং উচ্চতর রিজেন্টস্ ডিপ্লোমা। একটি রিজেন্টস্ ডিপ্লোমা অর্জনের জন্য নির্দিষ্ট পরীক্ষা ও ক্রেডিটের শর্ত রয়েছে। গ্রাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে **সেকশন 6:** দেখুন। IEP-**যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন.**

রিলেটেড সার্ভিসেস (সম্পর্কিত পরিষেবা): রিলেটেড সার্ভিস (সম্পর্কিত পরিষেবা) হলো সেসব পরিষেবা যা কোন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে শিক্ষার অর্থপূর্ণ সুবিধা লাভের জন্য দেওয়া আবশ্যক হতে পারে। এগুলোর মধ্যে থাকতে পারে কাউন্সেলিং, অকুপেশনাল থেরাপি, ফিজিক্যাল থেরাপি, স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি, অরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি সার্ভিসেস এবং অন্যান্য সহায়তা পরিষেবা।

রিলেটেড সার্ভিসেস অথরাইজেশন (RSA): একটি RSA লেটার পিতামাতাদেরকে দেওয়া হবে যা তাদেরকে DOE-এর অর্থে নির্দিষ্ট রিলেটেড সার্ভিস DOE-বহির্ভূত কোন প্রদানকারীর কাছ থেকে গ্রহণ করার সুযোগ দেবে। যখন DOE যথাসময়ে প্রদানের জন্য কোন রিলেটেড সার্ভিস প্রদানকারী সনাক্ত করতে না পারে, তখন এটা পিতামাতাদের জন্য ইস্যু করা হবে।

অনুরোধকৃত পর্যালোচনা: পিতামাতার অনুরোধ জানানর পর সেটা অব্যাহত রাখা হবে কি না, তা নির্ণয় করতে ছেলেমেয়ের IEP পর্যালোচনার জন্য একটি IEP মিটিং ডাকা হতে পারে।

রেসপন্স টু ইন্টার্ভেনশন (RtI): রেসপন্স টু ইন্টার্ভেনশন (হস্তক্ষেপের ফলাফল, RtI) হলো একটি প্রক্রিয়া যা স্কুলগুলো আলাদাভাবে শিক্ষার্থীদের সাথে শিক্ষণ অনুশীলন এবং তাদের জন্য সবচেয়ে কার্যকর সহায়তার স্তর মানানসইকরণে ব্যবহার করে।

রেজোল্যুশন মিটিং: পিতামাতা একটি ন্যায্য প্রক্রিয়া বিষয়ক অভিযোগ (এটাকে "নিরপেক্ষ শুনানির অনুরোধ"ও বলা হয়), জমা দেয়ার পর অভিযোগের সমস্যা নিয়ে আলোচনার জন্য DOE ও পিতামাতা একটি মীমাংসা বৈঠকে মিলিত হবেন। এই বৈঠককে বলা হয় "রিজোল্যুশন মিটিং" (মীমাংসা বৈঠক)। নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়ার উপর আরও তথ্যের জন্য, **সেকশন 8:**দেখুন **নিরপেক্ষ হিয়ারিং প্রক্রিয়া** শিরোনামের অধীনে **সহায়তা** প্রাপ্তি।

সেফটি নেট: সেফটি নেট (নিরাপত্তা বেষ্টনী) প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের বিকল্প পরীক্ষার বাধ্যবাধকতা পূরণ করে একটি লোকাল ডিপ্লোমা অর্জনের সুযোগ দেয়। এই বিকল্পের সুযোগ আছে IEP-যুক্ত শিক্ষার্থীদের, যেসব শিক্ষার্থীদের এমন একটি 504 পরিকল্পনা আছে যা নির্দিষ্টভাবে সেফটি নেট-এর যোগ্যতার কথা উল্লেখ করে দেয়, এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যাদেরকে 8–12 গ্রেডে বর্গ চ্যুত করণ (ডিক্ল্যাসিফায়েড) করে দেওয়া হয় এবং যাদের সর্বশেষ IEP-তে সেফটি নেট যোগ্যতার কথা উল্লেখ করা আছে। গ্রাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে **সেকশন 6:** দেখুন। **IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন.**

স্বল্প-মেয়াদী লক্ষ্য বা ধাপসমূহ: স্বল্প-মেয়াদী লক্ষ্যসমূহ হলো অন্তর্বর্তী ধাপসমূহ, যা বার্ষিক লক্ষ্য অর্জন করতে হলে অবশ্যই শিখতে হবে। ধাপসমূহ হলো গুরুত্বপূর্ণ মাইলফলক যা শিক্ষার্থীরা প্রদর্শন করবে, এটা বার্ষিক লক্ষ্য অর্জনের পথে অগ্রসর করে। স্বল্প-মেয়াদী লক্ষ্য বা ধাপসমূহ লিখিত হবে এবং তা বিকল্প মূল্যায়নে অংশগ্রহণকারী সকল স্কুল-বয়সী শিক্ষার্থীর IEP-তে স্মারক হিসেবে উল্লেখ করা থাকবে।

স্কিলস্ অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (SACC): এই নন-ডিপ্লোমা ক্রেডেনশিয়াল (প্রারম্ভিক প্রশংসাপত্র) সেসব IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য পাওয়া যাবে, যারা বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করে এবং কিন্ডাগার্টেন ছাড়া কমপক্ষে 12 বছর স্কুলে গিয়েছে। এটার সাথে সংযুক্ত করতে হবে শিক্ষার্থীর দক্ষতা, সামর্থ্য এবং স্বনির্ভরতার স্তর, শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক স্বনির্ভরতার স্তর, পেশাগত উন্নয়ন এবং স্কুল-পরবর্তী জীবন যাপন, লেখাপড়া ও কর্মক্ষেত্রে প্রয়োজনীয় মৌলিক দক্ষতাসমূহের প্রমাণ।

কোন শিক্ষর্থী যে একমাত্র সমাপণী প্রশংসাপত্র হিসেবে একটি SACC অর্জন করে, সে একটি রিজেন্টস্ বা লোকাল ডিপ্লোমা পাওয়া পর্যন্ত, কিংবা যে স্কুল বছরে

তার বয়স হবে, সে বছরের সমাপ্তি পর্যন্ত স্কুলে অবস্থান করার যোগ্য। গ্রাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে **সেকশন 6:** দেখুন। IEP-**যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন**.

সামাজিক ইতিহাস: একটি সামাজিক ইতিহাস বৈঠক (সোশ্যাল হিস্টরি মিটিং) হলো কোন শিক্ষার্থীর সামাজিক সম্পর্কসমূহ সহ স্বাস্থ্য, পরিবার এবং লেখাপড়ার ইতিহাস। এই সাক্ষাৎকার শিক্ষার্থীর মূল্যায়নের অংশ এবং তা সাধারণত কোন স্কুলের সোশ্যাল ওয়ার্কার পরিচালনা করে থাকেন।

স্পেশাল ক্লাস: স্পেশাল ক্লাসের সকল শিক্ষার্থীর এমন একটা IEP আছে যেখানে তাদের যেসব প্রয়োজনের কথা উল্লেখ আছে যা একটি সাধারণ ক্লাসরুমে পূরণ করা সম্ভব নয়। স্পেশাল এডুকেশন টিচার, বিশেষভাবে প্রস্তুতকৃত শিক্ষানির্দেশনা দিয়ে স্পেশাল ক্লাসে শিক্ষকতা করেন।

বিশেষভাবে প্রস্তুতকৃত শিক্ষানির্দেশনা: বিশেষভাবে তৈরি করা শিক্ষানির্দেশনা, যা গঠিত হয় অভিযোজিত পাঠ্যবিষয়বস্তু, পাঠদান পদ্ধতি (শিক্ষানির্দেশনা প্রদানে শিক্ষকতার প্রক্রিয়া), কিংবা শিক্ষার্থীর প্রতিবন্ধিত্ব থেকে উদ্ভূত অনন্য চাহিদা পূরণ করার জন্য প্রয়োজনীয় শিক্ষানির্দেশনা। বিশেষভাবে প্রস্তুতকৃত শিক্ষানির্দেশনার উদ্দেশ্য হলো এটা নিশ্চিত করা যে, শিক্ষার্থীর সুযোগ আছে সাধারণ শিক্ষা পাঠ্যক্রম লাভের এবং সে স্কুল ডিস্ট্রিক্টের শিক্ষাগত মান অর্জনে সক্ষম যা সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য।

বাক অথবা ভাষা প্রতিবন্ধিত্ব: এটা একটি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ যা চিহ্নিত করা হয় একটি যোগাযোগ বিষয়ক সমস্যা দ্বারা— যেমন তোতলামি, উচ্চারণে অস্পষ্টতা, ভাষা সমস্যা অথবা কণ্ঠস্বরে সমস্যা— যা শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রতিক্রিয়া ফেলে। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন 3: IEP** শিরোনামের অধীনে। IEP **মিটিং**

স্পিচ-ল্যাঙ্গুয়েজ থেরাপি: স্পিচ-ল্যাঙ্গুয়েজ (বাক-ভাষা) থেরাপি হলো একটি রিলেটেড সার্ভিস যা ছেলেমেয়ের যোগাযোগ দক্ষতা বৃদ্ধির প্রতি অভিনিবেশ প্রদান করে স্কুলের পরিবেশে বিভিন্ন অ্যাকাডেমিক ও সামাজিক অবস্থায় ছেলেমেয়ের শ্রবণ, কথন, পঠন ও লিখন দক্ষতাকে উন্নত করে।

উত্তরণ: IEP-যুক্ত শিক্ষার্থীর ক্ষেত্রে "উত্তরণ" (ট্র্যাঞ্জিশন)-এর অর্থ হলো হাই স্কুল পরবর্তী জীবনের জন্য পরিকল্পনা করা। শিক্ষার্থীর বয়স যখন 14 হয়, তখন থেকে শুরু করে শিক্ষার্থী গ্র্যাজুয়েট হওয়া বা কিংবা যে শিক্ষা বছর শিক্ষার্থী বয়স 21 হবে, সে বছরের শেষ পর্যন্ত IEP টিম প্রতিটি IEP মিটিং-এ শিক্ষার্থীর লক্ষ্য, উত্তরণকালীন চাহিদা, উত্তরণ বিষয়ক কর্মকাণ্ড নিয়ে আলোচনা করবে। উত্তরণ নজর দেয় শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক অগ্রগতি অর্জন এবং শিক্ষা, চাকরি ও স্বনির্ভর জীবন যাপন সহ বিভিন্ন পরিস্থিতিতে সক্রিয় সফলতা অর্জনের প্রতি। এটি একটি শিক্ষার্থী-কেন্দ্রীক প্রক্রিয়া। এর অর্থ হলো, এটা প্রত্যেক শিক্ষার্থীর অনন্য সক্ষমতা, চাহিদা এবং প্রাধান্যের প্রতি গুরুত্ব দেয়। আপনার অধিকার সম্পর্কে আরও তথ্যের জন্য **সেকশন 7: হাই স্কুল উত্তরণ পরিকল্পনা** দেখুন, অথবা **ফ্যামিলি গাইড ফর ট্রানজিশন প্ল্যানিং দেখুন।**

দোভাষী: একজন ব্যক্তি যে পিতামাতা এবং/অথবা শিক্ষার্থীর মূল্যায়নের সামনাসামনি আলোচনার সময় অথবা ফোনে ইংরেজি থেকে পিতামাতা অথবা শিক্ষার্থীর অগ্রাধিকারের ভাষায় মৌখিকভাবে দুই পক্ষের যোগাযোগে সহায়তা করে।

অনুবাদক: একজন ব্যক্তি যে কোন ডকুমেন্ট/মূল্যায়নের টেক্সট এক ভাষা থেকে অন্য ভাষায় পরিবর্তন করে।

মস্তিষ্কে ট্রমাজনিত জখম: এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ যা ব্যবহার করা হয় যখন কোন শিক্ষার্থী কোন প্রকার শারীরীক আঘাতের কারণে বা কোন শারীরীক অবস্থা, যেমন স্ট্রোক, এনসেফালাইটিস, অ্যানুরিজম, কিংবা অ্যানোক্সিয়া বা ব্রেন টিউমারের

কারণে মস্তিষ্কে জখম হয়ে থাকে যা তার প্রাতিষ্ঠানিক সাফল্য বিরূপ প্রভাব ফেলে। পরিভাষাটি জন্মের সময় ছিলো বা জন্মের সময় ট্রমাজনিত জখম অন্তর্ভুক্ত করে না। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন 3: IEP** শিরোনামের অধীনে। **IEP মিটিং**

ট্র্যাভেল ট্রেনিং: ট্র্যাভেল ট্রেনিং (ভ্রমণ বিষয়ে ট্রেনিং) সার্ভিস হলো স্বল্প-মেয়াদী, সামগ্রিক, এবং বিশেষভাবে প্রস্তুতকৃত শিক্ষানির্দেশনা যা অন্ধত্ব বা দৃষ্টি প্রতিবন্ধিত্ব ছাড়া অন্যান্য প্রতিবন্ধিতাযুক্ত হাই স্কুল শিক্ষার্থীদের বাড়ি থেকে বিভিন্ন গন্তব্যে (সাধারণত স্কুলে বা কাজের জায়গায়) যাতায়াতে গণপরিবহন যানবাহন বা ব্যবস্থাসমূহ নিরাপদে ও স্বাধীনভাবে ব্যবহার করা শিক্ষা দেয়। যোগ্য শিক্ষার্থী, যাদের বয়স 14 এবং তদোর্ধ, তারা ট্র্যাভেল ট্রেনিং সার্ভিত পেতে পারে।

বার-মাস স্কুল বছরের পরিষেবাসমূহ: দীর্ঘায়িত স্কুল ইয়ার সার্ভিসেস (স্কুল বছর পরিষেবা, ESY) দেখুন।

দৃষ্টি প্রতিবন্ধিত্ব: এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ যা ব্যবহার করা হয় কোন শিক্ষার্থীর দৃষ্টপ্রতিবন্ধিত্ব থাকলে, এমন কি প্রতিকারমূলক ব্যবস্থা থাকা সত্ত্বেও যখন শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদনায় বিরূপ প্রভাব বিস্তার করে। এই পরিভাষা আংশিক দৃষ্টিক্ষমতা ও অন্ধত্ব উভয়ই অন্তর্ভুক্ত করে। আরও তথ্যের জন্য **প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ** দেখুন যা আছে **সেকশন 3: IEP** শিরোনামের অধীনে। **IEP মিটিং**

বৃত্তিমূলক মূল্যায়ন: শিক্ষার্থী যখন হাই স্কুল গ্র্যাজুয়েট এবং প্রাপ্ত বয়স্ক জীবনের জন্য প্রস্তুত হতে থাকে, তখন একটি বৃত্তিমূলক মূল্যায়ন (ভোকেশন্যাল অ্যাসেসমেন্ট) শিক্ষার্থী, পরিবার ও স্কুলকে শিক্ষার্থীর চাহিদা, আগ্রহ এবং উদ্দীপনা সম্পর্কে আলোচনা শুরু করায় সহায়তা করে। এগুলো প্রথমে সকল প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর জন্য 12 বছর বা তদোর্ধ বয়সে (অথবা যে ক্যালেন্ডার বছরে মূল্যায়ন সম্পন্ন করা হবে, ঐ বছর শেষে যার বয়স 12 হবে)। বৃত্তিমূলক দক্ষতা, ঝোঁক ও আগ্রহ নির্ণয়ের জন্য একটি লেভেল 1 বৃত্তিমূলক মূল্যায়নের অন্তর্ভুক্ত থাকে স্কুল রেকর্ড পর্যালোচনা, শিক্ষকের মূল্যায়ন, এবং পিতামাতা ও শিক্ষার্থীর সাক্ষাৎকার। আপনার অধিকার সম্পর্কে আরও তথ্যের জন্য **সেকশন 7: হাই স্কুল উত্তরণ পরিকল্পনা** দেখুন, অথবা **ফ্যামিলি গাইড ফর ট্রানজিশন প্ল্যানিং** দেখুন।



# স্পেশাল এডুকেশন সার্ভিসের ফ্যামিলিগাইড

**স্কুল-বয়সী ছেলেমেয়ের জন্য**

বাড়তি তথ্যের জন্য 718-935-2007 নম্বরে ফোন করুন।
অথবা www.schools.nyc.gov/specialeducationসাইট দেখুন

NYC Department of Education